ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী

২০০১ - ২০০২

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী ২০০১-২০০২

অর্থ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এম. সাইফুর রহমান

মন্ত্রী

অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুখবন্ধ

দেশের সার্বিক অর্থনৈতিক প্রবৃদ্ধিতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ভূমিকা অনস্বীকার্য। সাধারণ জনগণের পুঁজি সংগ্রহ করে তা' উৎপাদনমুখী বিনিয়োগের মাধ্যমে সম্পদ সৃষ্টি, ব্যবসা বাণিজ্যের লেনদেন সহজীকরণ এবং আর্থিক কর্মকাণ্ডের প্রসার ও বিকাশ ঘটানো মূলত এ সকল প্রতিষ্ঠানের লক্ষ্য। এই বিবেচনায় বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর পরই ব্যাংকিং ব্যবস্থাকে আরও দক্ষ ও গতিশীল করার প্রয়োজনীয়তা অনুভব করে। ক্রমপুঞ্জিভূত কু-ঋণের প্রভাবে ব্যাংকিং প্রতিষ্ঠানের নাজুক অবস্থা এবং বিগত সরকারের মূলধন বাজার সম্পর্কে সম্যক ধ্যান-ধারণার অভাবে এবং অপরিণামদর্শী নীতির কারণে ১৯৯৭ সালে মূলধন বাজারে ধস নামে। ফলে মূলধন বাজার সম্পর্কে জনগণের যে আস্থা বিনষ্ট হয়েছে, তা' আর ফিরে আসেনি এবং আমাদের আর্থিক কর্মকাণ্ড আজও এগুলোর প্রভাব মুক্ত হতে পারেনি। এ সকল সমস্যা নতুন সরকারের সামনে এক বিশেষ চ্যালেঞ্জ হিসেবে দেখা দেয়।

অর্থনীতির ক্রমবিশ্বায়নের ফলে বিশ্বব্যাপী, বিশেষ করে যুক্তরাষ্ট্রের গত কয়েক বছরের অব্যাহত অর্থনৈতিক প্রবৃদ্ধির গতি সম্প্রতি স্তিমিত হয়ে পড়ায় এবং জাপানের অর্থনীতির অন্তর্নিহিত সমস্যার কারণে বিশ্ব অর্থনীতিতে নেতিবাচক প্রভাব পড়ে। বিশ্ব অর্থনীতির বিরাজমান এ অবস্থায় ২০০১ সালের ১১ ই সেপ্টেম্বর যুক্তরাষ্ট্রের বিশ্ব বাণিজ্য কেন্দ্রে সন্ত্রাসী হামলার কারণে বিশ্ব অর্থনীতিতে এক বিপর্যয়কর অবস্থার সৃষ্টি হয় এবং এর প্রভাব বাংলাদেশেও অনুভূত হয়। তাই বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর পরই ব্যাংকিং খাতে আর্থিক ব্যবস্থাপনায় বিভিন্নমুখী সংস্কার কর্মসূচীর উপর গুরুত্বারোপ করে। ঋণ-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতিকল্পে রাষ্ট্রায়ত্ব এবং বেসরকারী বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের উপর কেন্দ্রিয় ব্যাংকের তত্ত্বাবধান নিবিড় করা হয়েছে। আর্থিক খাতে অনুসৃত সংস্কার কর্মসূচীর আওতায় ব্যাংকসমূহের নিজস্ব এখতিয়ার বৃদ্ধির সাথে সাথে ব্যাংক পর্ষদকে আরো সুসংহত করে তাঁদের কর্মকাণ্ডের জবাবদিহিতা ও স্বচ্ছতা বৃদ্ধি করা হয়েছে। এ সকল কর্মসূচীর পাশাপাশি খেলাপী ঋণ আদায় কার্যক্রম জোরদার করায় দেশে ঋণ-শৃঙ্খলা পরিস্থিতির উল্লেখযোগ্য উন্নতি সাধিত হয়েছে। শ্রেণী বিন্যাসিত ঋণের হার ক্রমান্বয়ে হ্রাস পেয়ে ডিসেম্বর'২০০১ এ ঋণ পরিস্থিতির শতকরা ৩১.৫ ভাগে নেমে এসেছে। ডিসেম্বর'২০০০ সালে এ হার ছিল ৩৪.৯ ভাগ।

রাষ্ট্রায়ত্ব ব্যাংকসহ সকল তফসিলী ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মকাণ্ডের গতিশীলতা নিশ্চিত এবং সেবার মান উন্নত করতে সরকার ইতোমধ্যে কিছু প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। এ ক্ষেত্রে আরও ব্যাপক ও কার্যকর কর্মসূচী সরকারের সক্রীয় বিবেচনাধীন রয়েছে এবং পর্যায়ক্রমে তা বাস্তবায়ন করা হবে। মুক্ত বাজার অর্থনীতিতে আর্থিক খাতে অনুসৃত 'বেস্ট প্র্যাকটিস' এবং সুস্থ প্রতিযোগিতা আমাদের ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান অনুসরণ করবে বলে সরকার মনে করে।

অর্থনৈতিক কর্মকাণ্ডে ঋণ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে এবং ব্যাংকিং খাতে সুদের হার অধিকতর যুক্তিসংগত করার উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক ইতোমধ্যে ব্যাংক রেট ৭ শতাংশ থেকে নামিয়ে ৬ শতাংশে পুনঃনির্ধারণ করেছে। রপ্তানী বাণিজ্যের মন্দা কাটিয়ে অর্থনীতিকে সতেজ করার লক্ষ্যে রপ্তানী ঋণের সুবিধাজনক সুদের হারের পরিসীমা তৈরী পোশাক, হিমায়িত খাদ্য ও কৃষি পণ্য রপ্তানীর ক্ষেত্রে শতকরা ৮-১০ ভাগ থেকে কমিয়ে ৭ ভাগে নির্ধারণ করা হয়েছে। মাঝারী ও ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টি এবং এ সব উদ্যোগকে ব্যাংক ব্যবস্থাপনায় অর্থায়নের মাধ্যমে দেশের প্রান্তিক পর্যায়ে অর্থনৈতিক কর্মকাণ্ডের প্রসার ঘটানোর ব্যবস্থা নেয়া হয়েছে। দারিদ্র বিমোচনে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে সুনির্দিষ্ট দিক-নির্দেশনা ও লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া হয়েছে। গৃহীত এ সকল পদক্ষেপ অর্থনৈতিক প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ সহায়ক ভূমিকা রাখবে বলে আশা করা যায়।

বর্তমান সরকার কর্তৃক গত অক্টোবর'২০০১ মাসে দায়িত্ব গ্রহণের সময় বৈদেশিক মুদ্রার মজুদের পরিমাণ সাম্প্রতিক কালের সর্বনিম্ন ১০৫৭ মিলিয়ন মার্কিন ডলার ছিল। সরকারের কতিপয় সময়োচিত পদক্ষেপ গ্রহণ এবং তা দ্রুত বাস্তবায়নের ফলে সে সময়ের বিরাজমান সংকট মোকাবেলা করে বৈদেশিক মুদ্রা মজুদ পরিস্থিতির উন্নয়ন সাধন সম্ভব হয়। সর্বশেষ ৩০শে এপ্রিল'২০০২ তারিখে এ মজুদ বৃদ্ধি পেয়ে ১৪৭৮ মিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়। রপ্তানী ও আমদানী বাণিজ্যের মন্দা পুরোপুরি না কাটলেও বর্তমান সরকারের দ্রুত পদক্ষেপের ফলে বিদেশে কর্মরত বাংলাদেশীদের প্রেরীত অর্থের পরিমাণ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। তাঁদের কষ্টার্জিত বৈদেশিক মুদ্রা বৈধ পথে প্রেরণে উৎসাহিত করার লক্ষ্যে সুনির্দিষ্ট কর্ম পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। রাষ্ট্রায়ত্ব ব্যাংকসমূহকে রেমিটেন্স প্রেরণ দ্রুত ও সহজ করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে নির্দেশ দেয়ার পাশাপাশি বিদেশে এ সকল ব্যাংকের কয়েকটি নতুন এক্সচেঞ্জ হাউজ / বুথ স্থাপন করা হয়েছে। অবৈধ পন্থায় অর্থ প্রেরণ প্রতিরোধে মানিলন্ডারিং প্রতিরোধ আইন'২০০২ পাশ করা হয়েছে। এ সব পরিকল্পিত ব্যবস্থা গ্রহণের ফলে বর্তমান অর্থ বছরে জুলাই '২০০১ - মার্চ '২০০২ সময়ে ওয়েজ আর্নার্স রেমিটেন্সের পরিমাণ ১৮১৭ মিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়, যা গত অর্থ বছরের একই সময়ে প্রেরিত ১৩৬৫ মিলিয়ন মার্কিন ডলারের তুলনায় শতকরা ৩৩ ভাগ বেশী।

ব্যাংকিং ব্যবস্থায় মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে ইতোমধ্যে কেন্দ্রীয় ব্যাংকসহ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। দেশের ব্যাংক ও আর্থিক খাত সংস্কার প্রক্রিয়ার ধারাবাহিকতায় কেন্দ্রীয় ব্যাংককে আধুনিকায়ন করার লক্ষ্যে বিশ্ব ব্যাংকের আর্থিক সহায়তায় একটি কারিগরি প্রকল্প গ্রহণ করা হয়েছে যার আওতায় কেন্দ্রীয় ব্যাংকের ভবিষ্যৎ প্রাতিষ্ঠানিক কাঠামো ও মানব সম্পদ উন্নয়ন এবং কম্পিউটারায়ন প্রক্রিয়া বাস্তবায়ন করা হবে।

আমি আশা করি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা কর্মচারীবৃন্দ, ব্যাংক পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দ এবং আর্থিক খাতে সংশ্লিষ্ট সকল ব্যক্তিবর্গ আন্তরিকতা ও নিষ্ঠার সাথে তাঁদের দায়িত্ব পালন করবেন এবং বর্তমান আর্থিক খাতে শৃঙ্খলা, জবাবদিহিতা, স্বচ্ছতা ও সর্বোপরি প্রবৃদ্ধি নিশ্চিত করতে বর্তমান সরকারকে সার্বিক সহযোগিতা প্রদান করবেন। আমার বিশ্বাস সকলের সমবেত প্রচেষ্টায় দেশে একটি গণমুখী, কল্যাণকর আর্থিক ব্যবস্থা প্রতিষ্ঠা করা সম্ভব হবে।

সাইফুর রহমান

(এম, সাইফুর রহমান)
মন্ত্রী
অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়
গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৭/৫/2002

সূচীপত্র

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলীর সংক্ষিপ্ত পর্যালোচনা — পৃষ্ঠা

- ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী — i

কেন্দ্রীয় ব্যাংক ঃ

- বাংলাদেশ ব্যাংক — ১

রাষ্ট্রায়ত্ব ব্যাংক ঃ

- সোনালী ব্যাংক — ১৫
- জনতা ব্যাংক — ২১
- অগ্রণী ব্যাংক — ২৬
- রূপালী ব্যাংক লিমিটেড — ৩১
- ব্যাংক অব স্মল ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স বাংলাদেশ লিমিটেড — ৩৫

স্থানীয় বেসরকারী ব্যাংক ঃ

- পূবালী ব্যাংক লিমিটেড — ৪১
- উত্তরা ব্যাংক লিমিটেড — ৪৫
- ন্যাশনাল ব্যাংক লিমিটেড — ৪৯
- দি সিটি ব্যাংক লিমিটেড — ৫৩
- ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড — ৫৮
- আরব বাংলাদেশ ব্যাংক লিমিটেড — ৬২
- ইন্টারন্যাশনাল ফাইনান্স ইনভেস্টমেন্ট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড — ৬৬
- ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড — ৭০
- আল বারাকা ব্যাংক বাংলাদেশ লিমিটেড — ৭৫
- ইস্টার্ণ ব্যাংক লিমিটেড — ৭৯
- ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড — ৮৩
- প্রাইম ব্যাংক লিমিটেড — ৮৭
- সাউথ ইস্ট ব্যাংক লিমিটেড — ৯১
- ঢাকা ব্যাংক লিমিটেড — ৯৫
- আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড — ৯৯
- সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেড — ১০৩
- ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড — ১০৭
- মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড — ১১১
- স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড — ১১৫
- ওয়ান ব্যাংক লিমিটেড — ১১৯
- এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ লিমিটেড — ১২৩
- বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড — ১২৭
- মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড — ১৩১
- ফার্স্ট সিকিউরিটি ব্যাংক লিমিটেড — ১৩৫
- দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড — ১৩৯
- ব্যাংক এশিয়া লিমিটেড — ১৪৩
- দি ট্রাস্ট ব্যাংক লিমিটেড — ১৪৭
- শাহজালাল ব্যাংক লিমিটেড — ১৫১
- যমুনা ব্যাংক লিমিটেড — ১৫৫
- ব্র্যাক ব্যাংক লিমিটেড — ১৫৯

বিদেশী বেসরকারী ব্যাংক

- আমেরিকান এক্সপ্রেস ব্যাংক লিমিটেড — ১৬৩
- স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক — ১৬৭

- স্ট্যান্ডার্ড চার্টার্ড গ্রীন্ডলেজ ব্যাংক লিমিটেড ১৭১
- হাবিব ব্যাংক লিমিটেড ১৭৫
- স্টেট ব্যাংক অব ইন্ডিয়া ১৭৮
- ক্রেডিট এগ্রিকোল ইন্দোসুয়েজ (দি ব্যাংক) ১৮২
- ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান ১৮৬
- মুসলিম কমার্শিয়াল ব্যাংক লিমিটেড ১৯০
- সিটি ব্যাংক এনএ ১৯৪
- হানভিট ব্যাংক ১৯৭
- দি হংকং এন্ড সাংহাই ব্যাংকিং কর্পোরেশন লিমিটেড ২০১
- শামিল ব্যাংক অব বাহরাইন ইসি (ইসলামিক ব্যাংকার্স) ২০৫

বিশেষায়িত ব্যাংক

- বাংলাদেশ কৃষি ব্যাংক ২০৯
- রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ২১৪
- বাংলাদেশ শিল্প ব্যাংক ২২০
- বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা ২২৫

আর্থিক প্রতিষ্ঠান

- আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক ২৩০
- বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড ২৩৪
- গ্রামীণ ব্যাংক ২৩৬
- কর্মসংস্থান ব্যাংক ২৩৯
- ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ ২৪৩
- বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন ২৫৩
- সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড ২৫৬
- ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট লীজিং কোম্পানী অব বাংলাদেশ ২৬০
- জি এস পি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লিমিটেড ২৬৪
- বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লিমিটেড ২৬৭
- ভ্যানিক বাংলাদেশ লিমিটেড ২৭১
- দি ইউ এ ই-বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড ২৭৪
- ফিনিক্স লীজিং কোম্পানী লিমিটেড ২৭৭
- বে লীজিং এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড ২৮০
- প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড ২৮৩
- ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড ২৮৭
- ইন্টারন্যাশনাল লীজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড ২৯০
- ওমান-বাংলাদেশ লীজিং এন্ড ফিন্যান্স লিমিটেড ২৯৪
- ইন্ডাস্ট্রিয়াল প্রমোশন এন্ড ডেভেলপমেন্ট কোম্পানী অব বাংলাদেশ ২৯৭
- উত্তরা ফিন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিমিটেড ৩০০
- ইউনাইটেড লীজিং কোম্পানী লিমিটেড ৩০৩
- ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড ৩০৬
- পিপলস লীজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড ৩০৯
- ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড ৩১১
- ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড ৩১৩
- মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড ৩১৫
- ফার্স্ট লীজ ইন্টারন্যাশনাল লিমিটেড ৩১৯
- বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড ৩২২
- ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ৩২৫
- চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ ৩২৮

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলীর সংক্ষিপ্ত পর্যালোচনা

সুশৃংখল আর্থিক ব্যবস্থাপনা দেশের অর্থনৈতিক উন্নয়নের অন্যতম পূর্বশর্ত। এ কারণে বর্তমান সরকার দেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সুস্থ বিকাশের লক্ষ্যে নানাবিধ ব্যবস্থা ও প্রয়োজনীয় সংস্কারমূলক পদক্ষেপ গ্রহণের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের হালনাগাদ চিত্র এবং এ সকল প্রতিষ্ঠানের কার্যাবলীর সংক্ষিপ্ত পর্যালোচনা থেকে বিষয়টি স্পষ্ট হবে বলে আশা রাখি।

২। অর্থ বছর ২০০১-২০০২ এর জানুয়ারি ২০০২ শেষে বাংলাদেশে তফসিলী ব্যাংকের সংখ্যা দাঁড়ায় ৫১টি। এর মধ্যে রাষ্ট্রায়ত্ব খাতে ৪টি বাণিজ্যিক ব্যাংক ও ৫টি বিশেষায়িত ব্যাংক, ৩০টি স্থানীয় বেসরকারি বাণিজ্যিক ব্যাংক এবং ১২টি বিদেশী বাণিজ্যিক ব্যাংক অন্তর্ভুক্ত রয়েছে। ৩০টি স্থানীয় বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের মধ্যে ৪টি ইসলামী ব্যাংক রয়েছে এবং একটি বেসরকারি ব্যাংক প্রচলিত ব্যাংকিং ব্যবস্থার পাশাপাশি তাঁদের দুটি শাখার মাধ্যমে ইসলামী ব্যাংকিং অব্যাহত রেখেছে। এছাড়া, বিদেশী ব্যাংকগুলোর মধ্যেও একটি ইসলামী ব্যাংক রয়েছে। জানুয়ারী ২০০২ শেষে বাংলাদেশে কার্যরত তফসিলী ব্যাংকসমূহের মোট শাখার সংখ্যা দাঁড়ায় ৬২৪২টি, যার মধ্যে শহরাঞ্চলে রয়েছে ২৫১১টি (মোট ব্যাংক শাখার ৪০.২%) এবং অবশিষ্ট ৩৭৩১টি (মোট ব্যাংক শাখার ৫৯.৮%) মফস্বলে অবস্থিত। মোট ব্যাংক শাখার মধ্যে রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের শাখা ৩৬০৮টি, বেসরকারী ব্যাংকের শাখা ১৩৩৮টি, বিদেশী ব্যাংকের শাখা ৩১টি এবং বিশেষায়িত ব্যাংকের শাখা ১২৬৫টি। উল্লিখিত তফসিলী ব্যাংক ছাড়াও দেশে ১টি সমবায় ব্যাংক, ১টি আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, ১টি কর্মসংস্থান ব্যাংক ও ১টি গ্রামীণ ব্যাংক রয়েছে।

৩। আর্থিক খাতে শৃংখলা প্রতিষ্ঠা ও এই খাতের ভিত মজবুত করার লক্ষ্যে সরকার রাষ্ট্রায়ত্ত ব্যাংকসমূহের দীর্ঘদিন ধরে অব্যাহতভাবে লোকসানী কিছু শাখা বন্ধ/ব্যাংকের অন্য শাখার সঙ্গে একীভূত করার উদ্যোগ নিয়েছে। রাষ্ট্রায়ত্ত ব্যাংকের অব্যাহতভাবে লোকসানী শাখাসমূহ বন্ধ/অন্য শাখার সঙ্গে একীভূতকরণের ফলে সংশ্লিষ্ট এলাকার স্বাভাবিক অর্থনৈতিক কর্মকান্ড ও আমানতকারীদের স্বার্থ যাতে বিঘ্নিত না হয় সেদিকে বিশেষ নজর দেয়া হচ্ছে। সরকারের গৃহীত সিদ্ধান্ত ও পদক্ষেপসমূহ দেশের আর্থিক খাতের সার্বিক শৃংখলা প্রতিষ্ঠায় ব্যাপক সহায়ক হবে বলে আশা করা যায়।

৪। ব্যাংকিং খাতের পাশাপাশি বেশ কিছু নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান দেশের শিল্প, বাণিজ্য, গৃহায়ন ইত্যাদি খাতে অর্থায়নে নিয়োজিত রয়েছে। ২০০১-২০০২ অর্থ বছরের ৩১ মার্চ পর্যন্ত ২৭টি নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানকে লাইসেন্স প্রদান করা হয়েছে। এর মধ্যে ১৪টি সম্পূর্ণ দেশীয় মালিকানাধীন, ১টি সরকারী মালিকানাধীন এবং ১২টি স্থানীয় ও বিদেশী যৌথ উদ্যোগে (১টি বাংলাদেশ সরকার ও বিদেশী সংস্থা, ২টি বাংলাদেশ সরকার ও বিদেশী সরকার এবং ৯টি বেসরকারি পর্যায়ের দেশী ও বিদেশী উদ্যোগে) প্রতিষ্ঠিত। লাইসেন্স প্রাপ্ত আর্থিক প্রতিষ্ঠানগুলোর পরিশোধিত মূলধন ও রিজার্ভের পরিমাণ দাঁড়িয়েছে ৮৯২.২ কোটি টাকা। ২৮ ফেব্রুয়ারী ২০০২ পর্যন্ত দেশে কার্যরত আর্থিক প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন খাতে ব্যবসায়িক বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ২১৫৬.৪ কোটি টাকায়। ঋণ পরিস্থিতির পর্যালোচনা ও আদায় জোরদার করার জন্য ডিসেম্বর ২০০০ থেকে তফসিলী ব্যাংকগুলোর মত আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রদত্ত ঋণ ও লীজের শ্রেণীকরণ ও প্রভিশনিং এর নিয়ম বর্তমানেও বলবৎ রয়েছে। নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহের আর্থিক লেনদেনে স্বচ্ছতা আনার লক্ষ্যে এ সকল প্রতিষ্ঠান হতে ব্যাংক কোম্পানীসমূহের পরিচালক বা পরিচালকের স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে প্রদত্ত ঋণ/অগ্রীম/লীজ ইত্যাদি সুবিধার প্রয়োজনীয় বিবরণী ত্রৈমাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণের নির্দেশ দেয়া হয়। এ সকল পদক্ষেপ নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহের আর্থিক লেনদেনে স্বচ্ছতা আনার পাশাপাশি দেশের অর্থনীতিতে এদের কাংখিত ভূমিকা পালনে সহায়ক হবে বলে আশা করা যায়।

৫। ২০০১-২০০২ অর্থ বছরের প্রথম আট মাসে (ফেব্রুয়ারী ২০০২ পর্যন্ত) ব্যাংকসমূহের মোট আমানত* ৩৬০৬.৭ কোটি টাকা বা শতকরা ৪.৪ ভাগ বৃদ্ধি পেয়ে ৮৫২৫৯.৮ কোটি টাকায় দাঁড়ায়। আলোচ্য সময়কালে ব্যাংকসমূহের মোট ঋণের স্থিতি ৪৮০৯.৫ কোটি টাকা বা শতকরা ৭.৫ ভাগ বৃদ্ধি পেয়ে ৬৯৩৯২.৬ কোটি টাকায় দাঁড়ায়। আলোচ্য সময়কালে বাংলাদেশ ব্যাংকে ব্যাংকসমূহের নগদ জমা ১৪১৭.৯ কোটি টাকা বৃদ্ধি পায়। এ সময়ে ব্যাংকসমূহের তারল্য পরিস্থিতিও ছিল বেশ সন্তোষজনক।

৬। খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন তথা দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে দেশে কৃষি ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। ২০০১-২০০২ অর্থ বছরের জন্য সরকার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে ৩৩২৬.৬ কোটি টাকার ঋণ বিতরণ কর্মসূচী গ্রহণ করেছে। পূর্ববর্তী বছরে যার পরিমাণ ছিল ৩২৬৫.৯ কোটি টাকা। সাময়িক তথ্যানুযায়ী আলোচ্য অর্থ বছরের ফেব্রুয়ারী ২০০২ পর্যন্ত (আট মাসে) মোট ১৮১৫.১ কোটি টাকা কৃষি ঋণ বিতরণ এবং ১৮৮৫.৭ কোটি টাকা আদায় করা হয়েছে। পূর্ববর্তী বছরের একই সময়ে কৃষি ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ১৭৬১.৯ কোটি টাকা এবং ১৭৭৮.৮ কোটি টাকা। আলোচ্য সময়কালে পূর্ববর্তী বছরের একই সময়ের তুলনায় কৃষি ঋণ বিতরণ শতকরা ৩.০ ভাগ এবং আদায় শতকরা ৬.০ ভাগ বৃদ্ধি পেয়েছে।

৭। অর্থনৈতিক বুনিয়াদকে শক্তিশালী করার লক্ষ্যে দেশে শিল্পায়ন অত্যন্ত জরুরী। এক্ষেত্রে দেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। ২০০১-২০০২ অর্থ বছরের ডিসেম্বর ২০০১ পর্যন্ত সময়কালে (ছয় মাসে) দেশের শিল্প খাতে ব্যাংকসমূহের টার্ম লোন বিতরণ ও আদায়ে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়। আলোচ্য সময়কালে শিল্প খাতে বিতরণকৃত টার্ম লোনের পরিমাণ ১৯৯৬.১ কোটি টাকা বা শতকরা ৭০.১ ভাগ বৃদ্ধি পেয়ে ১৪৮৩৭.১ কোটি টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী বছরের একই সময়কালে এ খাতে ঋণ বিতরণের পরিমাণ ১১৭৩.৮ কোটি টাকা বা শতকরা ৬৮.৩ ভাগ বৃদ্ধি পেয়েছিল। জুলাই-ডিসেম্বর ২০০১ সময়কালে শিল্প খাতে টার্ম লোন আদায়ের পরিমাণ ১৯৫৩.৮ কোটি টাকা বা শতকরা ৭২.৬ ভাগ বৃদ্ধি পায় যা পূর্ববর্তী বছরের একই সময়কালে ১১৩২.১ কোটি টাকা বা শতকরা ৫৪.১ ভাগ বৃদ্ধি পেয়েছিল। আলোচ্য সময়কালে শিল্প খাতে মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ ছিল মোট ঋণ স্থিতির শতকরা ৩৬.৯ ভাগ যা পূর্ববর্তী বছরের একই সময়কালে ছিল মোট ঋণ স্থিতির শতকরা ৩৮.৯ ভাগ। আলোচ্য অর্থ বছরের ৪ নভেম্বর ২০০১ তারিখ হতে দেশে কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বলে শিল্প স্থাপনে ব্যাংকসমূহকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় যা দেশে কৃষি পণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপনে ব্যাপক সহায়ক হবে বলে আশা করা যায়।

* সরকারী আমানতসহ কিন্তু আন্তঃ ব্যাংক লেনদেন বাদে।

৮। গ্রামীণ ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক, আনসার ও ভি ডি পি উন্নয়ন ব্যাংক এবং এনজিওসমূহ পল্লী অঞ্চলে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে বিভিন্ন আয় বর্ধক ও কর্মসংস্থানমূলক কর্মকান্ড অব্যাহত রেখেছে। এ সকল সংস্থা ক্ষুদ্র ঋণ (Micro-credit) বিতরন ও আদায়ের ক্ষেত্রকে আরো প্রসারিত করছে। ২০০১-২০০২ অর্থ বছরের প্রথম সাত মাসে (জানুয়ারী ২০০২ পর্যন্ত) গ্রামীণ ব্যাংক ৮৬৩.৪ কোটি টাকা ঋণ বিতরণ করে। বেশ কিছু ব্যাংকও প্রচলিত ব্যাংকিং কার্যক্রমের পাশাপাশি নিজেদের তত্ত্বাবধানে অথবা নির্বাচিত এনজিওদের সহায়তায় এসব কার্যক্রম পরিচালনা করছে। রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকসমূহ, বিকেবি, রাকাব, বিআরডিবি ও বিএসবিএল কর্তৃক ২০০১-২০০২ অর্থ বছরের প্রথম সাত মাসে (ফেব্রুয়ারী ২০০২ পর্যন্ত) দারিদ্র্য বিমোচন কর্মসূচীর আওতায় বিতরণকৃত মোট ঋণের পরিমাণ দাঁড়ায় ২৯৯.১ কোটি টাকায়। এসব কর্মসূচী মূলতঃ গ্রামীণ অর্থনৈতিক কর্মকান্ড সংশ্লিষ্ট বিধায় তা কর্মসংস্থান বৃদ্ধির সহায়ক এবং গ্রামীণ জনগোষ্ঠীর মধ্যে সচেতনতা সৃষ্টির ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করছে।

৯। কেন্দ্রীয় ব্যাংকের তদারকি ও পরিদর্শন ব্যবস্থা জোরদার ও আধুনিকীকরণে প্রবর্তিত CAMEL RATING পদ্ধতির মাধ্যমে সমস্যা সংকুল ব্যাংকগুলোকে আগাম সতর্ককরণ ব্যবস্থা আলোচ্য বছরেও অব্যাহত থাকে। তাছাড়াও বাংলাদেশ ব্যাংকে গঠিত 'প্রবলেম ব্যাংক মনিটরিং বিভাগ' সমস্যায় পড়া ব্যাংকের কার্যক্রমকে সতর্ক পর্যবেক্ষনে রাখে এবং সে অনুসারে পদক্ষেপ নেয়। 'বৃহদাংক ঋণ সমীক্ষা কোষ' বাণিজ্যিক ব্যাংকগুলোকে বৃহদাংকের ঋণ প্রদানে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বনে পরামর্শ দেয়। 'ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (CIB)'ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের প্রয়োজন অনুসারে ঋণ খেলাপী / খেলাপী ঋণ সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাদি সরবরাহ করে আসছে। সর্বোপরি কেন্দ্রীয় ব্যাংকের নিবিড় তত্ত্বাবধানের ফলে খেলাপী ঋণের মাত্রা ক্রমশঃ হ্রাস পাচ্ছে। ডিসেম্বর ২০০১ শেষে দেশের তফসিলী ব্যাংকসমূহের খেলাপী ঋণের পরিমাণ মোট ঋণ স্থিতির শতকরা ৩১.৫ ভাগে দাঁড়ায়। ডিসেম্বর ২০০০ শেষে দেশের তফসিলী ব্যাংকসমূহের খেলাপী ঋণ ছিল মোট ঋণ স্থিতির শতকরা ৩৪.৯ ভাগ। বাংলাদেশ ব্যাংকে গঠিত উচ্চ ক্ষমতা সম্পন্ন 'ব্যাংক সুপারভিশন কমিটি' ব্যাংক তদারকী ব্যবস্থা আরও জোরদার করেছে। বাংলাদেশ ব্যাংকের কাঠামোগত পুনর্বিন্যাস, মানব সম্পদ উন্নয়ন এবং কম্পিউটারাইজেশন এর লক্ষ্যে বিশ্ব ব্যাংকের আর্থিক সহায়তায় একটি প্রকল্পের কাজ ইতোমধ্যেই শুরু হয়েছে।

১০। দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডে কাংখিত গতি সঞ্চারের লক্ষ্যে ব্যাংকিং, মুদ্রা ও ঋণ নীতির ক্ষেত্রে ২০০১-২০০২ অর্থ বছরের মার্চ ২০০২ পর্যন্ত সময়কালে বাংলাদেশ ব্যাংক বেশ কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করে। ১১ সেপ্টেম্বর ২০০১ তারিখে মার্কিন যুক্তরাষ্ট্রে সংঘটিত সন্ত্রাসী হামলার প্রেক্ষিতে বিশ্ব অর্থনীতিতে সৃষ্ট মন্দার কারণে বাংলাদেশের রপ্তানী বাণিজ্যে অধোগতি সূচিত হয়। দেশের রপ্তানী বাণিজ্যের এ অবনতিশীল অবস্থা থেকে উত্তরণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক গত ২৪ অক্টোবর ২০০১ তারিখে তৈরী পোশাক, হিমায়িত খাদ্য এবং কৃষি ভিত্তিক শিল্প দ্রব্য রপ্তানীর ক্ষেত্রে সুদের হারের পরিসীমা (৮%-১০%) সংশোধনপূর্বক বার্ষিক শতকরা ৭ ভাগে নির্ধারণ করে। ব্যাংক প্রদত্ত ঋণের সুদের হার কমানো এবং ঋণের প্রবাহ বৃদ্ধির মাধ্যমে অর্থনীতিতে গতি সঞ্চারের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক গত ২৪ অক্টোবর ২০০১ তারিখ হতে ব্যাংক রেট বার্ষিক শতকরা ৭ ভাগ হতে কমিয়ে বার্ষিক শতকরা ৬ ভাগে নির্ধারণ করে। দেশের তফসিলী ব্যাংকসমূহের নগদ জমা সংরক্ষণের ক্ষেত্রে Foreign Currency Clearing Account এর তহবিলকে Cash Reserve Requirement বাবদ রক্ষিত স্থিতি হিসাবে গণ্য হবে না মর্মে ব্যাংকসমূহকে নির্দেশ দেয়া হয়। প্রবাসীদের প্রেরিত অর্থের প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক নমনীয় বিনিময় হার নীতি অনুসরণ করে আসছে। এছাড়া, রেমিটেন্সের টাকা দ্রুত বেনিফিসিয়ারীর হিসাবে পরিশোধের নিমিত্ত সংশ্লিষ্ট ব্যাংকসমূহের কম্পিউটারাইজেশন কার্যক্রম জোরদারকরণসহ এ ব্যাপারে সমন্বিত কার্যক্রম গ্রহণের উপর জোর দেয়া হয়েছে। গৃহীত এসব পদক্ষেপের ফলে দেশের অর্থনীতিতে অনেকটা ইতিবাচক প্রভাব পরিলক্ষিত হচ্ছে এবং বৈদেশিক মুদ্রার রিজার্ভ যা ২৯ অক্টোবর ২০০১ তারিখে ১০৫.৭ কোটি ডলারে দাঁড়িয়েছিল তা ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে সর্বশেষ প্রাপ্ত তথ্যানুযায়ী ৩০ এপ্রিল ২০০২ তারিখে ১৪৭.৮ কোটি ডলারে দাঁড়ায়।

১১। দেশী বিদেশী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সমন্বয়ে গঠিত বাংলাদেশের আর্থিক খাত এখন বেশ দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত হতে যাচ্ছে। ব্যাংকসমূহের অর্থব্যবস্থাপনার ক্ষেত্রে যথেষ্ট উন্নতি সাধিত হচ্ছে। আন্তঃ ব্যাংক মুদ্রাবাজারের ব্যাপক কর্মকাণ্ডে এর প্রতিফলন দেখা যায়। এ অবস্থা কেন্দ্রীয় ব্যাংকের উপর ব্যাংকসমূহের নির্ভরশীলতা হ্রাসে উল্লেখযোগ্যভাবে সহায়ক হয়েছে। এছাড়া, আন্তর্জাতিক অভিজ্ঞতাসমৃদ্ধ ব্যাংকসমূহের অনুকরণে দেশীয় ব্যাংকসমূহ তাদের সেবার মান ও অর্থব্যবস্থাপনা উন্নয়নের জন্য নতুন নতুন পদ্ধতি যথা অন-লাইন ব্যাংকিং, ATM, Money Gram, Credit Card ইত্যাদি চালু করছে যা সার্বিকভাবে দেশের ব্যাংকিং ব্যবসার উন্নতির সহায়ক হিসেবে কাজ করছে। আধুনিক প্রযুক্তি যথা ইন্টারনেট, সুইফট (SWIFT) ইত্যাদির মাধ্যমে বাংলাদেশের আর্থিক খাত বর্তমানে বিশ্ব অর্থ বাজারের সাথে সম্পৃক্ত হয়েছে।

১২। দেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মকাণ্ডের গুণগত মানের উৎকর্ষ সাধন করে একটি বলিষ্ঠ ও আধুনিক ব্যাংকিং ব্যবস্থা প্রতিষ্ঠিত করতে সরকার অংগীকারাবদ্ধ। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মকাণ্ডে গতি সঞ্চার করার লক্ষ্যে সরকারের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এ ক্ষেত্রে দেশের সর্বস্তরের জনগণ, বিশেষ করে ঋণ গ্রহীতাদের সহযোগিতা একান্তভাবে প্রয়োজন। মার্কিন যুক্তরাষ্ট্রসহ বিশ্বের শিল্পোন্নত অর্থনীতিতে যে মন্দাভাবের সৃষ্টি হয়েছিল বিশ্ব অর্থনীতির গতি-প্রকৃতির সাম্প্রতিক বিশ্লেষণে তা থেকে উত্তরণের আভাস পরিলক্ষিত হচ্ছে। এ অবস্থায় দেশের ব্যাংকিং ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের চলমান সংস্কার কার্যক্রম আরো জোরদার ও সুসংহত করা গেলে তা দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে এ খাতের ইতিবাচক ভূমিকা নিশ্চিত করবে।

(জাকির আহমেদ খান) ০৭/৫/০২

সচিব

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কেন্দ্রীয় ব্যাংক

বাংলাদেশ ব্যাংক

বাংলাদেশ ব্যাংক প্রতিষ্ঠালগ্ন থেকে দেশের কেন্দ্রীয় ব্যাংক হিসেবে অর্থ-ব্যবস্থাপনা এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সার্বিক তদারকির দায়িত্বে নিয়োজিত। নোট ইস্যুকরণ, বৈদেশিক মুদ্রার রিজার্ভ সংরক্ষণ এবং

বাংলাদেশ ব্যাংক ভবন

সরকারের যাবতীয় লেনদেন ছাড়াও বাংলাদেশ ব্যাংক সরকারের ঘনিষ্ঠ সহযোগিতায় দেশের মুদ্রানীতি প্রণয়ন ও তা বাস্তবায়নের দায়িত্ব পালন করে থাকে। মুদ্রানীতির মূল উদ্দেশ্য যথা ঃ (১) অর্থনৈতিক উন্নয়ন, (২) টাকার অভ্যন্তরীণ ও বৈদেশিক মূল্যমান স্থিতিশীলকরণ, (৩) মূল্যস্তর যুক্তিযুক্ত পর্যায়ে স্থিতিশীল রাখা এবং (৪) দীর্ঘ মেয়াদে দেশের উৎপাদন ক্ষমতা ও কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে। দেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন সাধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ছাড়াও বাংলাদেশ ব্যাংক মুদ্রা বাজারের উন্নয়ন ও স্থিতিশীলতা বজায় রাখার জন্য সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ করে থাকে। গভর্নরসহ ৯ (নয়) সদস্য বিশিষ্ট একটি পরিচালনা পর্ষদ বাংলাদেশ ব্যাংকের কর্মকান্ড পরিচালনা করে থাকে। প্রধান কার্যালয় ছাড়াও বাংলাদেশ ব্যাংকের ঢাকায় দু'টি এবং চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বগুড়া, সিলেট, রংপুর ও বরিশালে একটি করে শাখা রয়েছে। বাংলাদেশ ব্যাংকের ২০০০-২০০১ সালের স্থিতিপত্র সংযোজনী-১-এ দেখানো হলো।

মুদ্রা যোগান (Money Supply)

২০০১-২০০২ অর্থ বছরের প্রথম আট মাসে (জুলাই ২০০১- ফেব্রুয়ারি ২০০২ পর্যন্ত) সংকীর্ণ মুদ্রা (Narrow Money, M1) ১৬৪৯০ মিলিয়ন টাকা (৭.৩৮%) বৃদ্ধি পেয়ে ২০০২ সালের ফেব্রুয়ারি শেষে ২৩৯৯৬৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা পূর্ববর্তী বছরের একই সময়ে বৃদ্ধি পেয়েছিল ১৭৫৪৫ মিলিয়ন টাকা (৮.৮২%)। আলোচ্য অর্থ বছরের এ সময়ে ব্যাপক মুদ্রা (Broad Money, M2) ৬২৩১৩ মিলিয়ন টাকা (৭.১৫%) বৃদ্ধি পেয়ে ৯৩৪০৫৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়, পূর্ববর্তী বছরের অনুরূপ সময়কালে যা বৃদ্ধি পেয়েছিল ৭১৬৬১ মিলিয়ন টাকা (৯.৫৯%)। একই সময়ে রিজার্ভ মুদ্রা ৩৩৫৬৩ মিলিয়ন টাকা (১৭.৭৯%) বৃদ্ধি পেয়ে ২২২৮৩৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা পূর্ববর্তী বছরের অনুরূপ সময়ে বৃদ্ধি পেয়েছিল ৯৫৪০ মিলিয়ন টাকা (৫.৫৯%)। আলোচ্য অর্থ বছরে অর্থের গুণক (Money Multiplier) জুন ২০০১ শেষের ৪.৬১

সারণি-১

মুদ্রা যোগান

(মিলিয়ন টাকায়)

বছর/মাস	জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা	তলবি আমানত	সংকীর্ণ মুদ্রা এম১	পরিবর্তন	মেয়াদি আমানত	ব্যাপক মুদ্রা এম২	পরিবর্তন
২০০০							
মার্চ	১০৮৯৬১	৮৯৩৭৪	১৯৮৩৩৫	+১৩৪৬১	৫১৬৪৪১	৭১৪৭৭৬	+২৪৯৩৫
জুন	১০১৭৬০	৯৭০৫৩	১৯৮৮১৩	+৪৭৮	৫৪৮৮১১	৭৪৭৬২৪	+৩২৮৪৮
সেপ্টেম্বর	১০৫৯০২	৯৩৭৮৯	১৯৯৬৯১	+৮৭৮	৫৭৫২৯৪	৭৭৪৯৮৫	+২৭৩৬১
ডিসেম্বর	১১৬৮৭৭	১০২০৭৩	২১৮৯৫০	+১৯২৫৯	৬০৩৮৮৪	৮২২৮৩৪	+৪৭৮৪৯
২০০১							
মার্চ	১২০২১২	৯৮০৮৭	২১৮২৯৯	-৬৫১	৬০৬৪১৭	৮২৪৭১৬	+১৮৮২
জুন	১১৪৭৮৩	১০৮৬৯০	২২৩৪৭৩	+৫১৭৪	৬৪৮২৬৮	৮৭১৭৪১	+৪৭০২৫
সেপ্টেম্বর	১২১৪৩৫	১০১২৩৯	২২২৬৭৪	-৭৯৯	৬৬১৪৭১	৮৮৪১৪৫	+১২৪০৪
ডিসেম্বর	১২৭৮৭২	১১৪৫৭২	২৪২৪৪৪	+১৯৭৭০	৭০১১৯৬	৯৪৩৬৪০	+৫৯৪৯৫
২০০২							
ফেব্রুয়ারি	১৩৫৮৭৪	১০৪০৮৯	২৩৯৯৬৩	-২৪৮১	৬৯৪০৯১	৯৩৪০৫৪	-৯৫৮৬

নোট ঃ তলবি ও মেয়াদি আমানতে ব্যাংকসমূহে গচ্ছিত সরকারি আমানত এবং আন্তঃ ব্যাংক লেনদেন অন্তর্ভুক্ত নয়। তলবি আমানতে বাংলাদেশ ব্যাংকে গচ্ছিত অ-তফসিলী ব্যাংকসমূহের আমানত অন্তর্ভুক্ত। উৎস ঃ পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

সারণি-২

ব্যাপক মুদ্রা (এম২) ও-এর বিভিন্ন অংশের শতকরা হার

(মিলিয়ন টাকায়)

বছর/মাস	ব্যাপক মুদ্রা এম২	ব্যাপক মুদ্রার শতকরা অংশ হিসাবে		
		জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা	তলবি আমানত	মেয়াদি আমানত
২০০০				
মার্চ	৭১৪৭৭৬	১৫.২৪	১২.৫০	৭২.২৫
জুন	৭৪৭৬২৪	১৩.৬১	১২.৯৮	৭৩.৪১
সেপ্টেম্বর	৭৭৪৯৮৫	১৩.৬৭	১২.১০	৭৪.২৩
ডিসেম্বর	৮২২৮৩৪	১৪.২০	১২.৪১	৭৩.৩৯
২০০১				
মার্চ	৮২৪৭১৬	১৪.৫৮	১১.৮৯	৭৩.৫৩
জুন	৮৭১৭৪১	১৩.১৭	১২.৪৭	৭৪.৩৬
সেপ্টেম্বর	৮৮৪১৪৫	১৩.৭৩	১১.৪৫	৭৪.৮২
ডিসেম্বর	৯৪৩৬৪০	১৩.৫৫	১২.১৪	৭৪.৩১
২০০২				
ফেব্রুয়ারি	৯৩৪০৫৪	১৪.৫৪	১১.১৪	৭৪.৩১

উৎস ঃ পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

হতে হ্রাস পেয়ে ফেব্রুয়ারি ২০০২ শেষে ৪.১৯-এ দাঁড়ায়। মুদ্রা/আমানত অনুপাত জুন ২০০১ শেষের ০.১৫২ হতে কিঞ্চিত বৃদ্ধি পেয়ে ফেব্রুয়ারি ২০০২ শেষে ০.১৭০-এ দাঁড়ায় এবং রিজার্ভ/আমানত অনুপাত ০.০৯৮ হতে বৃদ্ধি পেয়ে ০.১০৯-এ দাঁড়ায়।

আলোচ্য অর্থ বছরের প্রথম আট মাসে ব্যাপক মুদ্রার উপাদানসমূহের মধ্যে জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা ২১০৯১ মিলিয়ন টাকা (১৮.৩৭%) বৃদ্ধি পেয়ে ১৩৫৮৭৪ মিলিয়ন টাকায়, মেয়াদি আমানত ৪৫৮২৩ মিলিয়ন টাকা (৭.০৭%) বৃদ্ধি পেয়ে ৬৯৪০৯১ মিলিয়ন টাকায় এবং তলবি আমানত ৪৬০১ মিলিয়ন টাকা (৪.২৩%) হ্রাস পেয়ে ১০৪০৮৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী অর্থ বছরের একই সময়ে জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা ১৫২৯৫ মিলিয়ন টাকা (১৫.০৩%), মেয়াদি আমানত ৫৪১১৬ মিলিয়ন টাকা (৯.৮৬%) এবং তলবি আমানত ২২৫০ মিলিয়ন টাকা (২.৩২%) বৃদ্ধি পেয়েছিল। ২০০২ সালের ফেব্রুয়ারি মাস শেষে ব্যাপক মুদ্রার মধ্যে জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রার পরিমাণ শতকরা ১৫ ভাগ, তলবি আমানতের পরিমাণ শতকরা ১১ ভাগ এবং মেয়াদি আমানতের পরিমাণ শতকরা ৭৪ ভাগ-এ দাঁড়ায়, যা ২০০১ সালের ফেব্রুয়ারি শেষে ছিল যথাক্রমে শতকরা ১৪ ভাগ, শতকরা ১২ ভাগ, এবং শতকরা ৭৪ ভাগ। ১ নম্বর এবং ২ নম্বর সারণিতে অর্থ সরবরাহ সংক্রান্ত পরিসংখ্যান দেখানো হলো।

ব্যাপক মুদ্রা যোগান (এম২) পরিবর্তনের কারণ

২০০১-২০০২ অর্থ বছরের প্রথম আট মাসে ব্যাপক মুদ্রা যোগান (এম২) বৃদ্ধির কারণসমূহ বিশ্লেষণ করলে দেখা যায় যে, সরকারি ও বেসরকারি খাতে যথাক্রমে ১৯৮০২ মিলিয়ন টাকা ও ৫০১৭৭ মিলিয়ন টাকা ঋণ বৃদ্ধি এবং

সারণি-৩

ব্যাপক মুদ্রা যোগান (এম$_২$) ও তার কারণসূচক উপাদানসমূহ

(মিলিয়ন টাকায়)

বিবরণ	ফেব্রুয়ারি ২০০২	জুন ২০০১	পরিবর্তন	
			জুলাই ২০০১-ফেব্রুয়ারি ২০০২	জুলাই ২০০০-ফেব্রুয়ারি ২০০১
ব্যাপক মুদ্রা যোগান (এম$_২$) (ক+খ+গ) বা (১+২)	৯৩৪০৫৪	৮৭১৭৪১	৬২৩১৩	৭১৬৬১
ক) জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা	১৩৫৮৭৪	১১৪৭৮৩	২১০৯১	১৫২৯৫
খ) তলবি আমানত	১০৪০৮৯	১০৮৬৯০	-৪৬০১	২২৫০
গ) মেয়াদি আমানত	৬৯৪০৯১	৬৪৮২৬৮	৪৫৮২৩	৫৪১১৬
ব্যাপক মুদ্রা যোগান (এম২) পরিবর্তনের কারণসূচক উপাদানসমূহ :				
১) ব্যাংক ব্যবস্থায় নীট বৈদেশিক সম্পদ	৭৮১৭৭	৭৪৮৫৩	৩৩২৪	১৭৬৯
২) ব্যাংক ব্যবস্থায় নীট অভ্যন্তরীণ সম্পদ	৮৫৫৮৭৭	৭৯৬৮৮৮	৫৮৯৮৯	৬৯৮৯২
অভ্যন্তরীণ ঋণ (i+ii+ii)	৯০৯৭৫৪	৮৪১০৭৭	৬৮৬৭৭	৬৭১৩৫
i) সরকারি খাত (নীট)	১৯৬৫৭৫	১৭৬৭৭৩	১৯৮০২	১৮৭৮৯
ii) রাষ্ট্রায়ত্ত খাত	৭২২৯৩	৭৩৫৯৫	-১৩০২	২৫৭৩
iii) বেসরকারি খাত	৬৪০৮৮৬	৫৯০৭০৯	৫০১৭৭	৪৫৭৭৩
অন্যান্য পরিসম্পদ (নীট)	-৫৩৮৭৭	-৪৪১৮৯	-৯৬৮৮	২৭৫৭

বৈদেশিক সম্পদ খাতে (নীট) ৩৩২৪ মিলিয়ন টাকা উদ্বৃত্ত মুদ্রা যোগানে সম্প্রসারণমূলক প্রভাব রাখে। তবে রাষ্ট্রায়ত্ত খাতে ১৩০২ মিলিয়ন টাকা ঋণ হ্রাস ও অন্যান্য পরিসম্পদ খাতে ৯৬৮৮ মিলিয়ন টাকা ঘাটতি উক্ত সম্প্রসারণমূলক প্রভাবকে অনেকাংশে রোধ করে। ২০০১-২০০২ অর্থ বছরের ফেব্রুয়ারি ২০০২ পর্যন্ত ব্যাপক মুদ্রা যোগান (এম২) পরিবর্তনের কারণসমূহের বিশ্লেষণ সারণি-৩-এ দেখানো হলো।

রিজার্ভ মুদ্রা পরিবর্তনের কারণ

২০০১-২০০২ অর্থ বছরের প্রথম আট মাসে রিজার্ভ মুদ্রা বৃদ্ধির কারণসমূহ বিশ্লেষণ করলে দেখা যায় যে, সরকারি খাতে প্রদত্ত ঋণ ও তফসিলী ব্যাংকসমূহের কাছে পাওনা যথাক্রমে ১৮১১৬ মিলিয়ন টাকা ও ৯১৪৫ মিলিয়ন টাকা বৃদ্ধি, বৈদেশিক সম্পদ খাতে (নীট) ৬২৫৭ মিলিয়ন টাকা উদ্বৃত্ত এবং অন্যান্য পরিসম্পদ খাতে ৩৯২ মিলিয়ন টাকা উদ্বৃত্ত রিজার্ভ মুদ্রায় সম্প্রসারণমূলক প্রভাব রাখে। তবে রাষ্ট্রায়ত্ত খাতে প্রদত্ত ঋণ ৩৪৭ মিলিয়ন টাকা হ্রাস পাওয়ায় উক্ত সম্প্রসারণমূলক প্রভাব কিছুটা হ্রাস পায়। ২০০১-২০০২ অর্থ বছরের ফেব্রুয়ারি ২০০২ পর্যন্ত রিজার্ভ মুদ্রা পরিবর্তনের কারণসমূহের বিশ্লেষণ সারণি-৪-এ দেখানো হলো।

ব্যাংক আমানত

২০০১-২০০২ অর্থ বছরের প্রথম আট মাসে ব্যাংকসমূহের মোট আমানতের পরিমাণ (আন্তঃব্যাংক বাদে) ৩৬০৬৭ মিলিয়ন টাকা (৪.৪২%) বৃদ্ধি পেয়ে ২০০২ সালের ফেব্রুয়ারি মাস শেষে ৮৫২৫৯৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী অর্থ বছরের একই সময়ে মোট ব্যাংক আমানতের পরিমাণ ৫৯১১১ মিলিয়ন টাকা (৮.৪১%) বৃদ্ধি পেয়েছিল। আলোচ্য সময়ে মোট ব্যাংক আমানতের মধ্যে মেয়াদি আমানত ৪৫৮২৩ মিলিয়ন টাকা (৭.০৭%) বৃদ্ধি এবং সরকারি আমানত ৫০১৪ মিলিয়ন টাকা (৮.৪৯%)

সারণি-৪

রিজার্ভ মুদ্রা ও তার কারণসূচক উপাদানসমূহ

(মিলিয়ন টাকায়)

বিবরণ	ফেব্রুয়ারি ২০০২	জুন ২০০১	পরিবর্তন জুলাই ২০০১-ফেব্রুয়ারি ২০০২	পরিবর্তন জুলাই ২০০০-ফেব্রুয়ারি ২০০১
রিজার্ভ মুদ্রা (ক+খ) বা (১+২)	২২২৮৩৭	১৮৯২৭৪	৩৩৫৬৩	৯৫৪০
ক) ইস্যুকৃত মুদ্রা	১৪৭৩৯৯	১২৮৩২৮	১৯০৭১	১৫৮৫২
খ) বাংলাদেশ ব্যাংকে গচ্ছিত তফসিলী ব্যাংকসমূহের রিজার্ভ	৭৫৪৩৮	৬০৯৪৬	৪৫৮২৩	৫৪১১৬
রিজার্ভ মুদ্রা পরিবর্তনের কারণসূচক উপাদানসমূহ :				
১) বাংলাদেশ ব্যাংকের নীট বৈদেশিক সম্পদ	৫৭৬৯৭	৫১৪৪০	৬২৫৭	১৮০৯
২) বাংলাদেশ ব্যাংকের নীট অভ্যন্তরীণ সম্পদ	১৬৫১৪০	১৩৭৮৩৪	২৭৩০৭	৭৭৩১
অভ্যন্তরীণ ঋণ (i+ii+ii)	১৮৪৭২৪	১৫৭৮১০	২৬৯১৪	২৪৫
i) সরকারি খাতে প্রদত্ত (নীট)	১১৯১৮৯	১০১০৭৩	১৮১১৬	-১২৯৫
ii) রাষ্ট্রায়ত্ত খাতে প্রদত্ত ঋণ	১২৭০৪	১৩০৫১	-৩৪৭	-২৬৩
iii) তফসিলী ব্যাংকসমূহের কাছে পাওনা	৫২৮৩১	৪৩৬৮৬	৯১৪৫	১৮০৩
অন্যান্য পরিসম্পদ (নীট)	-১৯৫৮৪	-১৯৯৭৬	৩৯২	৭৪৮৬

সারণি-৫

ব্যাংক আমানত

(মিলিয়ন টাকায়)

মাস/বছর	মোট আমানত	মোট আমানতের পরিবর্তন	মোট আমানতের শতকরা অংশ হিসাবে** তলবি আমানত	মেয়াদি আমানত	সরকারি আমানত
২০০০					
মার্চ	৬৫৭৭৪৭	+৮৭৯০	১৩.৫৯	৭৮.৫২	৭.৭০
জুন	৭০২৭৮৭	+৪৫০৪০	১৩.৮১	৭৮.০৯	৭.৯৯
সেপ্টেম্বর	৭২৫৯০৯	+২৩১২২	১২.৯২	৭৯.২৫	৭.৭২
ডিসেম্বর	৭৬৬৩৭৪	+৪০৪৬৫	১৩.৩২	৭৮.৮০	৭.৮০
২০০১					
মার্চ	৭৬১৬১৭	-৪৭৫৭	১২.৮৮	৭৯.৬২	৭.৪২
জুন	৮১৬৫৩১	+৫৪৯১৪	১৩.৩১	৭৯.৩৯	৭.২৪
সেপ্টেম্বর	৮২০৩৯২	+৩৮৬১	১২.৩৪	৮০.৬৩	৬.৯৮
ডিসেম্বর	৮৭০৯৩৪	+৫০৫৪২	১৩.১৬	৮০.৫১	৬.২৯
২০০২					
ফেব্রুয়ারি	৮৫২৫৯৮	-১৮৩৩৬	১২.২১	৮১.৪১	৬.৩৪

* নিয়ন্ত্রিত আমানত *(Restricted Deposit)* সহ এবং আন্তঃ ব্যাংক লেনদেন বাদে। ** তলবি, মেয়াদি ও সরকারি আমানতে নিয়ন্ত্রিত আমানত অন্তর্ভুক্ত নয়। উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

সারণি-৬

ব্যাংক ঋণ

(মিলিয়ন টাকায়)

মাস/বছর	ব্যাংক ঋণ*			মোট ব্যাংক ঋণের পরিবর্তন
	সরকারি খাত	বেসরকারি খাত	মোট	
২০০০				
মার্চ	৪৬৯৬২	৪৭৬৮৫৫	৫২৩৮১৭	+৯২৩৫
জুন	৪৬৯১৬	৪৯৯৫৪৫	৫৪৬৪৬১	+২২৬৪৪
সেপ্টেম্বর	৪৮২০৪	৫০৮৮০৫	৫৫৭০০৯	+১০৫৪৮
ডিসেম্বর	৫১৩৩৯	৫৩৬৫৯৮	৫৮৭৯৩৭	+৩০৯২৮
২০০১				
মার্চ	৫২৬৭৫	৫৫৩১২২	৬০৫৭৯৭	+১৭৮৬০
জুন	৬০৯৩১	৫৮৪৬০০	৬৪৫৫৩১	+৩৯৭৩৪
সেপ্টেম্বর	৬০৯২২	৫৯৮০২৮	৬৫৮৯৫০	+২৬৪৬৩
ডিসেম্বর	৬০৩১৪	৬২৫০৯৯	৬৮৫৪১৩	+২৬৪৬৩
২০০১				
ফেব্রুয়ারি	৫৮৪২৬	৬৩৫৫০০	৬৯৩৯২৬	+৮৫১৩

* বৈদেশিক বিল এবং আন্তঃ ব্যাংক লেনদেন বাদে। উৎস ঃ পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

সারণি-৭

পল্লী ও শহর এলাকায় ব্যাংক আমানত ও আগামের শতকরা হার

জুন (জুন শেষের অবস্থা)	আমানতের শতকরা হার		আগামের শতকরা হার	
	পল্লী	শহর	পল্লী	শহর
১৯৯২	২১.৫২	৭৮.৪৮	১৫.৯৫	৮০.০৫
১৯৯৩	২১.৭৬	৭৮.২৪	১৯.০৩	৮০.৯৭
১৯৯৪	২২.১১	৭৭.৮৯	১৯.৮৬	৮০.১৪
১৯৯৫	২১.৯৭	৭৮.০৩	১৯.৭১	৮০.২৯
১৯৯৬	২২.৭০	৭৭.৩০	১৯.৭০	৮০.৩০
১৯৯৭	২২.৬৮	৭৭.৩২	১৮.৬৪	৮১.৩৬
১৯৯৮	২২.৮৮	৭৭.১২	১৬.৯৩	৮৩.০৭
১৯৯৯	২২.৭৮	৭৭.২২	১৭.৩২	৮২.৬৮
২০০০	২২.৬২	৭৭.৩৮	১৬.৮৭	৮৩.১৩
২০০১	১৯.৬২	৮০.৩৮	১৪.১৩	৮৫.৩৮

উৎস ঃ পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

ও তলবি আমানত ৪৬০১ মিলিয়ন টাকা (৪.২৩%) হ্রাস পায়। পূর্ববর্তী বছরের একই সময়ে মেয়াদি আমানত ৫৪১১৬ মিলিয়ন টাকা (৯.৮৬%), সরকারি আমানত ২৯২০ মিলিয়ন টাকা (৫.২০%) এবং তলবি আমানত ২২৫০ মিলিয়ন টাকা (২.৩২%) বৃদ্ধি পেয়েছিল। সারণি-৫-এ ব্যাংক আমানতের পরিমাণ দেয়া হয়েছে।

ব্যাংক ঋণ

তফসিলী ব্যাংকসমূহ কর্তৃক ২০০১-২০০২ অর্থ বছরের প্রথম আট মাসে প্রদত্ত ঋণের স্থিতির পরিমাণ (আন্তঃব্যাংক লেনদেন বাদে) ৪৮৩৯৫ মিলিয়ন টাকা (৭.৫০%) বৃদ্ধি পেয়ে ২০০২ সালের ফেব্রুয়ারি শেষে ৬৯৩৯২৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী বছরের অনুরূপ সময়ে ব্যাংক ঋণের পরিমাণ ৪৯১৬৭ মিলিয়ন টাকা (৯.০০%) বৃদ্ধি পেয়ে ৫৯৫৬২৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছিল। আলোচ্য সময়ে (ফেব্রুয়ারি ২০০২ পর্যন্ত) মোট ব্যাংক ঋণের মধ্যে বেসরকারি খাতে ৫০৯০০ মিলিয়ন টাকা (৮.৭১%) বৃদ্ধি পেয়ে ৬৩৫৫০০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। পক্ষান্তরে, সরকারি খাতে (রাষ্ট্রায়ত্ত খাতসহ) ২৫০৫ মিলিয়ন টাকা (৪.১১%) হ্রাস পেয়ে ৫৮৪২৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী বছরের একই সময়ে বেসরকারি খাতে ঋণ বৃদ্ধি পায় ৪৫৬৬৯ মিলিয়ন টাকা (৯.১৪%) এবং সরকারি খাতে ব্যাংক ঋণ বৃদ্ধি পায় ৩৪৯৮ মিলিয়ন টাকা (৭.৪৬%) । সারণি-৬-এ খাতওয়ারী ব্যাংক ঋণের পরিমাণ ও ঋণ প্রবাহের চিত্র দেখানো হয়েছে।

শহর ও পল্লী এলাকায় আমানত ও আগাম

শহর ও পল্লী এলাকার মধ্যে আমানত সংগ্রহ ও আগাম প্রবাহের ক্ষেত্রে সামান্য পরিবর্তন দেখা যায়। আলোচ্য অর্থ বছরে পল্লী এলাকায় আমানত সংগ্রহের পরিমাণ এবং আগামের প্রবাহ উভয়ই গত বছরের তুলনায় হ্রাস পায়। ১৯৯২ সালের জুন শেষে মোট আমানতে পল্লী আমানতের অংশ ছিল শতকরা ২১.৫২ ভাগ, যা বিভিন্ন সময়ে উঠা-নামা করে ২০০১ সালের জুন শেষে শতকরা ১৯.৬২ ভাগে দাঁড়িয়েছে। পক্ষান্তরে, উক্ত সময়ে মোট আগামে পল্লীর অংশ শতকরা ১৫.৯৫ ভাগ হতে বিভিন্ন সময়ে উঠা-নামার মাধ্যমে শতকরা ১৪.১৩ ভাগে এসে দাড়িয়েছে। সারণি-৭-এ সন্নিবেশিত পরিসংখ্যান থেকে দেখা যায় যে, পল্লী এলাকায় সংগৃহীত আমানতের চেয়ে সেখানে প্রদত্ত আগামের হার বরাবরই উল্লেখযোগ্যভাবে কম। এতে পল্লী এলাকায় সংগৃহীত আমানত শহর এলাকায় স্থানান্তরের প্রতিফলন দেখা যায়। উল্লেখ্য, বেশ কিছু সংখ্যক উপজেলা সদরকে পৌরসভায় উন্নীত করার ফলে অধিকতর এলাকা শহরাঞ্চলের আওতায় আসায় বিগত কয়েক বছরে পল্লী আমানত ও আগাম উভয়ের হার পূর্বের তুলনায় হ্রাস পায়।

নগদ রিজার্ভ সংরক্ষণ আবশ্যকতা

১ অক্টোবর ১৯৯৯ তারিখ থেকে তফসিলী ব্যাংকসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংকে রক্ষিতব্য নগদ জমার হার (Cash Reserve Requirement-CRR) তাদের মোট দায় (তলবি ও মেয়াদি আমানত)-এর শতকরা ৫ ভাগ হতে হ্রাস করে শতকরা ৪ ভাগে নির্ধারিত হয়েছিল, যা আলোচ্য সময়েও বলবৎ রয়েছে।

তরল সম্পদ সংরক্ষণ আবশ্যকতা

ইসলামী শরীয়াহ ভিত্তিক এবং বিশেষায়িত ব্যাংকগুলো ব্যতীত তফসিলী ব্যাংকগুলোর তরল সম্পদ সংরক্ষণের আবশ্যকীয় হার (Statutory Liquidity Requirement-SLR) তাদের মোট দায় (তলবি ও মেয়াদি আমানত)-এর ২০ শতাংশে অপরিবর্তিত রয়েছে। ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, আল বারাকা ব্যাংক বাংলাদেশ লিঃ, আল আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ, সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিঃ, শাহজালাল ব্যাংক লিঃ এবং শামিল ব্যাংক বাহরাইন ইসি কর্তৃক আইনানুগ তরল সম্পদ সংরক্ষণের হার তাদের মোট দায়ের ১০ শতাংশে অপরিবর্তিত রয়েছে। অপরদিকে বিশেষায়িত ব্যাংকগুলোকে তরল সম্পদ সংরক্ষণের দায় হতে প্রদত্ত অব্যাহতি আলোচ্য সময়েও বলবৎ রয়েছে।

ব্যাংকিং, মুদ্রা ও ঋণ নীতির ক্ষেত্রে গৃহীত কতিপয় পদক্ষেপ

দেশের অর্থনৈতিক কর্মকান্ডে কাঙ্ক্ষিত গতি সঞ্চারের লক্ষ্যে ২০০০-২০০১ অর্থ বছরে ব্যাংকিং, মুদ্রা ও ঋণ নীতির ক্ষেত্রে গৃহীত পদক্ষেপসমূহ ২০০১-২০০২ অর্থ বছরেও অব্যাহত থাকে। এছাড়াও আলোচ্য বছরে নিম্নোক্ত পদক্ষেপসমূহ গৃহীত হয়েছে ঃ

১) ঋণ শ্রেনীবিন্যাস ও প্রভিশনিং সংক্রান্ত সংশোধিত নীতিমালা মোতাবেক চলমান এবং তলবি বকেয়া ঋণ আদায়ের বিষয়টি বিবেচনায় এনে উক্ত ঋণ পরিশোধে নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর 'নিম্নমান' এবং 'সন্দেহজনক' হিসেবে শ্রেণীবিন্যাস করার জন্য পূর্বের তুলনায় ৩ মাস সময় বর্ধিত করা হয়েছে।

২) খেলাপী ঋণ গ্রহীতার বিদ্যমান সংজ্ঞায় ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ সংশোধনের মাধ্যমে কিছু পরিবর্তন এনে চলমান, তলবি, মেয়াদি (৫ বছর পর্যন্ত) ঋণের ক্ষেত্রে ঋণ/কিস্তি পরিশোধের জন্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধিত না হলে নির্ধারিত দিনের পরদিন থেকে মেয়াদোত্তীর্ণ বলে গণ্য হবে। সকল ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ হওয়ার ছয় মাস পর সংশ্লিষ্ট ঋণ গ্রহীতা "খেলাপী ঋণ গ্রহীতা" হিসেবে বিবেচিত হবে।

৩) ব্যাংকসমূহ কর্তৃক প্রদত্ত ঋণের সুদের হার কমানোর লক্ষ্যে ২৪ অক্টোবর ২০০১ তারিখ হতে ব্যাংক রেট বার্ষিক ৭% হতে কমিয়ে ৬%-এ নির্ধারণ করা হয়েছে।

৪) ঋণগ্রহীতাদের মধ্যে তুলনামূলক ঝুঁকির বিবেচনায় সুদ হারে অনধিক ২% মাত্রায় প্রভেদ করার নির্দেশটি পুনঃবিবেচনায় এই প্রভেদ-এর মাত্রা অনধিক ৩% করা হয়েছে।

৫) বিশ্বব্যাপী মন্দা ও দেশের রপ্তানি বাণিজ্যে অধোগতি কাটিয়ে অর্থনীতিকে চাঙ্গা করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক তৈরী পোশাক, হিমায়িত খাদ্য এবং কৃষি পণ্য ভিত্তিক শিল্প দ্রব্য রপ্তানির ক্ষেত্রে রপ্তানি ঋণের সুদের হারের পরিসীমা ৮%-১০% থেকে সংশোধনপূর্বক ৭%-এ নির্ধারণ করা হয়েছে; এ নির্দেশ ২৪ অক্টোবর ২০০১ হতে কার্যকর হয়েছে। এ সকল রপ্তানি ঋণের বিপরীতে ১ নভেম্বর ২০০১ হতে ব্যাংকগুলো প্রকৃত বিতরণকৃত রপ্তানি ঋণের বিপরীতে বাংলাদেশ ব্যাংক হতে ব্যাংক রেটে পুনঃঅর্থায়নের আবেদন করতে পারবে। এ সুবিধা ৩০ এপ্রিল ২০০২ পর্যন্ত বলবৎ থাকবে।

৬) পরিচালক/পরিচালকদের স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে প্রদত্ত ঋণের উপর সুদ

সারণি-৮

কৃষি ঋণ কার্যক্রম

(মিলিয়ন টাকায়)

অর্থবছর	কর্মসূচি*	প্রকৃত বিতরণ	আদায়	বকেয়া/স্থিতি	মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ
২০০০-২০০১ (ফেব্রুয়ারি পর্যন্ত)	৩২৬৫৯	১৭৬১৯	১৭৭৮৪	১০৫০৮৫	৬৬৭৬২
২০০১-২০০২ (ফেব্রুয়ারি পর্যন্ত)	৩৩২৬৬	১৮১৫১	১৮৮৫৭	১১৪২৮৩	৬৮৭৩৬

** বাৎসরিক কর্মসূচী।*

সারণি-৯
(মিলিয়ন টাকায়)

ব্যাংকের নাম	কর্মসূচি (২০০১-২০০২)	জুলাই ২০০১-ফেব্রুয়ারি ২০০২	
		বিতরণ	আদায়
সোনালী	৪১৮০	১৮৩৩	১৭৮৮
জনতা	২৪২২	৯৩৫	১২০৪
অগ্রণী	২৭০০	১২০৭	১১০১
রূপালী	২০০	২০	২৯
উপমোট	৯৫০২	৩৯৯৫	৪১২২
বিকেবি	১৬০০০	৯৫২৬	৯৯৭৩
রাকাব	৫০০০	২৬৭৯	২৬৩৯
বিএসবিএল	৩৫৫	১	৯
বিআরডিবি	২৪০৯	১৯৫০	২১১৪
উপমোট	২৩৭৬৪	১৪১৫৬	১৪৭৩৫
সর্বমোট	৩৩২৬৬	১৮১৫১	১৮৮৫৭

মওকুফের বিষয়ে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমতির আবশ্যকতা ভূতপূর্ব পরিচালকদের বেলায়ও প্রযোজ্য করা হয়েছে।

৭) ব্যাংকসমূহের নগদ জমা সংরক্ষণের ক্ষেত্রে Foreign Currency Clearing Account-এর তহবিলকে Cash Reserve Requirement বাবদ রক্ষিত স্থিতি হিসেবে গণ্য করা হবে না মর্মে ব্যাংকসমূহকে ১০ ফেব্রুয়ারি ২০০২ তারিখ থেকে কার্যকর করার নির্দেশ দেয়া হয়েছে।

৮) রাষ্ট্রায়ত্ত ব্যাংকে নির্বাহী সিদ্ধান্ত গ্রহণ কার্যক্রমে পরিচালনা পর্ষদের সংশ্লিষ্টতা হ্রাস এবং পর্ষদ ও নির্বাহী কর্তৃপক্ষের জবাবদিহিতা স্পষ্টতর করার লক্ষ্যে রাষ্ট্রায়ত্ত ব্যাংকের পরিচালনা পর্ষদ এবং প্রধান নির্বাহীর দায়িত্ব ও ক্ষমতা পুনঃনির্ধারণ করা হয়েছে।

কৃষি ঋণ

কৃষি খাতের প্রবৃদ্ধির হার অব্যাহত রাখার লক্ষ্যে ২০০১-২০০২ অর্থ বছরের জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ ৩৩২৬৬ মিলিয়ন টাকার ঋণ কর্মসূচী গ্রহণ করেছে। পূর্ববর্তী অর্থবছরে অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রাথমিকভাবে ৩২১৬৯ মিলিয়ন টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল। পরবর্তীতে দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলে বন্যাজনিত কারণে ঐ সব এলাকায় কৃষি ঋণের লক্ষ্যমাত্রা দ্বিগুণ করা হয়। ফলে লক্ষ্যমাত্রা ৪৯০ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ৩২৬৫৯ মিলিয়ন টাকায় নির্ধারিত হয় এবং এর বিপরীতে মোট কৃষি ঋণ বিতরণের পরিমাণ ছিল ৩০১৯৭ মিলিয়ন টাকা (৯২.৫%)। আলোচ্য বছরে মোট কর্মসূচীর মধ্যে ফসল উৎপাদনের জন্য ১৮৫৬৫ মিলিয়ন টাকা, দারিদ্র বিমোচন খাতে ৫৮৬৫ মিলিয়ন টাকা, সেচ যন্ত্রপাতি ক্রয়ের জন্য ৯৯ মিলিয়ন টাকা এবং অন্যান্য কর্মকান্ডের জন্য অবশিষ্ট ৮৭৩৭ মিলিয়ন টাকা নির্ধারণ করা হয়েছে।

২০০১-২০০২ অর্থ বছরে (ফেব্রুয়ারি ২০০২ পর্যন্ত) ঋণ দানকারী প্রতিষ্ঠানসমূহ মোট ১৮১৫১ মিলিয়ন টাকার কৃষি ঋণ প্রদান করেছে, যা মোট কর্মসূচীর শতকরা ৫৪.৬ ভাগ। পূর্ববর্তী বছরের একই সময়ে ঋণ বিতরণের পরিমাণ ১৭৬১৯ মিলিয়ন টাকা, যা মোট কর্মসূচীর শতকরা ৫৩.৯ ভাগ ছিল। আলোচ্য বছরের ফেব্রুয়ারি পর্যন্ত সময়ে ঋণ বিতরণের পরিমাণ পূর্ববর্তী বছরের অনুরূপ সময়ের তুলনায় শতকরা ৩.০ ভাগ বৃদ্ধি পেয়েছে।

সারণি-১০

মার্কিন ডলারের সংগে টাকার গড় বিনিময় হার

অর্থবছর	গড় বিনিময় হার
১৯৯২-৯৩	৩৯.১৪
১৯৯৩-৯৪	৪০.০০
১৯৯৪-৯৫	৪০.২০
১৯৯৫-৯৬	৪০.৮৪
১৯৯৬-৯৭	৪২.৭০
১৯৯৭-৯৮	৪৫.৪৬
১৯৯৮-৯৯	৪৮.০৬
১৯৯৯-০০	৫০.৩১
২০০০-০১	৫৩.৯৬
২০০১-০২ (জুলাই-ফেব্রুয়ারি)	৫৭.২৩

উৎস ঃ বাংলাদেশ ব্যাংক।

২০০১-২০০২ অর্থ বছরের (ফেব্রুয়ারি ২০০২ পর্যন্ত) মোট আদায়কৃত কৃষি ঋণের পরিমাণ দাঁড়ায় ১৮৮৫৭ মিলিয়ন টাকা, পূর্ববর্তী বছরের একই সময়ে যার পরিমাণ ছিল ১৭৭৮৮ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে ঋণ আদায় শতকরা ৬.০ ভাগ বৃদ্ধি পেয়েছে। ফেব্রুয়ারি ২০০২ শেষে কৃষি ঋণের স্থিতির পরিমাণ পূর্ববর্তী বছরের একই সময়ের ১০৫০৮৫ মিলিয়ন টাকা হতে বৃদ্ধি পেয়ে ১১৪২৮৩ মিলিয়ন টাকায় এবং মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ পূর্ববর্তী বছরের একই সময়ের ৬৬৭৬২ মিলিয়ন টাকা হতে বৃদ্ধি পেয়ে ৬৮৭৩৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ৮ নম্বর সারণিতে কৃষি ঋণ কার্যক্রমের তুলনামূলক সার্বিক চিত্র এবং ৯ নম্বর সারণিতে প্রতিষ্ঠান ভিত্তিক চিত্র দেয়া হলো।

সারণি-১১

বৈদেশিক মুদ্রার রিজার্ভ

(মিলিয়ন মার্কিন ডলার)

অর্থবছর	বৈদেশিক মুদ্রার রিজার্ভ
১৯৯২-৯৩	২১২১.০০
১৯৯৩-৯৪	২৭৬৫.০০
১৯৯৪-৯৫	৩০৭০.০০
১৯৯৫-৯৬	২০৩৯.০০
১৯৯৬-৯৭	১৭১৯.০০
১৯৯৭-৯৮	১৭৩৯.০০
১৯৯৮-১৯৯৯	১৫২৩.০০
১৯৯৯-০০	১৬০২.০০
২০০০-০১	১৩০৭.০০
২০০১-০২ (২৪ এপ্রিল ২০০২ পর্যন্ত)	১৪২০.০০

উৎস ঃ বাংলাদেশ ব্যাংক।

সারণী-১২

বছরওয়ারী প্রেরিত অর্থের পরিমাণ

(মিলিয়ন মার্কিন ডলার)

অর্থবছর	প্রেরিত অর্থের পরিমাণ
১৯৯১-৯২	৮৪৮
১৯৯২-৯৩	৯৪৪
১৯৯৩-৯৪	১০৮৯
১৯৯৪-৯৫	১১৯৮
১৯৯৫-৯৬	১২১৭
১৯৯৬-৯৭	১৪৭৫
১৯৯৭-৯৮	১৫২৫
১৯৯৮-৯৯	১৭০৬
১৯৯৯-০০	১৯৪৯
২০০-০১	১৮৮২
২০০১-০২[সা] (জুলাই-মার্চ)	১৮১৭

উৎস: বাংলাদেশ ব্যাংক। [সা]= সাময়িক।

সংযোজনী-১

বাংলাদেশ ব্যাংক : স্থিতি পত্র

ইস্যু বিভাগ

দায়

বিবরণ	৩০ জুন ২০০০		৩০ জুন ২০০১	
	টাকা	টাকা	টাকা	টাকা
১	২	৩	৪	৫
ব্যাংকিং বিভাগে রক্ষিত নোট	১১,৩৭,৪৬০		৯৫,৭৩,৪৪৫	
প্রচলিত নোট*	১১০৩৪,৫৮,১৮,৯৮৫		১২৫৪৭,০২,৬৮,৪২০	
মোট প্রচলিত নোট		১১০৩৪,৬৯,৫৬,৪৪৫		১২৫৪৭,৯৮,৪১,৮৬৫
মোট দায় :		১১০৩৪,৬৯,৫৬,৪৪৫		১২৫৪৭,৯৮,৪১,৮৬৫

* বাতিলকৃত পাকিস্তানি নোট যা বাজার হতে প্রত্যাহৃত হয়েছে তদপরিবর্তে পাকিস্তান সরকার/স্টেট ব্যাংক অব পাকিস্তান-এর ওপর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার/বাংলাদেশ ব্যাংকের দাবি রয়েছে। চালুকৃত নোটের পরিমাণ সম্বন্ধীয় উল্লিখিত বিবরণী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার/বাংলাদেশ ব্যাংকের উপরু দাবি সম্পর্কে কোনো প্রতিকূলতা সৃষ্টি করবে না।

নিয়মিতভাবে ঋণ পরিশোধকারী কৃষি ঋণ গ্রহীতাদের ক্ষেত্রে ২% হারে সুদ রেয়াত প্রদান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক ১ জুলাই ১৯৯৫ হতে কৃষি খাতে ঋণ বিতরণে জড়িত দু'টি বিশেষায়িত (বিকেবি ও রাকাব) ও ৩ টি রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক (সোনালী, জনতা ও অগ্রণী) নিয়মিতভাবে ঋণ পরিশোধকারী কৃষি ঋণ গ্রহীতাদের সাধারণভাবে আরোপিত সুদের উপর ২% হারে সুদ রেয়াত প্রদান করে থাকে। বিকেবি ও রাকাব কর্তৃক প্রদত্ত সুদ রেয়াতের ৫০% বাংলাদেশ ব্যাংক কর্তৃক বার্ষিক এক কিস্তিতে অর্থবছর শেষে পুনর্ভরণ করা হয়। অবশিষ্ট ৫০% সংশ্লিষ্ট ব্যাংক দু'টি বহন করে। রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকসমূহ উল্লেখিত সুদ রেয়াতের সমপূর্ণ অর্থ নিজেরাই বহন করে।

কৃষি খাতে বাংলাদেশ ব্যাংকের পুনঃ অর্থ সংস্থান

২০০১-২০০২ অর্থ বছরে (ফেব্রুয়ারি ২০০২ পর্যন্ত) ঋণ দানকারী প্রতিষ্ঠানসমূহ কৃষি খাতে পুনঃ অর্থসংস্থান হিসাবে মোট ৫৪৪০সা মিলিয়ন টাকা গ্রহণ করেছে এবং ২৬৯৩সা মিলিয়ন টাকা পরিশোধ করেছে। পূর্ববর্তী বছরের একই সময়ে এর পরিমাণ ছিল যথাক্রমে ৪১৩১ মিলিয়ন টাকা ও ৩৮৩৪ মিলিয়ন টাকা। আলোচ্য বছরের ফেব্রুয়ারি শেষে অর্থসংস্থানের স্থিতির পরিমাণ পূর্ববর্তী বছরের একই সময়ের ৪১৩৬২ মিলিয়ন টাকা হতে শতকরা ৪.৮ ভাগ বৃদ্ধি পেয়ে ৪৩৩৪৬সা মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

সা= সাময়িক।

বৈদেশিক মুদ্রা বিনিময় হার ব্যবস্থাপনা

বিগত এক দশকের উর্ধে বাংলাদেশ নমনীয় মুদ্রা বিনিময় ব্যবস্থা অনুসরণ করে আসছে। বৈদেশিক মুদ্রার বিনিময়

সম্পদ

বিবরণ	৩০ জুন ২০০০		৩০ জুন ২০০১	
	টাকা	টাকা	টাকা	টাকা
১	২	৩	৪	৫
ক) স্বর্ণ মুদ্রা ও স্বর্ণ পিণ্ড	১৫৮,৭৮,২৯,২৪৫		১৬৯,২২,৩৩,৫৮০	
রৌপ্য পিণ্ড	-		-	
আন্তর্জাতিক অর্থ তহবিলে	-		-	
রক্ষিত এসডিআর	-		-	
অনুমোদিত বৈদেশিক মুদ্রা	৪০০০,০০,০০,০০০	৪১৫৮,৭৮,২৯,২৪৫	৪০০০,০০,০০,০০০	৪১৬৯,২২,৩৩,৫৮০
খ) টাকা মুদ্রা	৩৪,২৯,৯৫,১৫৪	৫৩,৫৮,৮০,৫৭৪		
বাংলাদেশ সরকারের ঋণপত্র**	৩৯০০,৫৩,০১,৮৪১	৫৫৩৮,০৮,৯৭,৫০৬		
অভ্যন্তরীণ বিনিময় বিল ও অন্যান্য				
বাণিজ্যিক বিল	২৯৪১,০৮,৩০,২০৫	৬৮৭৫,৯১,২৭,২০০	২৭৮৭,০৮,৩০,২০৫	৮৩৭৮,৭৬,০৮,২৮৫
মোট সম্পদ		১১০৩৪,৬৯,৫৬,৪৪৫		১২৫৪৭,৯৮,৪১,৮৬৫

*** পাকিস্তানি নোটের পরিবর্তে বাংলাদেশী নোট ইস্যু করার জন্য সম্পদ সৃষ্টির উদ্দেশ্যে সৃষ্ট বিশেষ এডহক ট্রেজারি বিলও এর অন্তর্ভুক্ত। -= নেই।*

হারকে প্রতিযোগিতামূলক পর্যায়ে রাখার জন্য অন্যান্য দেশের মুদ্রাস্ফীতির হারের গতিবিধি এবং বাণিজ্য অংশীদারিত্ব ভিত্তিক গড় ভারিত বিনিময় হারকে বিবেচনায় রেখে টাকার বিনিময় হার পরিবর্তন করা হচ্ছে। আন্তর্জাতিক বাজারে দেশীয় রপ্তানিযোগ্য পণ্যের প্রতিযোগিতা বজায় রাখার লক্ষ্যে ২০০০-০১ অর্থ বছরে ডলারের বিপরীতে বাংলাদেশী টাকার দুই বারে ১০.৫ ভাগ অবমূল্যায়ন করা হয়। ফলে জুন ২০০১ শেষে টাকা-ডলার বিনিময় হার দাঁড়ায় ১ ডলার = ৫৭.০০ টাকা (মধ্য মান)। ২০০১-২০০২ অর্থ বছরের মার্চ ২০০২ পর্যন্ত সময়ে ডলারের বিপরীতে টাকার এক বার অবমূল্যায়ন করা হয়। সর্বশেষ ৬ জানুয়ারি ২০০২ তারিখে ডলারের বিপরীতে টাকার ১.৫৫ ভাগ অবমূল্যায়ন করা হয়। নীচের সারণিতে মার্কিন ডলারের সাথে টাকার গড় বিনিময় হার দেখানো হলো।

বৈদেশিক মুদ্রার রিজার্ভ

৩০ জুন ১৯৯৯-এ বৈদেশিক মুদ্রার রিজার্ভ স্থিতি ছিল ১৫২৩.০০ মিলিয়ন মার্কিন ডলার। ৩০ জুন ২০০০-এ উক্ত রিজার্ভের স্থিতি বৃদ্ধি পেয়ে ১৬০২.০০ মিলিয়ন মার্কিন ডলারে পৌঁছলেও পরবর্তী বছরে অর্থাৎ ৩০ জুন ২০০১-এ তা হ্রাস পেয়ে দাঁড়ায় ১৩০৭.০০ মিলিয়ন মার্কিন ডলারে। সর্বশেষ প্রাপ্ত তথ্যানুযায়ী ২৪ এপ্রিল ২০০২ তারিখে বৈদেশিক মুদ্রা রিজার্ভের পরিমাণ

সংযোজনী-১ (চলমান)

বাংলাদেশ ব্যাংক : স্থিতি পত্র

ব্যাংকিং বিভাগ

দায়

বিবরণ	৩০ জুন ২০০০		৩০ জুন ২০০১	
	টাকা	টাকা	টাকা	টাকা
১	২	৩	৪	৫
পরিশোধিত মূলধন		৩,০০,০০,০০০		৩,০০,০০,০০০
সংরক্ষিত তহবিল		৩,০০,০০,০০০	৩,০০,০০,০০০	
পল্লী ঋণ তহবিল		৩২০,০০,০০,০০০		৩৪০,০০,০০,০০০
শিল্প ঋণ তহবিল		১৩৮,৭৮,৫২,৪৫০		১৫৩,৭৮,৫২,৪৫০
রপ্তানী ঋণ তহবিল		১৩০,০০,০০,০০০		১৩০,০০,০০,০০০
কৃষি ঋণ স্থিতিশীলকরণ তহবিল		৩২০,০০,০০,০০০		৩৪০,০০,০০,০০০
আমানত :				
ক) সরকার	৯৯,০১,৬৯৩		১,২৩,৬৭,৮৪৮	
খ) ব্যাংক	৪১৮৩,৭৬,৬০,১১০		৩৩৮৫,৬৭,৪৬,৯৮২	
গ) অন্যান্য	<u>৪৩৪৬,৫৪,০২,১৭৬</u>	৮৫৩১,২৯,৬৩,৯৭৯	<u>৩০৯৬,১৩,৬২,৩৮৪</u>	৬৪৮৩,০৪,৭৭,২১৪
এসডিআর-এর বরাদ্দ		৩০৫,১৭,৩১,৬৩০		৩৩১,৬২,৬৯,০৮২
দেয় বিল		৯৬,৮৪,০৫৯	৯৫,৯৫,৩৫৩	
অন্যান্য দায়		৩৬১২,০৯,০৮,০৭৩		৫২৫৫,২৬,৯৮,৯৭৪
মোট দায়		১৩৩৬৪,৩১,৪০,১৯১		১৩০৪০,৬৮,৯৩,০৭৩

দাঁড়িয়েছে ১৪১৯.৬২ মিলিয়ন মার্কিন ডলার। নীচের সারণিতে বিগত এক দশকের বৈদেশিক মুদ্রার রিজার্ভের পরিমাণ দেখানো হলো।

প্রবাসীদের প্রেরিত অর্থ

১৯৯১-৯২ অর্থবছরে প্রবাসী বাংলাদেশীদের মোট প্রেরিত অর্থের পরিমাণ ছিল ৮৫০ মিলিয়ন ডলার, যা শতকরা ৭৩.৫ ভাগ বৃদ্ধি পেয়ে ১৯৯৬-৯৭ অর্থবছরে ১৪৭৫ মিলিয়ন ডলারে এবং ১৯৯৯-২০০০ অর্থবছরে শতকরা ৩২.১ ভাগ বৃদ্ধি পেয়ে ১৯৪৯ মিলিয়ন ডলারে দাঁড়ায়। তবে ২০০০-২০০১ অর্থবছরে প্রবাসীদের প্রেরিত অর্থের পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৩.৪ ভাগ হ্রাস পেয়ে ১৮৮২ মিলিয়ন ডলারে দাঁড়ায়। ২০০১-২০০২ অর্থবছরের জুলাই-মার্চ সময়ে মোট প্রেরিত অর্থের পরিমাণ দাঁড়ায় ১৮১৭ মিলিয়ন ডলার, যা পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে ছিল ১৩৬৫ মিলিয়ন ডলার। আলোচ্য সময়ে প্রবাসীদের প্রেরিত অর্থের পরিমাণ বৃদ্ধির কারণ হিসেবে ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে অর্থ প্রেরণের প্রচলিত সুযোগ-সুবিধাদি বৃদ্ধির সাথে সাথে প্রবাসীদের ব্যাংকিং চ্যানেলে অর্থ প্রেরণে উদ্বুদ্ধকরণে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের জোর প্রচেষ্টার বিষয়টি উল্লেখ করা যেতে পারে। ১৯৯১-৯২ অর্থবছর থেকে ২০০১-২০০২ (জুলাই-মার্চ) অর্থবছর পর্যন্ত প্রবাসীদের প্রেরিত অর্থের পরিমাণ সংক্রান্ত উপাত্ত সারণি-১২-এ দেয়া হলো।

সংযোজনী-১ (চলমান)

বাংলাদেশ ব্যাংক : স্থিতি পত্র

ব্যাংকিং বিভাগ

সম্পদ

বিবরণ	৩০ জুন ২০০০		৩০ জুন ২০০১	
	টাকা	টাকা	টাকা	টাকা
১	২	৩	৪	৫
নোট		১১,৩৭,৪৬০		৯৫,৭৩,৪৪৫
টাকা		৩১২৫		৭৭
সম্পূরক মুদ্রা		২৩৬		১৬
ক্রীত ও বাট্টাকৃত বিল ক) অভ্যন্তরীণ খ) বৈদেশিক গ) সরকারি ট্রেজারী বিল	 - - ১২৯,০৫,৩২,৬৯১	 ১২৯,০৫,৩২,৬৯১	 - - ৯,৮০,৯৩,৭১২	 ৯,৮০,৯৩,৭১২
বাংলাদেশের বাইরে রক্ষিত স্থিতি*		৩৯৭০,৬২২৩,০০৬		৩২০৮,৭৬,৩৭,২৯১
আন্তর্জাতিক অর্থ তহবিলে রক্ষিত এস ডিআর সরকারকে প্রদত্ত ঋণ ও আগাম		১৭,১৫,৯৬,১৩১ ৬৪,০০,০০,০০		৫,১১,০৭,৯৮৬ ৬৪,০০,০০,০০
অন্যান্য ঋণ ও আগাম		১৮৮৭,৩৮,৪৪,৩৫১		১৯৮৯,৩০,১৪,০৫৭
বিনিয়োগ		৪৪৪০,৮৯,০২,০৯৩		৫০০৬,৯৮,৭৬,৬৯৫
অন্যান্য সম্পদ		২৮৫৫,০৯,০৩,৯০৮		২৭৭৫,৭৫,৮৯,৭৯৪
মোট সম্পদ :		১৩৩৬৪,৩১,৪০,১৯১		১৩০৪০,৬৮,৯৩,০৭৩

* নগদ মুদ্রা ও স্বল্প মেয়াদী ঋণপত্র ও এর অন্তর্ভুক্ত। - = নেই

রাষ্ট্রায়ত্ত ব্যাংক

সোনালী ব্যাংক

সোনালী ব্যাংক বাংলাদেশের রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকগুলোর মধ্যে সর্ববৃহৎ ব্যাংকিং প্রতিষ্ঠান হিসেবে সুপরিচিত। সারা দেশে ১২৮৯ টি (শহর এলাকায় ৪২১টি এবং প্রত্যন্ত গ্রামীণ এলাকায় ৮৬৮টি) এবং বিদেশে ২ টি (ভারতের কলিকাতা ও শিলিগুড়িতে) শাখাসহ মোট ১২৯১টি শাখার মাধ্যমে সোনালী ব্যাংকের ব্যাংকিং সেবামূলক কার্যক্রম বিস্তৃত। ১৯৯৪ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে "সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনকর্পোরেটেড" (SECI) নামে একটি পূর্ণাঙ্গ সাবসিডিয়ারী কোম্পানী স্থাপনের মাধ্যমে সোনালী ব্যাংক আন্তর্জাতিক ব্যাংকিং অঙ্গনে এর কার্যক্রম সম্প্রসারিত করে। যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশীদের অর্জিত বৈদেশিক মুদ্রা বৈধ ব্যাংকিং চ্যানেলে নিজ দেশে প্রেরণ দ্রুত সহজতর ও নিরাপদ করার ক্ষেত্রে এর ভূমিকা ক্রমশঃ

ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি কটন মিলস্

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০০	১০০০০	১০০০০	১০০০০
২।	পরিশোধিত মূলধন	৩২৭২	৩২৭২	৩২৭২	৩২৭২
৩।	রিজার্ভ ফান্ড	২১৩৬	২১৩৬	২১৩৬	২১৩৬
৪।	আমানত	২০২৯৭৭	২১০৪৫২	২১২৯৭৯	২১৫৯৫৭
	ক) তলবি আমানত	৪৬৮৯৫	৪৬২৮৩	৪৭৩৩৫	৪৮২৭৩
	খ) মেয়াদি আমানত	১৫৬০৮২	১৬৪১৬৯	১৬৫৬৪৪	১৬৭৬৮৪
৫।	ঋণ ও অগ্রিম	১৩৩৩৪৭	১৪১৯১৬	১৪৪৪৫৭	১৪৭৫৬৪
৬।	বিনিয়োগ	৪৪২৫৩	৩৪৫৭১	৪৩০৬৩	৪৫০৬৯
৭।	মোট পরিসম্পদ	২৩৮৩৯৭	২৫৩৮৭২	২৫৮১২৩	২৬৩০৪৩
৮।	মোট আয়	১৪৯২৬	১৫৯৪২	৪৩৬২	৮৮৭৫
৯।	মোট ব্যয়	১৩৯৭৯	১৫২৬৯	৪৩৪৮	৮৮২৬
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	১৪৩৪৫৮	১৩৫৩১৭	৩৪৮২৮	৯০০৬০
	ক) রপ্তানি	৪৪২১১	৪৩৮০৯	১০০৯৬	২৭৫৯৬
	খ) আমদানি	৫০৮২২	৪১৪১৯	৮৭৩২	২৭৪৬৪
	গ) রেমিটেন্স	৪৮৪২৫	৫০০৮৯	১৬০০০	৩৫০০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	২৬০৪৬	২৫৭৫৩	২৫৬৫১	২৫৬১৪
	ক) কর্মকর্তা	১২১৭১	১২৭২৮	১২৬৬২	১২৬৩৫
	খ) কর্মচারী	১৩৮৭৫	১৩০২৫	১২৯৮৯	১২৯৭৯
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৩৮৬	৩১৭	৩২০	৩২৫
১৩।	শাখা (সংখ্যায়)	১২৯৩	১২৯১	১২৯১	১১৮২
	ক) বাংলাদেশে	১২৯২	১২৮৯	১২৮৯	১১৮০
	খ) বিদেশে	১	২	২	২

বৃদ্ধি পাওয়ার ফলে নিউইয়র্কের ম্যানহাটনে প্রধান অফিস ছাড়াও পরবর্তীতে ব্রুকলীন, এস্টোরিয়া, জ্যাকসন হাইট, জর্জিয়ার আটলান্টা এবং ক্যালিফোর্নিয়ার লসএঞ্জেলেসে শাখা/বুথ অফিস স্থাপন করা হয়েছে এবং স্বল্পতম সময়ে বিদেশ থেকে প্রেরিত অর্থ উপকারভোগীদের নিকট প্রেরণ করা হচ্ছে। এছাড়াও সোনালী ব্যাংক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যৌথ মালিকানায় ১০ ডিসেম্বর ২০০১ থেকে যুক্তরাজ্যে মোট ৫টি অফিসের মাধ্যমে (লন্ডন, লুটন, বার্মিংহাম, ব্রাডফোর্ড ও ম্যানচেস্টার) সোনালী ব্যাংক (ইউকে) লিঃ-এর কার্যক্রম শুরু হয়েছে।

৩১ ডিসেম্বর ২০০১ তারিখে সোনালী ব্যাংকের মোট অনুমোদিত মূলধন, পরিশোধিত মূলধন ও রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১০০০০ মিলিয়ন, ৩২৭২ মিলিয়ন ও ২১৩৬ মিলিয়ন টাকা। ব্যাংকটি ২০০১ সালে ৬৭৩ মিলিয়ন টাকা মুনাফা অর্জন করেছে । ২০০১ সালের ডিসেম্বর শেষে ব্যাংকটির ১২৭২৮ জন কর্মকর্তা ও ১৩০২৫ জন কর্মচারীসহ মোট জনশক্তি ছিল ২৫৭৫৩ জন।

৩১ ডিসেম্বর ২০০১-এ সোনালী ব্যাংকের মোট আমানতের পরিমাণ ২০০০ সালের তুলনায় ৭৪৭৫ মিলিয়ন টাকা (৩.৬৮%) বৃদ্ধি পেয়ে ২১০৪৫২ মিলিয়ন টাকায় দাঁড়ায়। এ সময়ে ব্যাংকটির তলবি আমানত ও মেয়াদি আমানতের পরিমাণ ছিল যথাক্রমে ৪৬২৮৩ মিলিয়ন টাকা এবং ১৬৪১৬৯ মিলিয়ন টাকা, যা মোট আমানতের যথাক্রমে ২২% ও ৭৮% ছিল। বিগত ২০০০ সালে এই হার ছিল যথাক্রমে ২৩% ও ৭৭%। তলবি আমানতের পরিমাণ কমলেও মেয়াদি আমানতের ক্ষেত্রে ২০০১ সালে ৫.১৮ হারে প্রবৃদ্ধি হয়েছে। আলোচ্য সময়ে সোনালী ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণ ও অগ্রিমের স্থিতির পরিমাণ ২০০০ সালের তুলনায় ৮৫৬৯ মিলিয়ন টাকা (৬.৪২%) বৃদ্ধি পেয়ে ১৪১৯১৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। একই সময়ে ব্যাংকের বিনিয়োগের পরিমাণ ছিল ৩৪৫৭১ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে সোনালী ব্যাংকের বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ পূর্ববর্তী বছরের ১৪৩৪৫৮ মিলিয়ন টাকা হতে ৮১৪১ মিলিয়ন টাকা হ্রাস পেয়ে ১৩৫৩১৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। সমগ্র বিশ্বের অর্থনৈতিক মন্দার প্রভাবে এ সময় সামগ্রিকভাবে ব্যাংকের বৈদেশিক মুদ্রা ব্যবসা কমলেও রেমিটেন্স ১৬৬৪ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়েছে। সোনালী ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত সময়ে সোনালী ব্যাংক সর্বমোট ১১০২৭২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ১০৩২৩৩ মিলিয়ন টাকা ঋণ আদায় করেছে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ১০৭৩৮৪ মিলিয়ন এবং ১০৪০১০ মিলিয়ন টাকা। খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি বিশ্লেষণ করলে দেখা যায় যে, ২০০১ সালে সোনালী ব্যাংক কৃষি খাতে ৩০৭৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ৪৭৩৯ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ৩১৩৩ মিলিয়ন টাকা ও ৩৫০৬ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে শিল্প খাতে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে

সারণি-২

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ		কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
			মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০০	বিতরণ	৩১৩৩	১৮৭৯	১৯২৭০	২১১৪৯	৮৩১০২	১০৭৩৮৪
	আদায়	৩৫০৬	২৬৮৫	১৭৫৬২	২০২৪৭	৮০২৫৭	১০৪০১০
২০০১	বিতরণ	৩০৭৫	১৫৪১	১৬৪০৪	১৭৯৪৫	৮৯২৫২	১১০২৭২
	আদায়	৪৭৩৯	৩০৮০	১৩১৯৮	১৬২৭৮	৮২২১৬	১০৩২৩৩
৩১ মার্চ ২০০২*	বিতরণ	১০২০	৭০০	৬১৫৭	৬৮৫৭	৩৫২২০	৪৪১১৭
	আদায়	৯০০	৩৫৭	২৭৫০	৩১০৭	১৬৯৪৮	২০৯৫৫
৩০ জুন ২০০২**	বিতরণ	২০৪০	৭০০	৬১৫৭	৬৮৫৭	৩৫২২০	৪৪১১৭
	আদায়	১৮০০	৯০০	৫৮৩৭	৬৭৩৭	৩৩৮৬১	৪২৩৯৮

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৩

শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকা)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ ডিসেম্বর ২০০১ তারিখে			
প্রকল্প সংখ্যা	২৫৭	৩৯০৮৪	৩৯৩৪১
পরিমাণ	১৮৫৯৬	১১১৪৩	২৯৭৩৯
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৩২	২৫	৫৭
পরিমাণ	২৩২৮	২০৩	২৫৩১
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ মার্চ ২০০২ তারিখে			
প্রকল্প সংখ্যা	২৬৪	৩৯০৮৭	৩৯৩৫১
পরিমাণ	১৯০৬১	১১১৬৮	৩০২২৯
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০২ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৭	৩	১০
পরিমাণ	৪৬৫	২৫	৪৯০
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০২ পর্যন্ত*			
প্রকল্প সংখ্যা	১৫	২৫	৩৫
পরিমাণ	৫০৫	১২৬	৬৩১

* প্রাক্কলিত।

১৭৯৪৫ মিলিয়ন টাকা ও ১৬২৭৮ মিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ২১১৪৯ মিলিয়ন টাকা ও ২০২৪৭ মিলিয়ন টাকা। ব্যাংকটির খাতওয়ারী ঋণ বিতরণ ও আদায়ের অবস্থা সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

২০০১ সালে সোনালী ব্যাংক ২৫৩১ মিলিয়ন টাকার শিল্প ঋণ মঞ্জুর করেছে; যা পূর্ববর্তী বছরের তুলনায় ৮৯০ মিলিয়ন টাকা বেশী। ২০০১ সালের ডিসেম্বর পর্যন্ত পুঞ্জীভূত মোট শিল্প ঋণের (মেয়াদি) মধ্যে ব্যাংকের নিজস্ব তহবিল থেকে মঞ্জুরীকৃত ঋণের পরিমাণ ২৮৬২১ মিলিয়ন টাকা এবং বিভিন্ন বৈদেশিক দাতা সংস্থার ঋণ কর্মসূচীর আওতায় ১১১৮ মিলিয়ন টাকা মঞ্জুর করেছে। শিল্পের আকার অনুযায়ী ঋণ মঞ্জুরীর পরিমাণ সারণি-৩-এ দেখানো হলো।

অন্যান্য কার্যাবলী

কৃষি/পল্লী ঋণ কর্মসূচী

সোনালী ব্যাংক ১৯৭৩-'৭৪ সাল থেকে পল্লী এলাকায় কৃষি/পল্লী ঋণ প্রদান শুরু করে। ব্যাংকের বর্তমান বকেয়া কৃষি/পল্লী ঋণের পরিমাণ ২৯৪৮৯ মিলিয়ন টাকা, যার প্রধান অংশ কৃষিজাত পণ্য উৎপাদন এবং গ্রামীণ ক্ষুদ্র চাষীদের আয় বৃদ্ধির কাজে ব্যবহৃত হচ্ছে। ব্যাংকের মোট ১২৯১ টি শাখার (২টি বৈদেশিক শাখাসহ) মধ্যে ১০৭৩ টি শাখার মাধ্যমে সারা দেশের ১১৪০ টি ইউনিয়নে পল্লী ঋণ কার্যক্রম চালু রয়েছে। ব্যাংকের কৃষি/পল্লী ঋণ গ্রহীতার সংখ্যা বর্তমানে ১.৩৬ মিলিয়ন। এ ঋণ কর্মসূচী/প্রকল্পের আওতায় মূলতঃ ক্ষুদ্র আয়বর্ধক কর্মকান্ডে উল্লেখযোগ্য পরিমাণ অর্থায়ন করা হয়ে থাকে।

বিশেষ বিনিয়োগ কর্মসূচী

নব্বই দশকের পূর্ব পর্যন্ত সোনালী ব্যাংকের কৃষি/পল্লী ঋণ কর্মসূচী মূলতঃ শস্য উৎপাদনের মধ্যেই সীমাবদ্ধ ছিল। ১৯৯৩ সালের ফেব্রুয়ারী মাস থেকে মৎস্য চাষ, হাঁস-মুরগী, গবাদি পশু ও জামদানী তাঁত শিল্পসহ বিভিন্ন কৃষি উপখাতে পুঁজি বিনিয়োগে অক্ষম অথচ সম্ভাবনাময় গ্রামীণ ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে ঋণ প্রদানের লক্ষ্যে নিবিড় তদারকিমূলক ব্যবস্থাপনায় বিশেষ বিনিয়োগ কর্মসূচী প্রবর্তন করা হয়। নির্ধারিত ২৩১টি শাখার মাধ্যমে ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে ৫০ হাজার টাকা কোন সহায়ক জামানত ছাড়াই এবং সর্বোচ্চ ০.৫০ মিলিয়ন টাকা পর্যন্ত ঋণ প্রদানের লক্ষ্যে এ কর্মসূচী প্রণীত হয়েছিল। ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত এ কর্মসূচীতে ২৬৯১২ জন উদ্যোক্তার মাঝে ১০৯১ মিলিয়ন টাকা বিনিয়োগ করা হয়েছে যার বিপরীতে আদায়ের হার প্রায় ৭২%। প্রদত্ত ঋণের প্রায় ৬০% জামানত বিহীন। উক্ত কর্মসূচীর আওতায় সম্পূর্ণ ঋণ মঞ্জুরীর ক্ষমতা মাঠ পর্যায়ে ন্যস্ত আছে।

কৃষিজ শিল্প ঋণ কর্মসূচী

ক্ষুদ্র ও মাঝারি আকারে দুগ্ধ উৎপাদন, গরু মোটাতাজাকরণ, মহিষ পালন, হাঁস-মুরগী পালন, মৎস্য খামার (সনাতনী ও আধা নিবিড়), চিংড়ী চাষ (গলদা ও বাগদা), মৎস্য হ্যাচারী, চিংড়ী হ্যাচারী (গলদা ও বাগদা) মুরগী হ্যাচারী ও ফিডমিল (চিংড়ী, মাছ, মুরগী ও গবাদি পশু খামারের জন্য) এবং দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ খামার প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৯৩ সাল হতেই সোনালী ব্যাংক তদারকিমূলক কৃষিজ শিল্প ঋণ কর্মসূচী প্রবর্তন করেছে। কৃষিজ শিল্প খাতে সম্ভাবনাময় উদ্যোক্তাদের মাধ্যমে আমিষ জাতীয় খাদ্যের ঘাটতি পূরণে বিনিয়োগ বৃদ্ধির সুযোগ সৃষ্টি, নতুন কর্মসংস্থান সৃষ্টি, জাতীয় আয় বৃদ্ধি ও সামাজিক উন্নয়নই আলোচ্য কর্মসূচীর লক্ষ্য। কৃষিজ শিল্প ঋণ কর্মসূচীর আওতায় ব্যাংক এ পর্যন্ত ১২৪ টি প্রকল্পের অনুকূলে ৮২৪ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুরী দিয়েছে।

পুকুরে মৎস্য চাষ ঋণ কর্মসূচী

গ্রামাঞ্চলের হাজা মজা জলাশয় ও পুকুরকে সংস্কার করে মৎস্য চাষের আওতাভুক্ত করার জন্য সহজ শর্তে ঋণ প্রদানের লক্ষ্যে পুকুরে মৎস্য চাষ ঋণ কর্মসূচী চালু করা হয়েছে। ক্ষুদ্র পুকুর মালিক/অংশীদারদের ঋণ সুবিধা প্রদানের জন্য সারা দেশের ২০০ টি শাখাকে মনোনীত করা হয়েছে। এ খাতে সহায়ক জামানত ব্যতিরেকে ৫০ হাজার টাকা পর্যন্ত ঋণ সুবিধা প্রদান করা হয়ে থাকে।

দারিদ্র বিমোচন ঋণ কর্মসূচী

গ্রামাঞ্চলে বসবাসকারী দরিদ্র জনগোষ্ঠির উৎপাদনমুখী কর্মসংস্থান সৃষ্টি তথা স্বাবলম্বী করার লক্ষ্যে দারিদ্র বিমোচন ঋণ কর্মসূচী চালু করা হয়েছে। ব্যাংকের পল্লী ঋণ কর্মকান্ডের মধ্যে নিম্নোক্ত কর্মসূচী/প্রকল্পসমূহ দারিদ্র বিমোচনের লক্ষ্যে গৃহীত হয়েছে ঃ-

১) এশীয় উন্নয়ন ব্যাংকের সহায়তায় বৃহত্তর রাজশাহী, পাবনা, কুষ্টিয়া, যশোর, ঢাকা, নারায়ণগঞ্জ, সিলেট ও চট্টগ্রাম জেলার ১৩৬টি থানায় পরিচালিত পল্লী জীবিকায়ন প্রকল্প (২) বৃহত্তর রংপুর জেলায় পরিচালিত আরডি-৯ প্রকল্প (৩) সরকারের জনশক্তি ও কর্মসংস্থান প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) সহায়তায় পরিচালিত বিত্তহীন ঋণ প্রকল্প (৪) 'স্বনির্ভর বাংলাদেশ'-এর সহায়তায় পরিচালিত স্বনির্ভর ঋণ কর্মসূচী (৫) প্রান্তিক ও ক্ষুদ্র খামার পদ্ধতির মাধ্যমে শস্য নিবিড়করণ প্রকল্প এবং (৬) দারিদ্র বিমোচন ও মহিলা উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে সম্প্রতি গৃহীত আরও ২টি ঋণ কর্মসূচী ঃ ক) শহরে ক্ষুদ্র মহিলা উদ্যোক্তা সৃষ্টির উদ্দেশ্যে সহায়ক জামানতমুক্ত ঋণ প্রদান কর্মসূচী ও খ) এনজিও/এমএফআই (মাইক্রো ফাইন্যান্সিং ইন্সটিটিউশন) -দেরকে লিংকেজ প্রোগ্রামে ঋণ প্রদান কর্মসূচী। এর আওতায় ব্যাংক এ পর্যন্ত ৯টি এনজিওকে প্রায় ৩৯৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে।

বিত্তহীনদের ঋণ প্রদানের একটি কার্যকর মডেল উদ্ভাবনের লক্ষ্যে সোনালী ব্যাংক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী, কুমিল্লা ও বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া-এর সংগে ২টি গবেষণামূলক ঋণ কর্মসূচী পরিচালনা করছে। পল্লী দারিদ্র বিমোচন কর্মসূচী সংশ্লিষ্ট বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ব্যাংক এ পর্যন্ত ৮০৩২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে, যার সুফল ভোগ করছে ৬২৬৪৫৮ জন দরিদ্র জনগোষ্ঠী যার মধ্যে ২৫০৫৮৩ জন হচ্ছে মহিলা (৪০%)।

মহিলা ঋণ কর্মসূচী

দারিদ্র বিমোচন কর্মসূচীর আওতায় এটিও একটি

সারণি-৪

খাত ভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ঃ	২৫৩৯৬	১৯৬৫১	২১৬১৫	২১৭৬০
	ক) শস্য	১৮২৭২	১৮৮৬৮	২০৭৫৪	২০৮৫৬
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৭১২৪	৭৮৩	৮৬১	৯০৪
২।	শিল্প ঃ	৪৩১৮১	৪৫৭৭৪	৪৬৪০৫	৪৭০৫৪
	ক) বৃহৎ ও মাঝারি	২৮৫১৪	৩১২১৭	৩১৬৬৮	৩২১২৫
	খ) ক্ষুদ্র ও কুটির	১৪৬৬৭	১৪৫৫৭	১৪৭৩৭	১৪৯২৯
৩।	পাইকারী/খুচরা বাণিজ্য এবং রেস্তোরা/হোটেল	১৩৬৯৮	১৬২৮৭	১৬৬১২	১৬৯৪৪
৪।	বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা	৩১৮৭	৩০০১	৩০৬১	৩১২২
৫।	পরিবহন ও যোগাযোগ	১১১	১০৬	১০৮	১১০
৬।	বিশেষ ঋণ কর্মসূচি ঃ	৩০১৬	৮৭৪৯	৯৬২৩	৯৭৭০
	ক) দারিদ্র বিমোচন	২১০৩	২৬১৪	২৮৭৫	৩০১৮
	খ) অন্যান্য	৯১৩	৬১৩৫	৬৭৪৮	৬৭৫২
৭।	অন্যান্য	৪৪৭৫৮	৪৮৩৪৮	৪৭০৩৩	৪৮৮০৪
	সর্বমোট	১৩৩৩৪৭	১৪১৯১৬	১৪৪৪৫৭	১৪৭৫৬৪

উল্লেখযোগ্য উদ্যোগ। সারা দেশের ১৩০টি থানায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সহায়তায় সোনালী ব্যাংকে মহিলা ঋণ কর্মসূচী বাস্তবায়ন করা হচ্ছে, যা শুধু মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য এবং মহিলাদের দ্বারা পরিচালিত বৃহত্তম ঋণ কর্মসূচী। এ প্রকল্পে ব্যাংক কর্তৃক এ যাবত ১৪৬৫ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে এবং আদায়ের হার প্রায় ৯৭%। এ কর্মসূচীটি সমবায়ী কাঠামোর আওতায় পরিচালিত হচ্ছে এবং দেশের ৭৩৩৬টি প্রাথমিক সমিতির (এম এস এস) ২৭০৩৩০ জন মহিলা বর্তমানে উক্ত ঋণ সুবিধা ভোগ করছেন।

উপরোক্ত বহুমুখী আয়বর্ধক কর্মসূচী গ্রহণ করায় অ-কৃষি খাতে উৎপাদন যথেষ্ট বৃদ্ধি পেয়েছে। তাছাড়া আলোচ্য কর্মসূচীগুলো বাস্তবায়নের ফলে পল্লী এলাকায় অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি এবং মৌসুমী বেকারত্ব কমানোর ক্ষেত্রেও এই ব্যাংক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

গ্রাহক সেবা

প্রতিযোগিতামূলক ব্যাংকিং পরিবেশের প্রেক্ষাপটে গণ ব্যাংকিং-এর পাশাপাশি বিশেষ শ্রেণীর ব্যাংকিং-এর জন্য প্রাথমিকভাবে এই ব্যাংকের বেশ কয়েকটি শাখায় কর্পোরেট ক্লায়েন্ট সার্ভিস চালু করা হয়েছে। গ্রাহক সেবার মান বৃদ্ধি, ব্যাংকের তথ্য প্রবাহে গতি সঞ্চার ও ত্বরিৎ ব্যবস্থাপনা সিদ্ধান্ত গ্রহণ এবং বহির্বিশ্বের সাথে যোগাযোগ স্থাপনের জন্য এসব শাখায় কম্পিউটারায়নের পাশাপাশি ওয়ান স্টপ সার্ভিস চালু করা হয়েছে। সোনালী ব্যাংকের নিজস্ব ওয়েব সাইট ইতোমধ্যেই চালু করা হয়েছে এবং কম্পিউটারের সহায়তায় SWIFT (Society for Worldwide Inter-bank Finance and Telecommunication) ব্যবস্থা প্রবর্তনের প্রক্রিয়া বর্তমানে বাস্তবায়ন করা হচ্ছে।

বিশেষ ঋণ কর্মসূচীসহ সোনালী ব্যাংকের খাত ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

জনতা ব্যাংক

জনতা ব্যাংক দেশের অন্যতম বৃহত্তম রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক। ২০০১ সালের ডিসেম্বর শেষে ব্যাংকটির অনুমোদিত মূলধন, পরিশোধিত মূলধন ও রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৮০০০ মিলিয়ন টাকা, ২৫৯৪ মিলিয়ন টাকা ও ৫৩৯ মিলিয়ন টাকা। বিদেশে ৪টি শাখাসহ ব্যাংকের মোট শাখার সংখ্যা ৯০০টি। বিদেশী শাখাসমূহ সংযুক্ত আরব আমিরাতের আবুধাবী, দুবাই, শারজাহ ও আল-আইনে অবস্থিত। এছাড়া বিশ্বের বিভিন্ন দেশে অত্র ব্যাংকের বিদেশী প্রতিসংগী ব্যাংকের সংখ্যা রয়েছে ১২২৯টি। ২০০১ সালের শেষে ব্যাংকের মোট জনশক্তি দাঁড়ায় ১৬৬৯২ জন, যার মধ্যে ৮৩৯২ জন কর্মকর্তা ও ৮৩০০ জন কর্মচারী।

২০০১ সালে জনতা ব্যাংকের আমানত পূর্ববর্তী বছরের চেয়ে ১৯৪৪৪ মিলিয়ন টাকা (১৮%) বৃদ্ধি পেয়ে ১২৪১২২ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা ২০০০ সালে বৃদ্ধি পেয়েছিল

ব্যাংক অর্থায়িত একটি সুতা তৈরির কারখানা

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৮০০০	৮০০০	৮০০০	৮০০০
২।	পরিশোধিত মূলধন	২৫৯৪	২৫৯৪	২৫৯৪	২৫৯৪
৩।	রিজার্ভ ফান্ড	৫৩৩	৫৩৯	৫৩৯	৫৩৯
৪।	আমানত ক) তলবি আমানত খ) মেয়াদি আমানত	১০৪৬৭৮ ১৯০৬৮ ৮৫৬১০	১২৪১২২ ২৩৬৯৯ ১০০৪২৩	১১৬৬৬৭ ২১৪০৯ ৯৫২৫৮	১২০৭৫০ ২২৬৯০ ৯৮০৬০
৫।	ঋণ ও অগ্রিম	৮০৯৫২	৮৯৮৬২	৯২০৯১	৯৩০১০
৬।	বিনিয়োগ	২০৩৬৮	২০৪৫৫	২০২৫০	২০৩৮২
৭।	মোট পরিসম্পদ	১২৮৫৬৮	১৫১৮৬২	১৫৩১৮২	১৫৩২০২
৮।	মোট আয়	৯২৯৬	১০০১৩	৩৭০৫	৫৭৫০
৯।	মোট ব্যয়	৮৪৬৫	৯৩৪৭	৩৬৯০	৫৭৩০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা ক) রপ্তানি খ) আমদানি গ) রেমিটেন্স	৮৯৭৫৮ ৩০৭৮০ ৪৮০০৫ ১০৯৭৩	৯৯৯৪১ ৩২৩৯০ ৫৪৬৬৬ ১২৮৮৫	২২১৫০ ৮০০০ ১১১৬০ ২৯৯০	৫৩৫০০ ২০০০০ ২৭৫০০ ৬০০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়) ক) কর্মকর্তা খ) কর্মচারী	১৬৯৪৭ ৮৪০৭ ৮৫৪০	১৬৬৯২ ৮৩৯২ ৪৩০০	১৬৫৯৭ ৮৩৩৯ ৮২৫৮	১৬৫২৮ ৮৩০৬ ৮২২২
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	১২০৯	১২২৯	১২৩০	১২৩৫
১৩।	শাখা (সংখ্যায়) ক) বাংলাদেশে খ) বিদেশে	৮৯৮ ৮৯৪ ৪	৯০০ ৮৯৬ ৪	৯০০ ৮৯৬ ৪	৯০১ ৮৯৭ ৪

১১৪১০ মিলিয়ন টাকা (১২%)। আলোচ্য বছরে মোট আমানতের মধ্যে তলবি আমানত বৃদ্ধি পায় ৪৬৩১ মিলিয়ন টাকা (২৪%) এবং মেয়াদি আমানত বৃদ্ধি পায় ১৪৮১৩ মিলিয়ন টাকা (১৭%)। ২০০১ সালে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির পরিমাণ পূর্ববর্তী বছরের চেয়ে ৮৯১০ মিলিয়ন টাকা (১১%) বৃদ্ধি পেয়ে ৮৯৮৬২ মিলিয়ন টাকায় দাঁড়ায়। আলোচ্য বছরে ব্যাংকটির বিনিয়োগের পরিমাণ পূর্ববর্তী বছরের চেয়ে ৮৭ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ২০৪৫৫ মিলিয়ন টাকায় দাঁড়ায়। জনতা ব্যাংক ২০০১ সালে মোট ৯৯৯৪১ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রার ব্যবসা পরিচালনা করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল ৮৯৭৫৮ মিলিয়ন টাকা। ২০০১ সালে ব্যাংকটির মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার মধ্যে আমদানি, রপ্তানি ও রেমিটেন্সের পরিমাণ ছিল যথাক্রমে

সারণি-২

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০০						
বিতরণ	৮৮২	১২৭৬	১২৬৮৫	১৩৯৬১	৮৫৮৬	২৩৪২৯
আদায়*	৯০৭	৮০৭	১২২১৭	১৩০২৪	৮৬০৩	২২৫৩৪
২০০১						
বিতরণ	৮৮৬	১৭৭১	১১৪৮০	১৩২৫১	১১৩৪৫	২৫৪৮২
আদায়*	৮৮৬	১১৯০	১১৪৯১	১২৬৮১	৯৫৪১	২৩১০৮
৩১ মার্চ ২০০২* (সাময়িক)						
বিতরণ	৩৪০	৪৫০	৭২২৫	৭৬৭৫	৮৭২৫	১৬৭৪০
আদায়*	৩৩০	৩৬৬	৫৬৫১	৬০১৭	৬৬৫২	১২৯৯৯
৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)						
বিতরণ	৪২০	৮৫০	৯৯০০	১০৭৫০	১০৫০০	২১৬৭০
আদায়*	৪৮০	৫৭৫	৮২২৫	৮৮০০	৯৬০০	১৮৮৮০

*শ্রেণী বিন্যাসিত ঋণসহ আদায়।

৫৪৬৬৬ মিলিয়ন টাকা, ৩২৩৯০ মিলিয়ন টাকা ও ১২৮৮৫ মিলিয়ন টাকা। জনতা ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

২০০১ সালে জনতা ব্যাংক ২৫৪৮২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ২৩১০৮ মিলিয়ন টাকা ঋণ আদায় করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ২৩৪২৯ মিলিয়ন টাকা ও ২২৫৩৪ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে বিতরণকৃত ঋণের মধ্যে কৃষি ও শিল্প খাতে যথাক্রমে ৮৮৬ মিলিয়ন টাকা এবং ১৩২৫১ মিলিয়ন টাকা বিতরণ করা হয়। পূর্ববর্তী বছরে যার পরিমাণ ছিল যথাক্রমে ৮৮২ মিলিয়ন টাকা এবং ১৩৯৬১ মিলিয়ন টাকা। জনতা ব্যাংকের খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায় সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

২০০১ সালে জনতা ব্যাংক ৩৫ টি শিল্প প্রকল্পের জন্য মোট ২৩৭৪ মিলিয়ন টাকার শিল্প ঋণ মঞ্জুর করেছে। ২০০১ সাল পর্যন্ত ব্যাংকটির ক্রমপুঞ্জিভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়িয়েছে ১৬১২৯ মিলিয়ন টাকা, যার মধ্যে ৯৭৪৪ মিলিয়ন টাকা (৬০%) মঞ্জুর করা হয় বৃহৎ ও মাঝারি শিল্প খাতে। জনতা ব্যাংকের শিল্প ঋণের আকার ভিত্তিক অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

দারিদ্র বিমোচন/পল্লী ঋণ কর্মসূচী

জনতা ব্যাংক প্রচলিত ব্যাংকিং কার্যাবলীর পাশাপাশি দেশের আর্থ-সামাজিক উন্নয়নের স্বার্থে বিভিন্ন পল্লী ঋণ কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। কৃষি ঋণের পাশাপাশি আর্থ-সামাজিক উন্নয়ন অংগীকার বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালনের জন্য ব্যাংক দারিদ্র বিমোচন সংক্রান্ত বিভিন্ন ক্ষুদ্র ঋণ সম্প্রসারণের ক্ষেত্রে বিশেষ প্রাধান্য দিচ্ছে। ব্যাংক নিজস্ব উদ্যোগে ও দেশী-বিদেশী সংস্থার সহযোগিতায় দারিদ্র বিমোচনসহ বিভিন্ন কর্মসূচী বাস্তবায়ন করছে। বাংলাদেশের আর্থ-সামাজিক

সারণি-৩

শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকা)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ ডিসেম্বর ২০০১ তারিখে			
প্রকল্প সংখ্যা	৬৮	৪৭৯৪	৪৮৬২
পরিমাণ	৯৭৪৪	৬৩৮৫	১৬১২৯
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১৪	২১	৩৫
পরিমাণ	২০১৪	৩৫৯	২৩৭৩
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ মার্চ ২০০২ তারিখে			
প্রকল্প সংখ্যা	৭২	৪৭৯৭	৪৮৬৯
পরিমাণ	১০৫৫২	৬৩৮৯	১৬৯৪০
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০২* পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৪	৩	৭
পরিমাণ	৮০৭	৪	৮১১
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০২** পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১০	৮	১৮
পরিমাণ	১২৮৬	৯৮	১৩৮৪

*সাময়িক ** প্রাক্কলিত।

প্রেক্ষাপটে যেসব পরিবারের আবাসভূমিসহ চাষযোগ্য জমির পরিমাণ ১.৫ একর ও মাসিক আয় ৪০০০ টাকা, তাদেরকে বিভিন্ন দারিদ্র নিরসনমূলক ক্ষুদ্র ঋণ প্রদানে প্রাধান্য দেয়া হয়ে থাকে। উৎপাদনমুখী ও আয় উৎসারী কার্যক্রমের ধরণ ও প্রয়োজনের উপর ভিত্তি করে ঋণের মাত্রা নির্ধারণ করা হয়। ঋণের সর্বোচ্চ মাত্রা জন প্রতি ০.৫০ মিলিয়ন টাকা পর্যন্ত হতে পারে। এক্ষেত্রে ৪০ হাজার টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে কোন সহজামানতের প্রয়োজন হয় না। ৩১ ডিসেম্বর ২০০১ তারিখে দারিদ্র নিরসনমূলক ঋণ কর্মসুচীগুলোর বিপরীতে ঋণ স্থিতির পরিমাণ দাঁড়ায় ৯৭৪ মিলিয়ন টাকা। বর্তমানে ৮৬০টি শাখার মাধ্যমে এ ঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। পল্লী ঋণ কার্যক্রমকে কয়েকটি খাতে সীমাবদ্ধ না রেখে কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণ, আমদানি বিকল্প ও রপ্তানিযোগ্য পণ্য উৎপাদনক্ষম কৃষি প্রকল্প, কৃষিভিত্তিক শিল্প ও গ্রামীণ কর্মকাণ্ডে বিনিয়োগ সম্প্রসারণ/ বহুমুখীকরণের বিষয়টিকে অগ্রাধিকার প্রদান করা হচ্ছে। সম্প্রসারিত কার্যক্রমের আওতায় ৯৯টি খাত/উপখাতকে চিহ্নিত করা হয়েছে। ৩১ ডিসেম্বর ২০০১ তারিখে জনতা ব্যাংকের মোট পল্লী ঋণের স্থিতির পরিমাণ দাঁড়ায় ৬৬৫৮ মিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরের একই সময়ে যার পরিমাণ ছিল ৬৪৫৪ মিলিয়ন টাকা।

দারিদ্র নিরসন ও বিশেষ ঋণসহ ব্যাংকটির খাত ভিত্তিক ঋণের অবস্থা সারণি-৪-এ দেয়া হলো।

সারণি-৪

খাত ভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ঃ	৪২৯৩	৪৪০১	৪৪৯৮	৪৫০৯
	ক) শস্য	৩৭৪০	৩৮৫৩	৩৯৫০	৩৯৬০
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৫৫৩	৫৪৮	৫৪৮	৫৪৯
২।	শিল্প :	৩৬২০৬	৪১৬৬২	৪৩৫৮০	৪৫০০০
	ক) বৃহৎ ও মাঝারি	২৯৩৩৮	৩৩৭৮৭	৩৫৭০০	৩৭০০০
	খ) ক্ষুদ্র ও কুটির	৬৮৬৮	৭৮৭৫	৭৮৮০	৮০০০
৩।	পাইকারী/খুচরা বাণিজ্য এবং রেস্তোরা/হোটেল	৫৯১	৬১১	৬১৫	৬২০
৪।	বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা	২৯৯	৪১২	৩২৫	৩৩০
৫।	পরিবহন ও যোগাযোগ	৩৪০	৩০২	৩০০	২৯০
৬।	বিশেষ ঋণ কর্মসূচি ঃ	১৪৭০	১৪৮১	১৪৮৯	১৪৯৫
	ক) দারিদ্র বিমোচন	৮৫০	৯৭৪	৯৮১	৯৮৬
	খ) অন্যান্য	৬২০	৫০৭	৫০৮	৫০৯
৭।	অন্যান্য	৩৭৭৫৩	৪০৯৯৩	৪১২৮৪	৪০৭৬৬
	সর্বমোট	৮০৯৫২	৮৯৮৬২	৯২০৯১	৯৩০১০

অগ্রণী ব্যাংক

অগ্রণী ব্যাংক দেশের অন্যতম বৃহৎ রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক। ২০০১ সালের ডিসেম্বর শেষে অগ্রণী ব্যাংকের অনুমোদিত এবং পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৮০০০ মিলিয়ন টাকায় ও ২৪৮৪ মিলিয়ন টাকায় এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় ৮২২ মিলিয়ন টাকা। সাত জন পরিচালকের সমন্বয়ে গঠিত পরিচালনা পর্ষদ ব্যাংকের সামগ্রিক নীতি নির্ধারণ করেন। দেশের প্রত্যন্ত অঞ্চল জুড়ে অগ্রণী ব্যাংকের রয়েছে ৯০৩ টি শাখা, যার মধ্যে ৫৬৯টি বা শতকরা ৬৩ ভাগ গ্রামীণ শাখা। ব্যাংকটির মোট জনবলের সংখ্যা হচ্ছে ১৩০৫৮ জন, যার মধ্যে ৬৯৭৬ জন কর্মকর্তা ও ৬০৮২ জন কর্মচারী। মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ ছাড়াও ২০০১ সালে ৩৪ টি কোর্স পরিচালনার মাধ্যমে মোট ১১২৭ জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ বছর ব্যাংকটি ৩৫১ মিলিয়ন টাকা মুনাফা অর্জন করেছে। ২০০১ সালে অগ্রণী ব্যাংকের আমানত পূর্ববর্তী বছরের তুলনায় ৬১৮৬ মিলিয়ন টাকা (৬%) বৃদ্ধি পেয়ে ১০৬৭১৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। উক্ত সময়ে তলবি আমানত

ব্যাংকের আর্থিক সহায়তায় গড়ে ওঠা একটি পেপার মিল

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৮০০০	৮০০০	৮০০০	৮০০০
২।	পরিশোধিত মূলধন	২৪৮৪	২৪৮৪	২৪৮৪	২৪৮৪
৩।	রিজার্ভ ফান্ড	৩১৯	৮২২	৮২২	৮২২
৪।	আমানত	১০০৫২৭	১০৬৭১৩	১০৯৬৯৫	১১৪৮৯৫
	ক) তলবি আমানত	১৮৩৮৮	১৭৩৪৫	১৭৮২৯	১৮৬৭৫
	খ) মেয়াদি আমানত	৮২১৩৯	৮৯৩৬৮	৯১৮৬৬	৯৬২২০
৫।	ঋণ ও অগ্রিম	৭৬৫৪৯	৮০০১৬	৮৩৯১৯	৮৮০৫২
৬।	বিনিয়োগ	২৮১৭২	২৫৯৬৭	২৫৩৮৪	২৬৩৮৪
৭।	মোট পরিসম্পদ	১০৯০৮৬	১৩১০৬৮	১৩৩০১৯	১৩৪৯৭০
৮।	মোট আয়	৯১৮২	৯০৭৩	২২৬৯	৪৫৩৮
৯।	মোট ব্যয়	৮৪১৬	৮৭২২	২০১৯	৪০৩৮
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	১০৬৯২৪	৯৭৪৭৮	৩৪৩০০	৬৮৬০০
	ক) রপ্তানি	৪২০২০	৩৭৪২৯	১২৫০০	২৫০০০
	খ) আমদানি	৩২৭১৫	২৬৩৪০	১০০০০	২০০০০
	গ) রেমিটেন্স	৩২১৮৯	৩৩৭০৯	১১৮০০	২৩৬০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	১৩২৪২	১৩০৫৮	১২৯৮৯	১২৯৬৭
	ক) কর্মকর্তা	৭০১৮	৬৯৭৬	৬৯২৭	৬৯১২
	খ) কর্মচারী	৬২২৪	৬০৮২	৬০৬২	৬০৫৫
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৯৮০	৯৮০	৯৮০	৯৮০
১৩।	শাখা (সংখ্যায়)	৯০৩	৯০৩	৯০৩	৯০৩
	ক) বাংলাদেশে	৯০৩	৯০৩	৯০৩	৯০৩
	খ) বিদেশে	-	-	-	-

১০৪৩ মিলিয়ন টাকা হ্রাস এবং মেয়াদি আমানত ৭২২৯ মিলিয়ন টাকা বৃদ্ধি পায়। ২০০১ সালের ডিসেম্বর শেষে ব্যাংকটির মোট ঋণ ও অগ্রীমের স্থিতির পরিমাণ ৩৪৬৭ মিলিয়ন টাকা (৫%) বৃদ্ধি পেয়ে ৮০০১৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০১ সালের ডিসেম্বর শেষে ব্যাংকটির বিনিয়োগের পরিমাণ ২২০৫ মিলিয়ন টাকা (৮%) হ্রাস পেয়ে ২৫৯৬৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০১ সালে ব্যাংকের মোট বৈদেশিক ব্যবসার পরিমাণ ৯৭৪৭৮ মিলিয়ন টাকার মধ্যে আমদানি, রপ্তানি ও রেমিটেন্সের পরিমাণ ছিল যথাক্রমে ২৬৩৪০ মিলিয়ন টাকা, ৩৭৪২৯ মিলিয়ন টাকা ও ৩৩৭০৯ মিলিয়ন টাকা। অগ্রণী ব্যাংক ৩১ জানুয়ারি ২০০০ তারিখে সিঙ্গাপুরে বসবাসরত বাংলাদেশীদের কষ্টার্জিত অর্থ দেশে প্রেরণের সুবিধার্থে সিঙ্গাপুরে 'অগ্রণী এক্সচেঞ্জ হাউজ প্রাঃ লিঃ' নামে একটি এক্সচেঞ্জ হাউজ খুলেছে। ৮ এপ্রিল ২০০২ পর্যন্ত উক্ত হাউজ থেকে ১.৪৬ মিলিয়ন সিঙ্গাপুরী ডলারের সমমানের

সারণি-২

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ		কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
			মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০০							
	বিতরণ	৬৪০	২৭৩	৫৫৫৮	৫৮৩১	১৭৭০৩	২৪১৭৪
	আদায়	৬৬৪	৫৫২	৩১৯৮	৩৭৫০	১৯৮৩৮	২৪২৫২
২০০১							
	বিতরণ	৬৪৫	১১৮৭	৭২০৮	৮৩৯৫	২১০৯৫	৩০১৩৫
	আদায়	৬৫৮	৮৫৯	৪৪২৭	৫২৮৬	২০৯৩১	২৬৮৭৫
৩১ মার্চ ২০০২*							
	বিতরণ	১২০	৩০৬	৭৮৩৩	৮১৩৯	২৩৩৯৯	৩১৬৫৮
	আদায়	১০০	৮৬	৪৭৫৯	৪৮৪৫	২২০৫৭	২৭০০২
৩০ জুন ২০০২**							
	বিতরণ	২৪০	৬১২	৮৪৫৮	৯০৭০	২৬৯৪৬	৩৬২৫৬
	আদায়	২০০	২০৪	৫০৯১	৫২৯৫	২৩৯৬৮	২৯৪৬৩

* সাময়িক। ** প্রাক্কলিত।

৪৪.৫৯ মিলিয়ন বাংলাদেশী টাকা দেশের অভ্যন্তরে প্রত্যাবাসিত হয়েছে। প্রবাসীদের কষ্টার্জিত বৈদেশিক মুদ্রা দ্রুততম সময়ে দেশে প্রেরণের সম্ভাব্য সকল পদক্ষেপ গ্রহণ অব্যাহত আছে। অগ্রণী ব্যাংকের কার্যক্রমের প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

২০০১ সালে অগ্রণী ব্যাংক মোট ৩০১৩৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ২৬৮৭৫ মিলিয়ন টাকা আদায় করে। বিতরণকৃত ঋণের মধ্যে ছিল ৬৪৫ মিলিয়ন টাকা কৃষি ঋণ, ৮৩৯৫ মিলিয়ন টাকা শিল্প ঋণ ও ২১০৯৫ মিলিয়ন টাকা অন্যান্য ঋণ। এর বিপরীতে উক্ত খাতসমূহে ঋণ আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৬৫৮ মিলিয়ন টাকা, ৫২৮৬ মিলিয়ন টাকা ও ২০৯৩১ মিলিয়ন টাকা। ব্যাংকের খাতওয়ারী ঋণ বিতরণ ও আদায়ের তুলনামূলক চিত্র সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

২০০১ সালের ডিসেম্বর পর্যন্ত অগ্রণী ব্যাংক ৫৮৭১ টি প্রকল্পের জন্য মেয়াদি ঋণ হিসেবে ১৪২৪২ মিলিয়ন টাকা মঞ্জুর করেছে, যার মধ্যে কেবল ২০০১ সালে ৪১টি প্রকল্পের অনুকূলে মোট ১৭২১ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করেছে। মোট শিল্প ঋণের মধ্যে ব্যাংকের নিজস্ব তহবিল হতে ক্রমপুঞ্জিভূত মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ ছিল ১৩৫৮৪ মিলিয়ন টাকা এবং বৈদেশিক ঋণ কর্মসূচীর আওতায় বৈদেশিক মুদ্রার অংশ ছিল ৬৫৮ মিলিয়ন টাকা। শিল্প খাতে অগ্রণী ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণের মধ্যে শতকরা ৩৮ ভাগ দেয়া হয়েছে বৃহৎ ও মাঝারি শিল্প খাতে এবং অবশিষ্ট ৬২ ভাগ দেয়া হয়েছে ক্ষুদ্র ও কুটির শিল্প খাতে। শিল্পের সকল গুরুত্বপূর্ণ উপ-খাতে অগ্রণী ব্যাংক অর্থায়ন করে আসছে। অগ্রণী ব্যাংকের শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী সারণি-৩-এ দেয়া হলো।

অন্যান্য কার্যাবলী

অগ্রণী ব্যাংক শিল্প উন্নয়ন বন্ড

দেশের শিল্প উন্নয়নে অর্থায়নের জন্য ৫০০০ মিলিয়ন টাকা তহবিল গঠনের উদ্দেশ্যে গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রবর্তিত 'অগ্রণী ব্যাংক শিল্প উন্নয়ন বন্ড' বাজারে ছাড়া হয়েছে। বন্ডের মেয়াদ ৫ বৎসর ও ৭ বৎসর এবং সুদের হার যথাক্রমে ১০% ও ১১%। ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত সময়ে বন্ড বিক্রয়ের মাধ্যমে সংগৃহীত তহবিলের পরিমাণ ২০৭২.৮০ মিলিয়ন টাকা এবং এর বিপরীতে বিনিয়োগের পরিমাণ হলো ১৮৩৩.৬০ মিলিয়ন টাকা।

সারণি-৩

শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকা)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ ডিসেম্বর ২০০১ তারিখে			
প্রকল্প সংখ্যা	২৬	৫৮৪৫	৫৮৭১
পরিমাণ	৫৩৯২	৮৮৫০	১৪২৪২
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৭	৩৪	৪১
পরিমাণ	১৩৩২	৩৮৯	১৭২১
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ মার্চ ২০০২ তারিখে			
প্রকল্প সংখ্যা	২৮	৫৮৪৯	৫৮৭৭
পরিমাণ	৬০৭৭	৮৮৯৫	১৪৯৭২
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০২* পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	২	৪	৬
পরিমাণ	৬৮৫	৪৫	৭৩০
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০২** পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৬	১৮	২৪
পরিমাণ	৯০৩	৫৩০	১৪৩৩

** সাময়িক ** প্রাক্কলিত।*

ফিমেল এডুকেশন প্রজেক্ট

অগ্রণী ব্যাংক বর্তমানে ফিমেল এডুকেশন-এ তিনটি প্রজেক্টে অর্থায়ন করছে। নোরাডের আর্থিক সহায়তায় 'ফিমেল এডুকেশন স্টাইপেন্ড প্রজেক্ট (এফ ই এস পি)'-এর আওতায় ১৯৯৯ সাল থেকে উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ করে আসছে এবং ২০০১ সালে ১৯টি উপজেলায় ৭৮১টি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রীদের উপবৃত্তি ও টিউশন ফি বাবদ ৭৩.৯০ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে। 'ফিমেল সেকেন্ডারী স্টাইপেন্ড প্রজেক্ট' (এফ এস এস পি)-এর আওতায় ২০০১ সালে ঢাকা বিভাগের ৬২ টি উপজেলাধীন ৩৫৩৯টি শিক্ষা প্রতিষ্ঠানের ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণী পর্যন্ত প্রায় ৫.৬২ লক্ষ ছাত্রীদের মধ্যে উপবৃত্তি ও টিউশন ফি বাবদ ২১৪.৭০ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে। 'ফিমেল সেকেন্ডারী স্কুল এসিস্টেন্স প্রজেক্ট (এফ এস এস এ পি)'-এর আওতায় ২০০১ সালে সারা দেশের ১১৮ টি উপজেলাধীন ৫৪৭৮ টি শিক্ষা প্রতিষ্ঠানের ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণী পর্যন্ত প্রায় ১০.৫৪ লক্ষ ছাত্রীর মধ্যে উপবৃত্তি ও টিউশন ফি বাবদ ৮২৮.১০ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে। এছাড়াও বাংলাদেশ সরকারের অর্থায়নে 'প্রাইমারী এডুকেশন স্টাইপেন্ড প্রজেক্ট' (পি ই এস পি)-এর আওতায় ৭৩টি উপজেলার ৪.১৭ লক্ষ ছাত্র-ছাত্রীকে ৬৩.৩০ মিলিয়ন টাকা উপবৃত্তি এবং 'শিশু কল্যাণ ট্রাস্ট' প্রকল্পের মাধ্যমে শিশু কল্যাণের নিমিত্তে ৩৪২ জন শিশুকে জানুয়ারি-জুন ২০০১ সময়ে ১.০৭ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে। অগ্রণী ব্যাংক এসব প্রকল্পের আওতায় প্রাপ্ত অর্থের উপর ২.৫% হারে সার্ভিস চার্জ পাচ্ছে।

দারিদ্র বিমোচন কর্মসূচী

দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠিকে সমৃদ্ধ করার লক্ষ্যে অগ্রণী ব্যাংক ১৯৭৭ সাল থেকে সরকারের অনুসৃত নীতি অনুযায়ী বিভিন্ন কার্যক্রম গ্রহণ করে আসছে। দেশের বাড়তি জনসংখ্যাকে মানব সম্পদে পরিণত করে আত্মকর্মসংস্থানের মাধ্যমে তাদের বেকারত্ব দূর করা, আর্থিক অবস্থার তথা জীবনযাত্রার মান

সারণি-৪

খাত ভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ঃ	৩৬৪৯	৪০৩১	৪০৫৪	৪১৪১
	ক) শস্য	৩২০৯	৩৫৭১	৩৫৯৯	৩৬৫০
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৪৪০	৪৬০	৪৫৫	৪৯১
২।	শিল্প :	৩৩৫১৬	৩৪৩১৭	৩৫২৬৭	৩৬২১৯
	ক) বৃহৎ ও মাঝারি	২৪৯০৫	২৫১৪৭	২৫৯৫৭	২৬৭৩২
	খ) ক্ষুদ্র ও কুটির	৮৬১১	৯১৭০	৯৩১০	৯৪৮৭
৩।	পাইকারী/খুচরা বাণিজ্য এবং রেস্তোরা/হোটেল	১৪৬১৭	১৭৬০৬	১৮৫১৪	১৯৪৪৭
৪।	বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা	৫৬৮৪	৫৯৬৯	৬১১৯	৬২৬৯
৫।	পরিবহন ও যোগাযোগ	৩৯২	৮৯২	৯৩৭	৯৮৪
৬।	বিশেষ ঋণ কর্মসূচি ঃ	১০১৪	১০৯২	১০৮৮	১১৪১
	ক) দারিদ্র বিমোচন	১০১৪	১০৯২	১০৮৮	১১৪১
	খ) অন্যান্য	-	-	-	-
৭।	অন্যান্য	১৭৬৭৭	১৬১০৯	১৭৯৪০	১৯৮৫১
	সর্বমোট	৭৬৫৪৯	৮০০১৬	৮৩৯১৯	৮৮০৫২

উন্নয়ন করা এবং সর্বোপরি তাদেরকে উৎপাদনমুখী কর্মকান্ডে সম্পৃক্ত করাই এ সকল কর্মসূচীর মূল লক্ষ্য ও উদ্দেশ্য। এ পর্যন্ত অগ্রণী ব্যাংক ২৭টি কর্মসূচী/প্রকল্পের মাধ্যমে মোট ২.৮৩ মিলিয়ন বেকার, দুঃস্থ মহিলা ও ভূমিহীন কৃষককে সর্বমোট ১২৯৭৫.১৬ মিলিয়ন টাকা বিতরণ করেছে এবং এ খাতে ঋণ আদায়ের হারও উল্লেখযোগ্য, যা গড়ে ৭৭%। এছাড়াও অগ্রণী ব্যাংক ইফাদের আর্থিক সাহায্যে ১৯৯৫ সাল থেকে 'এপ্লয়মেন্ট জেনারেশন প্রজেক্ট ফর দি রুরাল পুওর' নামে একটি প্রকল্পের আওতায় ঋণ বিতরণ করে আসছে। ৯৫০০ মাইক্রো এন্টারপ্রাইজ প্রতিষ্ঠার মাধ্যমে ৭০,০০০ লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত ১৯,৯৪০টি মাইক্রো এন্টারপ্রাইজকে মোট ৮৮৮ মিলিয়ন টাকা বিতরণ করে ৩০,২৫৭ জন লোকের কর্মসংস্থান করা হয়েছে। ঋণ আদায়ের গড় হার শতকরা ৯২ ভাগ। 'স্মল এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট' (এস ই পি ডি) নামে আরেকটি প্রকল্পের আওতায় ১৯৯৫ সাল থেকে ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত ২৩০৭২ টি প্রকল্পকে ৮৫৬.২০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করায় ৪০১৪৮ জন লোকের কর্মসংস্থান হয়েছে। ঋণ আদায়ের গড় হার শতকরা ৯৩ ভাগ।

গ্রাহক সেবা

অগ্রণী ব্যাংক দেশব্যাপী প্রায় ১০৯ টি শাখায় কম্পিউটারায়নের মাধ্যমে উন্নতমানের গ্রাহক সেবা প্রদান করে আসছে। তন্মধ্যে সাতটি বৃহত্তর শাখায় নিজস্ব সফটওয়্যার দ্বারা অগ্রণী শাখা ব্যাংকিং সল্যুশন (Agrani Branch Banking Solution) এবং বাকী শাখাগুলোতে বিভিন্ন Vendor কর্তৃক সরবরাহকৃত সফটওয়্যার ব্যবহার করা হচ্ছে। কম্পিউটারায়ন ছাড়াও মানব সম্পদের যথাযথ উন্নয়নের মাধ্যমে ব্যাংকিং সেবার গুণগত মান বাড়ানোর জন্য ব্যাংক কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকে।

ব্যাংকের বিশেষ ঋণ কর্মসূচীসহ খাত ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

রূপালী ব্যাংক লিমিটেড

১৪ ডিসেম্বর ১৯৮৬ সালে রূপালী ব্যাংককে একটি পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তরিত করা হয়। ২০০১ সালের ডিসেম্বর শেষে রূপালী ব্যাংকের অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৭০০০ মিলিয়ন টাকা ও ১২৫০ মিলিয়ন টাকা এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় ২৬৫ মিলিয়ন টাকা। পরিশোধিত মূলধনে সরকারি শেয়ারের পরিমাণ শতকরা ৯৪.৭৬ ভাগ এবং বেসরকারি শেয়ার-এর পরিমাণ ৫.২৪ ভাগ। পাকিস্তানের করাচীতে ১টি বিদেশী শাখাসহ ব্যাংকের শাখার সংখ্যা ২০০১ সালের ডিসেম্বর শেষে দাঁড়ায় মোট ৫১৩টিতে, যার মধ্যে ২৭৫টি শাখা শহর অঞ্চলে এবং বাকী ২৩৮টি পল্লী অঞ্চলে অবস্থিত। ২০০১ সালের শেষে ব্যাংকটির মোট জনসম্পদের সংখ্যা দাঁড়ায় ৫৮২৪ জন, যার মধ্যে কর্মকর্তার সংখ্যা ৩৫৭১ জন এবং কর্মচারীর সংখ্যা ২২৫৩ জন।

৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত সময়ে ব্যাংকের মোট আমানতের পরিমাণ (মুলতবী হিসাবে রক্ষিত সুদ বাদে) দাঁড়ায় ৪৯২২৭ মিলিয়ন টাকা, যা ২০০০ সালের তুলনায় ৪৬৭০ মিলিয়ন টাকা (১০.৪৮%) বেশী। ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত সময়ে রূপালী ব্যাংক লিমিটেড-এর ঋণের

ব্যাংকের অর্থায়নে পরিচালিত একটি পাটকল

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৭০০০	৭০০০	৭০০০	৭০০০
২।	পরিশোধিত মূলধন	১২৫০	১২৫০	১২৫০	১২৫০
৩।	রিজার্ভ ফান্ড	১৮৮	২৬৫	২৬৫	২৬৫
৪।	আমানত*	৪৪৫৫৭	৪৯২২৭	৫১৪৫০	৫৩৬৭০
	ক) তলবি আমানত	৮৭৯১	৯৪৫২	১০০২০	১০৫৮০
	খ) মেয়াদি আমানত	৩৫৭৬৬	৩৯৭৭৫	৪১৪৩০	৪৩০৯০
৫।	ঋণ ও অগ্রিম	৩৩৭৮৩	৩৮২০৯	৩৯৪৯১	৪০৭৭৬
৬।	বিনিয়োগ	৯৬৪০	১০২২৯	১০৪২০	১০৬২০
৭।	মোট পরিসম্পদ	৪৬৫৫২	৫২৫৬৪	৫৩৯৭০	৫৬২৪০
৮।	মোট আয়	৩৭৪৫	৪২৩২	১৪৭	৯৫০
৯।	মোট ব্যয়	৩৬৪৩	৩৯৪৫	২৬৭	৪৫০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৩০৩৬০	২৯০৭৬	৪৮৬০	২৩৪৭০
	ক) রপ্তানি	৭২০০	৬৮০৯	১৫৪০	৫৬৭০
	খ) আমদানি	২১১২০	২০৬৩৭	৩০১০	১৬৯০০
	গ) রেমিটেন্স	২০৪০	১৬৩০	৩১০	৯০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৫৭৭৮	৫৮২৪	৫৭৭২	৫৭৬২
	ক) কর্মকর্তা	৩৪৭৯	৩৫৭১	৩৫৯৪	৩৫৮৪
	খ) কর্মচারী	২২৯৯	২২৫৩	২১৭৮	২১৭৮
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	১৭৪	১৬০	১৬০	১৬১
১৩।	শাখা (সংখ্যায়)	৫১২	৫১৪	৫১৪	৫০৫
	ক) বাংলাদেশে	৫১১	৫১৩	৫১৩	৫০৪
	খ) বিদেশে	১	১	১	১

* মুলতবি হিসাবে রক্ষিত সুদ বাদে।

স্থিতির পরিমাণ ৩৮২০৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। এ সময় ব্যাংকের মোট বিনিয়োগ পূর্ববর্তী বছরের তুলনায় ৫৮৯ মিলিয়ন টাকা (৬.১১%) বৃদ্ধি পেয়ে ১০২২৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০১ সালে রূপালী ব্যাংক লিমিটেড মোট ২৯০৭৬ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল ৩০৩৬০ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে মোট বৈদেশিক মুদ্রা ব্যবসার মধ্যে আমদানি, রপ্তানি ও রেমিটেন্সের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ২০৬৩৭ মিলিয়ন টাকা, ৬৮০৯ মিলিয়ন টাকা ও ১৬৩০ মিলিয়ন টাকা। ব্যাংকটির অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

২০০১ সালে রূপালী ব্যাংক লিমিটেড মোট ৬৪০৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ ও ৪১৪৬ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ৮২৪৩ মিলিয়ন টাকা ও ৫৫৪৫ মিলিয়ন টাকা। খাত ভিত্তিক ঋণের অবস্থা পর্যালোচনা করলে দেখা যায় যে, ২০০১ সালে ব্যাংকটির কৃষি ঋণ বিতরণের পরিমাণ ৪২ মিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল ৪৩

সারণি-২

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ		কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
			মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০০	বিতরণ	৪৩	১৬২	৭৬৪৯	৭৮১১	৩৮৯	৮২৪৩
	আদায়	৬৪	২৮৩১	২৫৫০	৫৩৮১	১০০	৫৫৪৫
২০০১	বিতরণ	৪২	১৩৭৮	৪৩৯২	৫৭৭০	৫৯৫	৬৪০৭
	আদায়	৪৩	৩৯৭১	৭০	৪০৪১	৬২	৪১৪৬
৩১ মার্চ ২০০২*	বিতরণ	১৬	০	৪৭৩	৪৭৩	৩৬	৫২৫
	আদায়	১৩	০	২০০	২০০	৯	২২২
৩০ জুন ২০০২**	বিতরণ	২৬	৫৬	৫৭৩	৬২৯	৯০	৭৪৫
	আদায়	২৮	১৫	২১০	২২৫	১৮	২৭১

** সাময়িক। ** প্রাক্কলিত।*

সারণি-৩

শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকা)

ঋণ মঞ্জুরী		শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ ডিসেম্বর ২০০১ তারিখে	প্রকল্প সংখ্যা	৩৯০	৫৭০	৯৬০
	পরিমাণ	২৪৩৮৩	১৫০	২৪৫৩৩
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	৮৩	০	৮৩
	পরিমাণ	৫৫০০	০	৫৫০০
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ মার্চ ২০০২ তারিখে	প্রকল্প সংখ্যা	৪০৫	৫৭০	৯৭৫
	পরিমাণ	২৪৮৫৬	১৫০	২৫০০৬
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০২ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	১৫	০	১৫
	পরিমাণ	৪৭৩	০	৪৭৩
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০২* পর্যন্ত	প্রকল্প সংখ্যা	৩১	০	৩১
	পরিমাণ	৬২৯	০	৬২৯

** প্রাক্কলিত।*

মিলিয়ন টাকা। একই সময়ে শিল্প ঋণ বিতরণের পরিমাণ দাঁড়ায় ৫৭৭০ মিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল ৭৮১১ মিলিয়ন টাকা। রূপালী ব্যাংকের খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের অবস্থা সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

২০০১ সালে রূপালী ব্যাংক লিমিটেড ৮৩টি প্রকল্পের জন্য মোট ৫৫০০ মিলিয়ন টাকার শিল্প ঋণ মঞ্জুর করে, যার সবই বৃহৎ ও মাঝারি খাতের ঋণ। ২০০১ সালের ডিসেম্বর পর্যন্ত ব্যাংকের পুঞ্জিভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ ৯৬০টি প্রকল্পের অনুকূলে ২৪৫৩৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। এর মধ্যে বৃহৎ ও মাঝারি আকারের শিল্পের জন্য ২৪৩৮৩ মিলিয়ন টাকা (৯৯%) এবং ক্ষুদ্র ও কুটির শিল্পের জন্য ১৫০ মিলিয়ন টাকা (১%) মঞ্জুর করা হয়। ব্যাংকটির আকার ভিত্তিক ঋণ মঞ্জুরীর অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

খাত ভিত্তিক ঋণের স্থিতি

রূপালী ব্যাংকের খাত ভিত্তিক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, ২০০১ সালে শিল্প খাত, কৃষি ও মৎস্য খাত এবং পাইকারী ও খুচরা বাণিজ্য এবং রেস্তোঁরা ও হোটেল খাতে ঋণের স্থিতি দাঁড়ায় যথাক্রমে ২৩৬৫১ মিলিয়ন, ১১৭ মিলিয়ন ও ১২৪৪৭ মিলিয়ন টাকা। এ সময় বিশেষ ঋণ কর্মসূচিতে ঋণের স্থিতি ছিল ৮৪ মিলিয়ন টাকা, যার মধ্যে ৩৯ মিলিয়ন টাকার স্থিতি ছিল দারিদ্র বিমোচন খাতে। রূপালী ব্যাংকের খাত ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

সারণি-৪

খাত ভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ঃ	১০৪	১১৭	১২০	১১৯
	ক) শস্য	৩২	৩২	৩১	৩১
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৭২	৮৫	৮৯	৮৮
২।	শিল্প :	২০০৭১	২৩৬৫১	২৩৮০৫	২৫৩২৯
	ক) বৃহৎ ও মাঝারি	১৯৯২১	২৩৪৮৭	২৩৬২৫	২৫১২৯
	খ) ক্ষুদ্র ও কুটির	১৫০	১৬৪	১৮০	২০০
৩।	পাইকারী/খুচরা বাণিজ্য এবং রেস্তোরা/হোটেল	১১১৬১	১২৪৪৭	১৩৪৯৪	১৩২৩৬
৪।	বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা	৬৫৯	০	০	০
৫।	পরিবহন ও যোগাযোগ	৬৮৪	৭৮১	৭৮৪	৭৮৫
৬।	বিশেষ ঋণ কর্মসূচি ঃ	৮৭	৮৪	৮৫	৮৭
	ক) দারিদ্র বিমোচন	১২	৩৯	৪১	৪৩
	খ) অন্যান্য	৭৫	৪৫	৪৪	৪৪
৭।	অন্যান্য	১০১৭	১১২৯	১২০৩	১২২০
	সর্বমোট	৩৩৭৮৩	৩৮২০৯	৩৯৪৯১	৪০৭৭৬

* মুলতবি হিসাবে রক্ষিত সুদসহ।

বেসিক ব্যাংক লিমিটেড

বেসিক ব্যাংক লিমিটেড ১৯৮৯ সালের ২১ জানুয়ারী থেকে আনুষ্ঠানিকভাবে মোট ৮০ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন (বিসিসি ফাউন্ডেশনের ৭০% শেয়ার এবং বাংলাদেশ সরকারের ৩০% শেয়ার) নিয়ে কার্যক্রম শুরু করে। ৬ জুন ১৯৯১ তারিখে বিশ্বব্যাপী বিসিসিআই বিলুপ্তির কারণে বাংলাদেশ সরকার ৪ জুন ১৯৯২ তারিখে এ ব্যাংকটি অধিগ্রহণ করে। ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ৫০০ মিলিয়ন টাকা; যার মধ্যে ২০০১ সালের শেষ নাগাদ পরিশোধিত মূলধনের পরিমাণ ৩০০ মিলিয়ন টাকা এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ ছিল ৪৬১ মিলিয়ন টাকা। ২০০২ সালের মার্চ শেষে ব্যাংকটির শাখা সংখ্যা দাঁড়ায় ২৫টিতে এবং মোট জনশক্তির সংখ্যা দাঁড়ায় ৪৯৭ জন, যার মধ্যে ২১৭ জন কর্মকর্তা এবং ২৮০ জন কর্মচারী।

বেসিক ব্যাংক লিমিটেড উন্নয়ন এবং বাণিজ্যিক ব্যাংকের এক সংমিশ্রণ। ব্যাংকটি ক্ষুদ্র শিল্প খাত প্রসারের জন্য মধ্য ও দীর্ঘ মেয়াদি ঋণ সরবরাহ এবং অন্যান্য আর্থিক সহায়তা প্রদানের দায়িত্বে নিয়োজিত। ব্যাংকটিকে মোট ঋণ দানযোগ্য তহবিলের অন্তত শতকরা ৫০ ভাগ ক্ষুদ্র শিল্পের অর্থায়নে ব্যবহার করতে হয়।

ব্যাংকের মোট আমানতের পরিমাণ ২০০০ সালের ডিসেম্বর শেষের ৫৭৬৯ মিলিয়ন টাকা থেকে ২৮.৮

সফটওয়্যার শিল্প খাতে ব্যাংকের অর্থায়ন

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৫০০	৫০০	৫০০	৫০০
২।	পরিশোধিত মূলধন	৩০০	৩০০	৩০০	৩০০
৩।	রিজার্ভ ফান্ড	৩৯৮	৪৬১	৪৬১	৪৬১
৪।	আমানত	৫৭৬৯	৭৪৩০	৭৯৮১	৮০১০
	ক) তলবি আমানত	১৪৫৫	১৪৭৫	১৫৮৪	১৬০২
	খ) মেয়াদি আমানত	৪৩১৪	৫৯৫৫	৬৩৯৭	৬৪০৮
৫।	ঋণ ও অগ্রিম	৪৬১৯	৬২৬১	৬২৯৮	৬৭৩২
৬।	বিনিয়োগ	১০৭৪	৮৭০	১৩১৭	১৪১৬
৭।	মোট পরিসম্পদ	৭৭৩১	৯৭২২	১০৭৪২	১১৭৬২
৮।	মোট আয়	৮৭৭	১০৪১	৩৫৯	৭৬৬
৯।	মোট ব্যয়	৫৭৩	৬৮৫	২৭৩	৫৪৬
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	১৩৫০	১৩৫০১	৩৯৬০	৯০০০
	ক) রপ্তানি	৫৫৫৭	৫৯৫৮	১৮২০	৪০০০
	খ) আমদানি	৭৯৪৮	৭৫৪৩	২১৪০	৫০০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৪৫২	৪৯৭	৪৯৪	৪৯৮
	ক) কর্মকর্তা	২০৯	২১৭	২১৫	২১৮
	খ) কর্মচারী	২৪৩	২৮০	২৭৯	২৮০
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	১৮	১৮	১৮	১৮
১৩।	শাখা (সংখ্যায়)	২৫	২৫	২৫	২৬

শতাংশ বৃদ্ধি পেয়ে ২০০১ সালের ডিসেম্বর শেষে ৭৪৩০ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা ২০০২ সালের মার্চ শেষে ৭৯৮১ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। ব্যাংকটির মোট অগ্রিম এবং বিনিয়োগের পরিমাণ ২০০১ সালের ডিসেম্বর শেষে পূর্ববর্তী বছরের একই সময়ের তুলনায় যথাক্রমে ৩৫.৫ শতাংশ বৃদ্ধি এবং ১৯.০ শতাংশ হ্রাস পেয়ে যথাক্রমে ৬২৬১ মিলিয়ন টাকা এবং ৮৭০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০২ সালের মার্চ শেষে অগ্রিম এবং বিনিয়োগের পরিমাণ ছিল যথাক্রমে ৬২৯৮ মিলিয়ন টাকা এবং ১৩১৭ মিলিয়ন টাকা। ব্যাংকের মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ ২০০০ সালের তুলনায় ৪ মিলিয়ন টাকা হ্রাস পেয়ে ২০০১ সালে ১৩৫০১ মিলিয়ন টাকায় দাঁড়ায়। এর মধ্যে আমদানির পরিমাণ ২০০০ সালের ৭৯৪৮ মিলিয়ন টাকা থেকে ৫.০ শতাংশ হ্রাস পেয়ে ২০০১ সালে ৭৫৪৩ মিলিয়ন টাকায় দাঁড়ায় এবং ২০০২ সালের জানুয়ারি-মার্চ সময়ে এর পরিমাণ ছিল ২১৪০ মিলিয়ন টাকা। অন্যদিকে রপ্তানির পরিমাণ ২০০০ সালের ৫৫৫৭ মিলিয়ন টাকা থেকে ৭.২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০০১ সালে ৫৯৫৮ মিলিয়ন টাকা এবং ২০০২ সালের জানুয়ারি-মার্চ সময়ে ১৮২০ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

বেসিক ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যসমূহ সারণি-১-এ দেয়া হলো।

সারণি-২

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ		কৃষি	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
			মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০০							
	বিতরণ	৩২	৩১৩	১৯৩৯	২২৫২	১৫৪৬	৩৮৩০
	আদায়	১	২১৪	-	২১৪	-	২১৫
২০০১							
	বিতরণ	-	৫৭৫	২৫৩২	৩১০৭	২০২১	৫১২৮
	আদায়	-	২৭৭	-	২৭৭	-	২৭৭
৩১ মার্চ ২০০২*							
	বিতরণ	-	২১৮	২৭৩৫	২৯৫৩	৫৩০	৩৪৮৩
	আদায়	-	৮৭	-	৮৭	-	৮৭
৩০ জুন ২০০২**							
	বিতরণ	-	৪৩৬	২৯৫৩	৩৩৮৯	৫৫৬	৩৯৪৫
	আদায়	-	১৭৫	-	১৭৫	-	১৭৫

*সাময়িক। **প্রাক্কলিত।

সারণি-৩

শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকা)

ঋণ মঞ্জুরী		শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ ডিসেম্বর ২০০১ তারিখে				
	প্রকল্প সংখ্যা	৯	২২৭	২৩৬
	পরিমাণ	২০০	১৯১৯	২১১৯
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত				
	প্রকল্প সংখ্যা**	-	১০৪	১০৪
	পরিমাণ	-	৬৪৭	৬৪৭
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ মার্চ ২০০২@ তারিখে				
	প্রকল্প সংখ্যা	৯	২৩৩	২৪২
	পরিমাণ	২০০	১৯৬৩	২১৬৩
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০২@ পর্যন্ত				
	প্রকল্প সংখ্যা	-	৩৫	৩৫
	পরিমাণ	-	৯৬	৯৬
১ জানুয়ারি ২০০২ হতে ৩০ জুন ২০০২ পর্যন্ত*				
	প্রকল্প সংখ্যা	১৭	৭	২৪
	পরিমাণ	১১৩৪	৩৫	১১৬৯

@ সাময়িক। *প্রাক্কলিত। **২০০১ সালে ৪০ টি নতুন প্রকল্প এবং ৬৪ টি বিদ্যমান প্রকল্পে ঋণ মঞ্জুর করা হয়।

ঋণ বিতরণ এবং আদায়

বেসিক ব্যাংক লিমিটেডের ঋণ বিতরণ এবং আদায়ের পরিমাণ ২০০০ সালের যথাক্রমে ৩৮৩০ মিলিয়ন টাকা এবং ২১৫ মিলিয়ন টাকার তুলনায় ১২৯৮ মিলিয়ন টাকা এবং ৬২ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ২০০১ সালে ৫১২৮ মিলিয়ন এবং ২৭৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা ২০০২ সালের মার্চ শেষে যথাক্রমে ৩৪৮৩ মিলিয়ন এবং ৮৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকের ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত তথ্যাদি সারণি-২-এ দেয়া হলো।

আকার ভিত্তিক শিল্প ঋণের অনুমোদন

ব্যাংকটি শুরু থেকে ২০০২ সালের মার্চ পর্যন্ত ২৪২ টি প্রকল্পের আওতায় মোট ২১৬৩ মিলিয়ন টাকা অনুমোদন করে, যার মধ্যে ১৯৬৩ মিলিয়ন টাকা (৯১%) ক্ষুদ্র ও কুটির শিল্পে এবং বাকী ২০০ মিলিয়ন টাকা (৯%) বৃহৎ ও মাঝারি শিল্পে। প্রকল্পের ধরণ হচ্ছে গার্মেন্টস এবং টেক্সটাইল ইন্ডাস্ট্রিজ, সিনথেটিক লেদার, এমব্রয়ডারী, পেপার প্রিন্টিং এন্ড প্যাকেজিং, হার্ডবোর্ড, মৎস্য ও চিংড়ী, ফিশিং নেট ইত্যাদি। ২০০১ সালে ব্যাংক ১০৪টি প্রকল্পের আওতায় মোট ৬৪৭ মিলিয়ন টাকা অনুমোদন করে। শিল্পের আকার ভিত্তিক ঋণ পরিস্থিতি সারণি-৩-এ দেয়া হলো।

বিশেষ ঋণ কর্মসূচী এবং খাত ভিত্তিক ঋণের স্থিতি

শহুরে দরিদ্র জনগোষ্ঠির জন্য বেসিক ব্যাংক ক্ষুদ্র ঋণ কর্মসূচী (গরপৎড়-পৎবফরঃ ঋপযবসব) নামে একটি কর্মসূচী চালু রেখেছে। এ কর্মসূচীর আওতায় দরিদ্র ঋণ গ্রহীতাদের সরাসরি বা এনজিও-এর মাধ্যমে ঋণ বিতরণের ব্যবস্থা রয়েছে। ২০০১ সালের ডিসেম্বর মাস নাগাদ ব্যাংক ৪৫৯১৩ জন দরিদ্র জনগোষ্ঠির মধ্যে মোট ১২৮.৪০ মিলিয়ন টাকা বিতরণ করে। ২০০১ সালের ডিসেম্বর এবং ২০০২ সালের মার্চ শেষে ব্যাংকের মোট ঋণের স্থিতি দাঁড়ায় যথাক্রমে ৬২৬১ মিলিয়ন টাকা ও ৬২৯৮ মিলিয়ন টাকা। খাত ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

সারণি-৪

খাত ভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ঃ	২৪৩	৫২৩	৫৩০	৫৬৬
	ক) শস্য	৩৪	৪৪	৪৫	৪৬
	খ) শস্য ব্যতীত অন্যান্য	২০৯	৪৭৯	৪৮৫	৫২০
২।	শিল্প :	২৪৭৪	৩২২১	৩২১৭	৩৩৭২
	ক) বৃহৎ ও মাঝারি	৬৮৭	৬২৮	৫৯৭	৫৯৬
	খ) ক্ষুদ্র ও কুটির	১৭৮৭	২৫৯৩	২৬২০	২৭৭৬
৩।	পাইকারী/খুচরা বাণিজ্য এবং রেস্তোরা/হোটেল	৮	১৯	২০	২১
৪।	বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা	-	-	-	-
৫।	পরিবহন ও যোগাযোগ	১১	৮	৯	১০
৬।	বিশেষ ঋণ কর্মসূচি ঃ	১২০	১৮৪	১৯৩	২০২
	ক) দারিদ্র বিমোচন	১২০	১৮৪	১৯৩	২০২
	খ) অন্যান্য	-	-	-	-
৭।	অন্যান্য	১৭৬৩	২৩০৬	২৩২৯	২৫৬১
	সর্বমোট	৪৬১৯	৬২৬১	৬২৯৮	৭৬৩২

স্থানীয় বেসরকারী ব্যাংক

পূবালী ব্যাংক লিমিটেড

পূবালী ব্যাংক লিমিটেড স্বাধীনতা পূর্বকালের ইস্টার্ণ মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড এবং পরবর্তী সময়ে জাতীয়করণকৃত পূবালী ব্যাংকের উত্তরাধীকারী হয়ে ১৬০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন এবং ১৩৬ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে ১৯৮৪ সালে বেসরকারী ব্যাংক হিসেবে আত্মপ্রকাশ করে। ২০০২ সালের মার্চ শেষে পূবালী ব্যাংক লিমিটেড-এর অনুমোদিত মূলধনের পরিমাণ দাঁড়ায় ৫০০০ মিলিয়ন টাকা এবং এর পরিশোধিত মূলধনের পরিমাণ ২০০ মিলিয়ন টাকা। ২০০২ সালের মার্চ শেষে ব্যাংকটির শাখা সংখ্যা দাঁড়ায় ৩৫০টি এবং মোট জনশক্তির সংখ্যা দাঁড়ায় ৫০৫০ জনে, তন্মধ্যে ২৯৮৭ জন কর্মকর্তা এবং ২০৬৩ জন কর্মচারী। ২০০২ সালের মার্চ শেষে ব্যাংকটির রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় ৬৪৫ মিলিয়ন টাকা।

২০০০ সালের শেষে পূবালী ব্যাংক লিমিটেড-এর মোট আমানত ৩০০৯৬ মিলিয়ন টাকা ছিল, যা শতকরা ৭.৮৭ ভাগ বৃদ্ধি পেয়ে ২০০১ সালের শেষে ৩২৪৬৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। আলোচ্য বছরে ব্যাংকটির মোট আমানতের এ বৃদ্ধি মেয়াদি আমানত ও তলবি আমানতে প্রতিফলিত হয়েছে, যা যথাক্রমে ২৫১২১ মিলিয়ন টাকা এবং ৭৩৪৪ মিলিয়ন টাকা হয়। ২০০০ সালের শেষে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ২১৫৭২ মিলিয়ন টাকা, যা ২০০১ সালের শেষে ২৩৫৮৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০১ সালের শেষে ব্যাংকটির মোট বিনিয়োগ ছিল ৪১৬৫ মিলিয়ন টাকা। ২০০১ সালে ব্যাংকটি মোট ২৮৯০১ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে, তন্মধ্যে রপ্তানি ১১২২৮ মিলিয়ন টাকা, আমদানি ১২৫৭৩ মিলিয়ন টাকা এবং রেমিটেন্স ৫১০০ মিলিয়ন টাকা। পূবালী ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যসমূহ সারণি-১-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়

২০০১ সালে পূবালী ব্যাংক লিমিটেড মোট ৭৮৯ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ১৬১০ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে বিতরণ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৭২৪ মিলিয়ন টাকা ও ১২০৩ মিলিয়ন টাকা। ২০০২ সালের প্রথম তিন মাসে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৩৩৫ মিলিয়ন টাকা ও ১০৩ মিলিয়ন টাকা। পূবালী ব্যাংক লিমিটেডের ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

২০০১ সালে পূবালী ব্যাংক লিমিটেড ২২টি শিল্প প্রকল্পে মোট ৬০ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করে, তন্মধ্যে ৭টি বৃহৎ ও মাঝারি শিল্পে ৫০ মিলিয়ন টাকা এবং ১৫টি ক্ষুদ্র ও কুটির শিল্পে ১০ মিলিয়ন টাকা। ২০০১ সালের মার্চ শেষে মোট ৩২২টি প্রকল্পে ক্রমপুঞ্জিভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় ১৩০৭ মিলিয়ন টাকা, তন্মধ্যে ১৩২টি বৃহৎ ও মাঝারি শিল্পে ১১৮৮ মিলিয়ন টাকা এবং ১৯০টি

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৫০০০	৫০০০	৫০০০	৫০০০
২।	পরিশোধিত মূলধন	১৬০	২০০	২০০	২০০
৩।	রিজার্ভ ফান্ড	৯৬৮	১০৭৪	১০৭৪	১০৭৪
৪।	আমানত	৩০০৯৬৬	৩২৪৬৫	৩০৫৫৭	৩৩০০০
	ক) তলবি আমানত	৬৪২৭	৭৩৪৪	৬৯৮৬	৭৫০০
	খ) মেয়াদি আমানত	২৩৬৬৯	২৫১২১	২৩৫৭১	২৫৫০০
৫।	ঋণ ও অগ্রিম	২১৫৭২	২৩৫৮৩	২৩৯৩৪	২৪৫০০
৬।	বিনিয়োগ	৩৮৫৩	৪১৬৫	৪২৯১	৪৫০০
৭।	মোট পরিসম্পদ	৩৬৩৭১	৩৯০৩৭	৩১৮৩১	৪২০০
৮।	মোট আয়	৩০৭৪	৩৬৬০	১১৪৪	২০০০
৯।	মোট ব্যয়	২২২৬	২৪৮৯	১০৬৪	১৪৮০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৩১০৫৪	২৮৯০১	৬৩১৬	১৮৬০০
	ক) রপ্তানি	১১৬১৭	১১২২৮	২৫৬৬	৬০০০
	খ) আমদানি	১৬৮৭২	১২৫৭৩	২৫৫০	১০০০০
	গ) রেমিটেন্স	২৫৬৫	৫১০০	১২০০	২৬০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৫০৩২	৫০৫০	৫০৫০	৫০৩৩
	ক) কর্মকর্তা	৩০০৩	২৯৮৭	২৯৮৭	২৯৮০
	খ) কর্মচারী	২০২৯	২০৬৩	২০৬৩	২০৫৩
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৪২৫	৪২৫	৪২৫	৪২৫
১৩।	শাখা (সংখ্যায়)	৩৫০	৩৫০	৩৫০	৩৫০
	ক) বাংলাদেশে	৩৫০	৩৫০	৩৫০	৩৫০
	খ) বিদেশে	-	-	-	-

ক্ষুদ্র ও কুটির শিল্পে ১১৯ মিলিয়ন টাকা। পূবালী ব্যাংক লিমিটেড-এর শিল্পের আকার ভিত্তিক ঋণের অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

ঋণ কর্মসূচী

২০০১ সালের ডিসেম্বর শেষে পূবালী ব্যাংক লিমিটেড-এর ঋণ কর্মসূচীর আওতায় ঋণের স্থিতির পরিমাণ দাঁড়ায় ২৩৫৮৩ মিলিয়ন টাকা, তন্মধ্যে দারিদ্র বিমোচন খাতে ৬৪ মিলিয়ন টাকা। ২০০২ সালের মার্চ শেষে ঋণ কর্মসূচীর আওতায় ঋণের স্থিতির পরিমাণ দাঁড়ায় ২৩৭৫৫ মিলিয়ন টাকা, তন্মধ্যে দারিদ্র বিমোচন খাতে ৬৮ মিলিয়ন টাকা। পূবালী ব্যাংক লিমিটেডের খাত ভিত্তিক ঋণের অবস্থা সারণি-৪-এ দেয়া হলো।

সারণি-২

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ		কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
			মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০০	বিতরণ	৫	৬০	৬৩	১২৩	৫৯৬	৭২৪
	আদায়	৪	৯	১৯	৩১	১১৭২	১২০৩
২০০১	বিতরণ	০	৭০	৯৫	১৬৫	৬২৪	৭৮৯
	আদায়	১	১৬	৭	২৪	১৫৮৭	১৬১০
৩১ মার্চ ২০০২*	বিতরণ	০	৪৫	৩০	৭৫	২৬০	৩৩৫
	আদায়	০.১	০.১	২০	২১	৮২	১০৩
৩০ জুন ২০০২** পর্যন্ত	বিতরণ	০	৭৫	৩৫	১১০	৩৫০	৪৬০
	আদায়	০.১৫	১৭	২৫	৪২	৬৫৮	৭০০

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৩

শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকা)

ঋণ মঞ্জুরী		শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ ডিসেম্বর ২০০১ তারিখে	প্রকল্প সংখ্যা	১২৯	১৮৪	৩১৩
	পরিমাণ	১১৯৪	১০৯	১৩০৩
১ জানুয়ারি ২০০১ হতে ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	৫	১৫	২২
	পরিমাণ	৫০	১০	৬০
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ মার্চ ২০০২ তারিখে	প্রকল্প সংখ্যা	১৩২	১৯০	৩২২
	পরিমাণ	১১৮৮	১১৯	১৩০৭
১ জানুয়ারি ২০০১ হতে ৩১ মার্চ ২০০২ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	৩	৬	৯
	পরিমাণ	৪৫	৮	৫৩
১ জানুয়ারি ২০০১ হতে ৩০ জুন ২০০১* পর্যন্ত	প্রকল্প সংখ্যা	৬	১২	১৮
	পরিমাণ	১০	১৬	২৬

* প্রাক্কলিত।

সারণি-৪

খাত ভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ঃ	২২৩	২১৪	২১০	২০৮
	ক) শস্য	৭৯	৭৭	৭৫	৭৪
	খ) শস্য ব্যতীত অন্যান্য	১৪৪	১৩৭	১৩৫	১৩৪
২।	শিল্প :	১২৫১	১৩০৩	১৩০১	১৪২৬
ক)	বৃহৎ ও মাঝারি	১১৪৫	১১৯৪	১২৮৭	১৩০৫
	খ) ক্ষুদ্র ও কুটির	১০৬	১০৯	১১৪	১২১
৩।	পাইকারী/খুচরা বাণিজ্য এবং রেস্তোরা/হোটেল	১৬০২০	১৬৩৮৪	১৬৩৮৫	১৬৪৪৬
৪।	বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা	৭৫৬	৮২১	৮৬৭	৮৮০
৫।	পরিবহন ও যোগাযোগ	৮৮	৯৭	১০৪	১১৬
৬।	বিশেষ ঋণ কর্মসূচি ঃ	৮৭	৯৯	১০৬	১১৪
	ক) দারিদ্র বিমোচন	৫৬	৬৪	৬৮	৭২
	খ) অন্যান্য	৩১	৩৫	৩৮	৪২
৭।	অন্যান্য	৩১৫১	৪৬৬৫	৪৬৮২	৪৭১৫
	সর্বমোট	২১৫৭২	২৩৫৮৩	২৩৭৫৫	২৩৯০৫

উত্তরা ব্যাংক লিমিটেড

উত্তরা ব্যাংক লিমিটেড ১৯৬৫ সালের জানুয়ারি মাসে ইস্টার্ণ ব্যাংকিং কর্পোরেশন নামে বেসরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত হয়। ১৯৭২ সালে জাতীয়করণের পর এটি উত্তরা ব্যাংক নাম ধারণ করে। আবার সরকারের বিরাষ্ট্রীয়করণ নীতির আওতায় পুঁজি প্রত্যাহারপূর্বক উত্তরা ব্যাংক লিমিটেডকে ১৯৮৩ সালের সেপ্টেম্বর মাস হতে বেসরকারী খাতে ব্যাংক ব্যবসা পরিচালনার অনুমোদন দেয়া হয়। ২০০২ সালের মার্চ শেষে ১৯৮টি শাখা সম্বলিত এ ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ দাঁড়ায় ২০০ মিলিয়ন টাকা। এই ব্যাংকের পরিশোধিত মূলধন মোট ১০০ মিলিয়ন টাকার মধ্যে ৯৫ মিলিয়ন টাকা উদ্যোক্তা ও জনসাধারণ কর্তৃক পরিশোধিত এবং অবশিষ্ট ৫ মিলিয়ন টাকা সরকার কর্তৃক পরিশোধিত। ২০০২ সালের ৩১শে মার্চ শেষে ব্যাংকটির রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায়



ব্যাংকের অর্থায়নে গড়ে ওঠা একটি মোজা তৈরির কারখানা

১২২৩ মিলিয়ন টাকা এবং মোট জনশক্তির সংখ্যা দাঁড়ায় ৩১৫৮ জনে, তন্মধ্যে ২১৮২ জন কর্মকর্তা এবং ৯৭৬ জন কর্মচারী।

প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত অর্থ দ্রুততম সময়ে দেশে প্রাপকের কাছে পৌঁছে দেয়া এবং তা লাভজনক খাতে বিনিয়োগে উৎসাহিত করার উদ্দেশ্যে এ ব্যাংক (ক) অনাবাসিক বৈদেশিক মুদ্রা মেয়াদি আমানত (NFCD), (খ) বৈদেশিক মুদ্রা চলতি আমানত (FCAP/FCAD), (গ) ওয়েজ আর্নার্স ডেভেলপমেন্ট বন্ড (WEDB), (ঘ) হোম রেমিটেন্স সেল (HRC) এবং (ঙ) ওয়েজ আর্নার্স বিনিয়োগ সেল (WEIC) গঠন করেছে। বৈদেশিক রেমিটেন্স ব্যবসায় দ্রুত সেবা প্রদানের জন্য সেভেন ডেজ অ্যাসিউরড পেমেন্ট স্কীম (Seven Days Assured Payment Scheme) নামে

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	২০০	২০০	২০০	২০০
২।	পরিশোধিত মূলধন	১০০	১০০	১০০	১০০
৩।	রিজার্ভ ফান্ড	৭০২	১২২৩	১২২৩	১২২৩
৪।	আমানত	২৫৯৪২	২৮৪৩০	২৮৬৬৩	২৯৬০০
	ক) তলবি আমানত	৭৬৫১	৮১৩৪	৭৭৬৯	৮১০০
	খ) মেয়াদি আমানত	১৮২৯১	২০২৯৬	২০৮৯৪	২১৫০০
৫।	ঋণ ও অগ্রিম	২২৩০৭	২৪১৮৭	২৫১১৯	২৬১০০
৬।	বিনিয়োগ	৩১৮৪	৩৬৯১	৩৩৩০	৩৭০০
৭।	মোট পরিসম্পদ	৩১৪১৯	৩৫৯১৩	৩৭১০০	৩৮৪০০
৮।	মোট আয়	৩০১৫	৩৮১৯	৫৯৮	১২০০
৯।	মোট ব্যয়	১৯৭৩	২২১৬	২১৫	৪৫০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৪৮৯৯৮	৫৫৩৩৬	১৪৯৯২	২৯৯০
	ক) রপ্তানি	১৫৫৫০	১৯৩৮৭	৫৪৮৫	১০৯০
	খ) আমদানি	২৯১৬১	২৯৬৩৩	৭৪১৮	১৪৮০০
	গ) রেমিটেন্স	৪২৮৭	৬৩১৬	২০৮৯	৪২০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	২৯৫৫	৩১৫৯	৩১৫৮	৩১৫১
	ক) কর্মকর্তা	২০৫৫	২১৯৮	২১৮২	২১৮০
	খ) কর্মচারী	৯০০	৯৬১	৯৭৬	৯৭১
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	২৩৯	২৪২	২৪২	২৪২
১৩।	শাখা (সংখ্যায়)	১৯৮	১৯৮	১৯৮	১৯৮
	ক) বাংলাদেশে	১৯৮	১৯৮	১৯৮	১৯৮
	খ) বিদেশে	-	-	-	-

একটি প্রকল্পও চালু রয়েছে। ট্রেজারীর মাধ্যমে এসব হিসাব পরিচালিত হওয়ায় গ্রাহকদের জন্য সর্বোচ্চ মুনাফা নিশ্চিত করা হয়েছে। বর্তমানে আরও দ্রুত সেবা প্রদানের উদ্দেশ্যে বিশেষ রেমিটেন্স স্কীম চালু করা হয়েছে। এর অধীনে প্রাপকের একাউন্ট উত্তরা ব্যাংকে পরিচালিত হলে বিশ্বের যে কোন স্থান থেকে প্রেরিত অর্থ প্রাপ্তি দিবসেই প্রাপকের একাউন্টে জমা নিশ্চিত করা হয়ে থাকে, অন্য ব্যাংকে হিসাব পরিচালিত হলে মেট্রোপলিটন শহরসমূহে ও বিভাগীয় সদরে ২৪ ঘন্টার মধ্যে এবং অন্যান্য স্থানে ৩(তিন) কর্মদিবসের মধ্যে প্রাপকের ব্যাংকে পে-অর্ডার বা ডিডির মাধ্যমে প্রাপ্য পৌঁছে দেয়া হয়। এছাড়াও যে সকল গ্রাহকের উত্তরা ব্যাংকে কোন একাউন্ট নেই তাদেরকে দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে তাদের পাসপোর্ট প্রদর্শনপূর্বক বিদেশ থেকে প্রেরিত অর্থ নগদ পরিশোধের জন্য ইনস্ট্যান্ট ক্যাশ ট্রান্সফার (Instant Cash Transfer) নামে একটি স্কীমও চালু করা হয়েছে। উত্তরা ব্যাংক লিমিটেড তার গ্রাহকদের দ্রুত ও দক্ষ সেবা প্রদানের জন্য শাখাসমূহকে সর্বাধুনিক প্রযুক্তিতে সমৃদ্ধ করে তুলেছে।

২০০১ সালে উত্তরা ব্যাংক লিমিটেড-এর মোট আমানতের পরিমাণ দাঁড়ায় ২৮৪৩০ মিলিয়ন টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় ২৪৮৮ মিলিয়ন টাকা বা শতকরা ৯.৫৯ ভাগ বেশী। ২০০২ সালের প্রথম ৩ মাসে ব্যাংকটির মোট আমানত বৃদ্ধি পেয়ে ২৮৬৬৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০১ সালে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ২২৩০৭ মিলিয়ন টাকা, যা ৯৩২ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ২০০২ সালের মার্চ শেষে ২৪১৮৭ মিলিয়ন টাকায় উন্নীত হয়। ২০০১ সালে ব্যাংকটির মোট বিনিয়োগ ৩৬৯১ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০১ সালে উত্তরা ব্যাংক লিমিটেড মোট ৫৫৩৩৬ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে; তন্মধ্যে রপ্তানি, আমদানি এবং রেমিটেন্স-এর পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১৯৩৮৭ মিলিয়ন, ২৯৬৩৩ মিলিয়ন এবং ৬৩১৬ মিলিয়ন টাকা। ২০০২ সালের প্রথম ৩ মাসে ব্যাংকটি মোট ১৪৯৯২ মিলিয়ন

ব্যাংকের অর্থায়নে পরিচালিত একটি ড্রাম ফ্যাক্টরি

সারণি-২

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০০						
বিতরণ	-	১৬৫	১১৮০	১৩৪৫	১৯৮৮৩	২১২২৮
আদায়	-	১৫২	৮৫৬	১০০৮	১৪৩১৬	১৫৩২৪
২০০১						
বিতরণ	-	৬৩	২৯৯৬	৩০৫৯	৩০৪৩৭	৩৩৪৯৬
আদায়	-	৪৮	১৮৫৩	১৯০১	২৯৮৯৮	৩১৭৯৯
৩১ মার্চ ২০০২*						
বিতরণ	-	৮৯	৫০২	৫৯১	৬২২৫	৬৮১৬
আদায়	-	৬৪	৪১১	৪৭৫	৫১৫২	৫৬২৭
৩০ জুন ২০০২**						
বিতরণ	-	১২৩	৭৬৪	৮৮৭	৭৬৬৩	৮৫৫০
আদায়	-	৯৫	৫৮৭	৬৮২	৬৮৫৫	৭৫৩৭

* সাময়িক। ** প্রাক্কলিত।

টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে; যার মধ্যে রপ্তানি, আমদানি এবং রেমিটেন্স-এর পরিমাণ যথাক্রমে ৫৪৮৫ মিলিয়ন, ৭৪১৮ মিলিয়ন এবং ২০৮৯ মিলিয়ন টাকা। উত্তরা ব্যাংক লিমিটেড-এর কার্যক্রমের প্রধান বৈশিষ্ট্যসমূহ সারণি-১-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়

২০০১ সালে উত্তরা ব্যাংক লিমিটেড মোট ৩৩৪৯৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ৩১৭৯৯ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ২১২২৮ মিলিয়ন ও ১৫৩২৪ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে শিল্প খাতে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৩০৫৯ মিলিয়ন ও ১৯০১ মিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ১৩৪৫ মিলিয়ন ও ১০০৮ মিলিয়ন টাকা। ২০০২ সালের প্রথম ৩ মাসে এই ব্যাংক মোট ৬৮১৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ ও ৫৬২৭ মিলিয়ন টাকা ঋণ আদায় করে। উত্তরা ব্যাংক লিমিটেড-এর খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায় সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

২০০১ সালে উত্তরা ব্যাংক ২৪টি প্রকল্পের জন্য মোট ২৯৫৬ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করে, যার মধ্যে ৬টি বৃহৎ ও মাঝারি শিল্প প্রকল্পের জন্য ২৭৫২ মিলিয়ন টাকা এবং ১৮ টি ক্ষুদ্র ও কুটির শিল্প প্রকল্পের জন্য ২০৪ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করা হয়। ২০০২ সালের মার্চ শেষে ব্যাংকটির ক্রমপুঞ্জিভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় ৯৩৬৯ মিলিয়ন টাকা, তন্মধ্যে বৃহৎ ও মাঝারি শিল্পে ৫৭০২ মিলিয়ন টাকা এবং ক্ষুদ্র ও কুটির শিল্পে ৩৬৬৭ মিলিয়ন টাকা। এছাড়া, শিল্প খাতে মেশিনারীজ ক্রয়ে সহায়তাদানের জন্য লীজ ফাইন্যান্সিং (Lease financing) নামে বিশেষ প্রকল্প চালু করা হয়েছে, যার আওতায় ২০০১ সালে ৩৩২ মিলিয়ন টাকা বিনিয়োগ করা

সারণি-৩

শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকা)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ ডিসেম্বর ২০০১ তারিখে			
প্রকল্প সংখ্যা	৬৩	১১৭২	১২৩৫
পরিমাণ	৪০৪৯	৩৫৩৫	৭৫৮৪
১ জানুয়ারি ২০০১ হতে ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৬	১৮	২৪
পরিমাণ	২৭৫২	২০৪	২৯৫৬
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ মার্চ ২০০২ তারিখে			
প্রকল্প সংখ্যা	৬৯	১১৯০	১২৫৯
পরিমাণ	৫৭০২	৩৬৬৭	৯৩৬৯
১ জানুয়ারি ২০০২ হতে ৩১ মার্চ ২০০২ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	২	৬	৮
পরিমাণ	৮০৭	৩০৫	১১১২
১ জানুয়ারি ২০০২ হতে ৩০ জুন ২০০২* পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৩	৫	৮
পরিমাণ	১২৫৪	৭০৪	১৯৫৮

* প্রাক্কলিত।

হয়। উত্তরা ব্যাংক লিমিটেড-এর শিল্পের আকার ভিত্তিক ঋণের অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

বিশেষ ঋণ কর্মসূচী

২০০১ সালে উত্তরা ব্যাংক লিমিটেড-এর ঋণের সর্বমোট স্থিতির পরিমাণ দাঁড়ায় ২৪১৮৭ মিলিয়ন টাকা, যার মধ্যে বিশেষ ঋণ কর্মসূচীর আওতায় ঋণের স্থিতির পরিমাণ ১৬৪ মিলিয়ন টাকা। বিত্তহীন জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং তাদের দারিদ্র বিমোচনের লক্ষ্যে কিশোরগঞ্জ জেলার ভাগলপুর শাখার মাধ্যমে ইতোমধ্যে গো-দুগ্ধ উৎপাদন ও হাঁস-মুরগী পালন খাতে প্রকল্প ঋণ বিতরণ করা হয়েছে। ২০০১ সালে এ খাতে ঋণের স্থিতির পরিমাণ দাঁড়ায় ৪৪ মিলিয়ন টাকা।

১৯৯৬ সালের অক্টোবর মাসে উত্তরা ব্যাংক লিমিটেড "উত্তরণ" শীর্ষক ভোগ্যপণ্য ক্রয়ে ঋণ সহায়তা প্রকল্প চালু করেছে। ২০০১ সালে এর আওতায় ৪০৪ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে। ১৯৯৯ সালের জুলাই থেকে "ব্যক্তিগত ঋণ প্রকল্প" নামে আরও একটি প্রকল্প চালু করা হয়েছে; যেখানে ২০০১ সালে এর আওতায় ৫০ মিলিয়ন টাকা প্রদান করা হয়েছে। উত্তরা ব্যাংক লিমিটেডের বিশেষ ঋণ কর্মসূচীসহ খাত ভিত্তিক ঋণের অবস্থা সারণি-৪-এ দেয়া হলো।

সারণি-৪

খাত ভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ঃ	২৩	২৭	২৭	২৬
	ক) শস্য	১১	১২	১২	১১
	খ) শস্য ব্যতীত অন্যান্য	১২	১৫	১৫	১৫
২।	শিল্প ঃ	১৭৪৪	২৯৫৭	৩১৫৯	৩৯৮৩
	ক) বৃহৎ ও মাঝারি	১৬২১	২৭৫০	২৯০৬	৩৫৭১
	খ) ক্ষুদ্র ও কুটির	১২৩	২০৭	২৫৩	৪১২
৩।	পাইকারী/খুচরা বাণিজ্য এবং রেস্তোরা/হোটেল	১০২৩৭	১০৯১৭	১১৫১১	১১২৬০
৪।	বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা	২৬৫৭	২৫১৮	২৫০৩	২৪৮৮
৫।	পরিবহন ও যোগাযোগ	৪৪	৪৮	৪৯	৫৪
৬।	বিশেষ ঋণ কর্মসূচি ঃ	১৪৪	১৬৪	২৩৫	৪৯৯
	ক) দারিদ্র্য বিমোচন	-	-	-	-
	খ) অন্যান্য	১৪৪	১৬৪	২৩৫	৪৯৯
৭।	অন্যান্য	৭৪৫৮	৭৫৫৬	৭৬৩৫	৭৭৯০
	সর্বমোট	২২৩০৭	২৪১৮৭	২৫১১৯	২৬১০০

ন্যাশনাল ব্যাংক লিমিটেড

ন্যাশনাল ব্যাংক লিমিটেড ১০০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন এবং ৪৪ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে ২৩ মার্চ ১৯৮৩ সালে প্রতিষ্ঠিত হয়। ২০০২ সালের মার্চ শেষে ব্যাংকের অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১০০০ মিলিয়ন টাকা ও ৪৩০ মিলিয়ন টাকা এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় ১২৭২ মিলিয়ন টাকা। ২০০২ সালের মার্চ শেষে ব্যাংকটির শাখা সংখ্যা দাঁড়ায় ৭৬টি। ন্যাশনাল ব্যাংক লিমিটেড ওয়েস্টার্ন ইউনিয়ন ফাইন্যান্সিয়াল সার্ভিসেস ইন্টারন্যাশনাল-এর মাধ্যমে কম্পিউটার নেটওয়ার্কের সহায়তায় বহির্বিশ্ব থেকে স্বদেশে অর্থ প্রেরণের ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করছে। এছাড়াও ব্যাংক বিভিন্ন সেবা কাজ যেমন- ক্রেডিট কার্ড, এটিএম, সঞ্চয়ী বীমা প্রকল্প, মাসিক সঞ্চয় প্রকল্প, বিশেষ আমানত প্রকল্প ইত্যাদিতে নিয়োজিত আছে। ২০০২ সালের মার্চ শেষে ব্যাংকটির মোট জনশক্তির সংখ্যা দাঁড়ায় ২০৭৪ জনে, তন্মধ্যে ১৪৪৭ জন কর্মকর্তা এবং ৬২৭ জন কর্মচারী।

ব্যাংক ঋণে পরিচালিত একটি চিংড়ী রফতানিকারক প্রতিষ্ঠান

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	১০০০	১০০০	১০০০
২।	পরিশোধিত মূলধন	৪৩০	৪৩০	৪৩০	৪৩০
৩।	রিজার্ভ ফান্ড	১১১৫	১২৭২	১২৭২	১২৭২
৪।	আমানত	২৩৬১৬	২৪৮৯৭	২১৯৮৪	২৫০০০
	ক) তলবি আমানত	৫৩৬৭	৫৮৬৩	৫০০২	৫৬০০
	খ) মেয়াদি আমানত	১৮২৪৯	১৯০৩৪	১৬৯৮২	১৯৪০০
৫।	ঋণ ও অগ্রিম	১৮৫৫৫	২০২০১	২০৪৯০	২১০০০
৬।	বিনিয়োগ	২৬২৭	২৮৯২	২৬৩৬	২৭০০
৭।	মোট পরিসম্পদ	৪৭১৪৮	৪৮৭৩২	৪৯২৩২	৪৯৭৩২
৮।	মোট আয়	২৯৮৯	৩২৮৫	৭৮১	১৫৬০
৯।	মোট ব্যয়	২০৬৫	২২৬৫	৫৭৮	১১৩০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৪৮৭৫৩	৪৭৮২৩	৪৫৯৯	৯২০০
	ক) রপ্তানি	২১৬৭	২২০৭১	১২০৯	২৪০০
	খ) আমদানি	২২৪২০	২০৭৭৩	১৭৬৪	৩৫৫০
	গ) রেমিটেন্স	৪৬৬২	৪৯৭৯	১৬২৬	৩২৫০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	২০২৫	২০৭৩	২০৭৪	২১৯০
	ক) কর্মকর্তা	১৪৬২	১৪৩৪	১৪৪৭	১৫৬৩
	খ) কর্মচারী	৫৬৩	৬৩৯	৬২৭	৬২৭
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	১৫৭	১৮১	১৮২	১৮৫
১৩।	শাখা (সংখ্যায়)	৬৬	৭৫	৭৬	৭৬
	ক) বাংলাদেশে	৬৬	৭৫	৭৬	৭৬
	খ) বিদেশে	-	-	-	-

২০০১ সাল শেষে ন্যাশনাল ব্যাংক লিমিটেড-এর মোট আমানত পূর্ববর্তী বছর শেষের তুলনায় শতকরা ৫.৪২ ভাগ বৃদ্ধি পেয়ে ২৪৮৯৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০২ সালের প্রথম তিন মাসে ব্যাংকটির আমানত হ্রাস পেয়ে মার্চ শেষে ২১৯৮৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০১ সালে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ২০২০১ মিলিয়ন টাকা, যা ২০০২ সালের মার্চ শেষে বৃদ্ধি পেয়ে ২০৪৯০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০১ সালে ব্যাংকটির মোট বিনিয়োগের পরিমাণ ছিল ২৮৯২ মিলিয়ন টাকা। ২০০১ সালে ব্যাংকটি ৪৭৮২৩ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে; তন্মধ্যে রপ্তানি ২২০৭১ মিলিয়ন টাকা, আমদানি ২০৭৭৩ মিলিয়ন টাকা এবং রেমিটেন্স ৪৯৭৯ মিলিয়ন টাকা। ২০০২ সালের প্রথম ৩ মাসে এ ব্যাংকের বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ দাঁড়ায় ৪৫৯৯ মিলিয়ন টাকা, যার মধ্যে রপ্তানি, আমদানি

সারণি-২

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০০						
বিতরণ	৭১	১২৬৯	২২৩৯	৩৫০৮	১৩৮৪৮	১৭৪২৭
আদায়	২১	৩১৫	৯৯১	১৩০৬	৫৯৮৩	৭৩১০
২০০১						
বিতরণ	১১৩	৫২২৯	১৩৭১	৬৬০০	২৬৮২০	৩৩৫৩৩
আদায়	৬১	২২০	৭১২	৯৩২	২১৯৯৩	২২৯৮৬
৩১ মার্চ ২০০২*						
বিতরণ	১০২	১৭১৮	৯৪৭	২৬৬৫	১৪২১৭	১৬৯৮৪
আদায়	৩১	১৯০	৩৪৯	৫৩৯	৭৫৮২	৮১৫২
৩০ জুন ২০০২**						
বিতরণ	৫৯	১৭৯৭	৮৫৮	২৬৫৫	১৬৪২০	১৯১৩৪
আদায়	৭	১৬০	২৫১	৪১১	৯৬৩৫	১০০৫৩

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৩

শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকা)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ ডিসেম্বর ২০০১ তারিখে			
প্রকল্প সংখ্যা	১১০	৩০	১৪০
পরিমাণ	৩৭৬৬	১৪৪	৩৯১০
১ জানুয়ারি ২০০১ হতে ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১৮	১২	৩০
পরিমাণ	৭১০	৬৪	৭৭৪
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ মার্চ ২০০২ তারিখে			
প্রকল্প সংখ্যা	১২০	৪০	১৬০
পরিমাণ	৩৯৪১	২৪৭	৪১৮৮
১ জানুয়ারি ২০০২ হতে ৩১ মার্চ ২০০২ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৪	৭	১১
পরিমাণ	১৭৫	১০২	২৭৭
১ জানুয়ারি ২০০২ হতে ৩০ জুন ২০০২* পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১০	১২	২২
পরিমাণ	৪০০	১৯৬	৫৯৬

* প্রাক্কলিত।

সারণি-৪

খাত ভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ঃ	৬৬	৬৭	৬৮	৭০
	ক) শস্য	৩৬	২৭	২৭	২৮
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৩০	৪০	৪১	৪২
২।	শিল্প :	৪০৯৭	৩৯১০	৩৯৮৮	৪১০৮
	ক) বৃহৎ ও মাঝারি	৩৭৫২	৩৭৬৬	৩৮৪১	৩৯৫৬
	খ) ক্ষুদ্র ও কুটির	৩৪৫	১৪৪	১৪৭	১৫২
৩।	পাইকারী/খুচরা বাণিজ্য এবং রেস্তোঁরা/হোটেল	৫৫২১	৬৯৭৬	৭১১৫	৭৩২৮
৪।	বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা	১৫১৬	৫২৯	৪৬৮	৫১৫
৫।	পরিবহন ও যোগাযোগ	৩৫০	৬৭	৫৬	৫০
৬।	বিশেষ ঋণ কর্মসূচি ঃ	-	-	-	-
	ক) দারিদ্র বিমোচন	-	-	-	-
	খ) অন্যান্য	-	-	-	-
৭।	অন্যান্য	৭০০৫	৮৬৫২	৮৭৯৫	৮৯২৯
	সর্বমোট	১৮৫৫৫	২০২০১	২০৪৯০	২১০০০

এবং রেমিটেন্সের পরিমাণ যথাক্রমে ১২০৯ মিলিয়ন, ১৭৬৪ মিলিয়ন এবং ১৬২৬ মিলিয়ন টাকা। সারণি-১-এ ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়

২০০১ সালে ন্যাশনাল ব্যাংক মোট ৩৩৫৩৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ ও ২২৯৮৬ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ১৭৪২৭ মিলিয়ন টাকা ও ৭৩১০ মিলিয়ন টাকা। খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি বিশ্লেষণ করলে দেখা যায় যে, ২০০১ সালে ব্যাংকটি কৃষি খাতে ১১৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ৬১ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে যার পরিমাণ ছিল যথাক্রমে ৭১ মিলিয়ন টাকা ও ২১ মিলিয়ন টাকা। ২০০১ সালে শিল্প খাতে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৬৬০০ মিলিয়ন ও ৯৩২ মিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ৩৫০৮ মিলিয়ন টাকা ও ১৩০৬ মিলিয়ন টাকা। ব্যাংকটির খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের অবস্থা সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

২০০১ সালে ন্যাশনাল ব্যাংক লিমিটেড ৩০টি প্রকল্পে মোট ৭৭৪ মিলিয়ন টাকার শিল্প ঋণ মঞ্জুর করে। ২০০১ সালে ক্রমপুঞ্জিভূত শিল্প ঋণের মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় মোট ৩৯১০ মিলিয়ন টাকা। ২০০২ সালের মার্চ শেষে ক্রমপুঞ্জিভূত শিল্প ঋণের মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় মোট ৪১৮৮ মিলিয়ন টাকা। সারণি-৩-এ শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরীর পরিমাণ দেয়া হলো।

ন্যাশনাল ব্যাংক লিমিটেড-এর খাতভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

দি সিটি ব্যাংক লিমিটেড

দি সিটি ব্যাংক লিমিটেড ১৯৮৩ সালের ২৭ মার্চ তারিখে আনুষ্ঠানিকভাবে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। ২০০২ সালের মার্চ শেষে এ ব্যাংকের অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৪০০ মিলিয়ন টাকা এবং ১৬০ মিলিয়ন টাকা। পরিশোধিত মূলধনের মধ্যে ৮০ মিলিয়ন টাকা উদ্যোক্তাগণ কর্তৃক এবং অবশিষ্ট ৮০ মিলিয়ন টাকা জনসাধারণ কর্তৃক পরিশোধিত। ২০০২ সালের মার্চ শেষে ব্যাংকের রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় ৩৪৩ মিলিয়ন টাকা। ব্যাংকের বর্তমান শাখার সংখ্যা ৭৬। ২০০২ সালের মার্চ শেষে ব্যাংকের মোট জনবল দাঁড়ায় ১৭২১ জন, যার মধ্যে ১১৩০ জন কর্মকর্তা ও ৫৯১ জন কর্মচারী।

২০০১ সালের শেষে ব্যাংকের মোট আমানতের পরিমাণ দাঁড়ায় ১৭১৮৪ মিলিয়ন টাকা। ২০০০ সালের শেষে এর

ব্যাংকের অর্থায়নে গড়ে ওঠা একটি কোমল পানীয় প্রস্তুতকারক প্রতিষ্ঠান

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৪০০	৪০০	৪০০	৪০০
২।	পরিশোধিত মূলধন	১৬০	১৬০	১৬০	২৪০
৩।	রিজার্ভ ফান্ড	২৬৩	২৬৩	৩৪৩	৩৪৩
৪।	আমানত	১৩৮০৪	১৭১৮৪	১৪২৫৯	১৭২৫০
	ক) তলবি আমানত	২৮৩১	৩৭৮০	৩০৩১	৩৬২২
	খ) মেয়াদি আমানত	১০৯৭৩	১৩৪০৪	১১২২৮	১৩৬২৮
৫।	ঋণ ও অগ্রিম	৯৯৬৫	১২৭২৯	১৩৭৫৯	১৪০০০
৬।	বিনিয়োগ	১৬১৪	১৯৭৮	২০৪৪	২২৫০
৭।	মোট পরিসম্পদ	১৭২০৮	২০৭২৬	২২৫০০	২৫০০০
৮।	মোট আয়	১৩৫৭	১৭৪৯	৭৪৬	১৭৫০
৯।	মোট ব্যয়	১১৬৮	১৩৪২	৬৪৩	১৪৫০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	১১৭২১	১৮৪৩৮	৫০০৪	১১৫০০
	ক) রপ্তানি	২১৭২	৩৯৮২	১৫৩৬	৩০০০
	খ) আমদানি	৮৬৬৬	১৩৫০৩	৩২১৮	৮০০০
	গ) রেমিটেন্স	৮৮৩	৯৫৩	২৫০	৫০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	১৬৭৪	১৬৮৮	১৭২১	১৭৭০
	ক) কর্মকর্তা	১০৯২	১০৯৯	১১৩০	১১৬০
	খ) কর্মচারী	৫৮২	৫৮৯	৫৯১	৬১০
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	২৫৫	২৫৫	২৬০	২৬০
১৩।	শাখা (সংখ্যায়)	৭৬	৭৬	৭৬	৭৬
	ক) বাংলাদেশে	৭৬	৭৬	৭৬	৭৬
	খ) বিদেশে	-	-	-	-

পরিমাণ ছিল ১৩৮০৪ মিলিয়ন টাকা। ২০০২ সালের মার্চ শেষে ব্যাংকের মোট আমানত ১৪২৫৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০০ সালের শেষে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতি ছিল ৯৯৬৫ মিলিয়ন টাকা, যা ২০০১ সালের শেষে দাঁড়ায় ১২৭২৯ মিলিয়ন টাকা। মার্চ ২০০২ শেষে মোট ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ১৩৭৫৯ মিলিয়ন টাকা। ২০০১ সাল শেষে ব্যাংকটির বিনিয়োগের স্থিতি দাঁড়ায় মোট ১৯৭৮ মিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরে যার পরিমাণ ছিল ১৬১৪ মিলিয়ন টাকা। ২০০১ সালে ব্যাংকটি মোট ১৮৪৩৮ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে; তন্মধ্যে রপ্তানি ৩৯৮২ মিলিয়ন টাকা, আমদানি ১৩৫০৩ মিলিয়ন টাকা এবং রেমিটেন্স ৯৫৩ মিলিয়ন টাকা। ২০০২ সালের প্রথম তিন মাসে এ ব্যাংকের বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ দাঁড়ায় মোট

সারণি-২

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০০						
বিতরণ	২৬০	২৪৫	৩৩০	৫৭৫	১১৪৯১	১২৩২৬
আদায়	১৪০	৬৩	১৫৪	২১৭	৮১৮৫	৮৫৪২
২০০১						
বিতরণ	২৭০	৯২০	৯৩০	১৮৫০	১১৫১৭	১৩৬৩৭
আদায়	১৭০	১৬৭	৩৪০	৫০৭	৯১৬৫	৯৮৪২
৩১ মার্চ ২০০২*						
বিতরণ	৫	১৫	১৪৬	১৬১	১৭৪৪	২৯১০
আদায়	২	৩	৭৫	৭৮	১৯০৫	১৯৮৫
৩০ জুন ২০০২**						
বিতরণ	১৭	২৭৬	৩৫৯	৬৩৫	৫৬৮৯	৬৩৪১
আদায়	৭	৪১	১৬৭	২০৮	৩৮৯৫	৪১১০

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৩

শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকা)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ ডিসেম্বর ২০০১ তারিখে			
প্রকল্প সংখ্যা	৬৩	-	৬৩
পরিমাণ	২৩৭৩	-	২৩৭৩
১ জানুয়ারি ২০০১ হতে ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১৭	-	১৭
পরিমাণ	১২৫৪	-	১২৫৪
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ মার্চ ২০০২ তারিখে			
প্রকল্প সংখ্যা	৬৮	-	৬৮
পরিমাণ	৩০৪৭	-	৩০৪৭
১ জানুয়ারি ২০০২ হতে ৩১ মার্চ ২০০২ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৫	-	৫
পরিমাণ	৬৭৩	-	৬৭৩
১ জানুয়ারি ২০০২ হতে ৩০ জুন ২০০২ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৭	-	৭
পরিমাণ	৯৭০	-	৯৭০

* প্রাক্কলিত।

৫০০৪ মিলিয়ন টাকা, তন্মধ্যে রপ্তানি ১৫৩৬ মিলিয়ন টাকা, আমদানি ৩২১৮ মিলিয়ন টাকা এবং রেমিটেন্স ২৫০ মিলিয়ন টাকা। দি সিটি ব্যাংক লিমিটেড-এর কার্যক্রমের প্রধান বৈশিষ্ট্যসমূহ সারণি-১-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়

২০০১ সালে দি সিটি ব্যাংক লিমিটেড মোট ১৩৬৩৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ ও ৯৮৪২ মিলিয়ন টাকা ঋণ আদায় করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ১২৩২৬ মিলিয়ন টাকা ও ৮৫৪২ মিলিয়ন টাকা। খাত ভিত্তিক ঋণ বিশ্লেষণ করলে দেখা যায় যে, ২০০১ সালের জানুয়ারি-মার্চ সময়কালে কৃষি ও শিল্প খাতে যথাক্রমে ৫ মিলিয়ন টাকা ও ১৬১ মিলিয়ন টাকা বিতরণ করে। ব্যাংকটির খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের অবস্থা সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

২০০১ সালে দি সিটি ব্যাংক লিমিটেড বৃহৎ ও মাঝারি শিল্পে মোট ১২৫৪ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করে। ২০০২ সালের মার্চ শেষে ক্রমপুঞ্জিভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় মোট ৩০৪৭ মিলিয়ন টাকা। সারণি-৩-এ শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরীর অবস্থা দেয়া হলো।

ঋণের স্থিতি

২০০২ সালের মার্চ শেষে দি সিটি ব্যাংক লিমিটেড-এর ঋণের স্থিতির পরিমাণ মোট ১৩৭৫৯ মিলিয়ন টাকায় দাঁড়ায় (কৃষি খাতে ৭৩ মিলিয়ন টাকা, শিল্প খাতে ৪৫৩৮ মিলিয়ন টাকা, ক্ষুদ্র ও মাঝারি ব্যবসা বাণিজ্যে ব্যাংকের মোট অগ্রিমের স্থিতি দাঁড়ায় ৬৩৮৩ মিলিয়ন টাকা); যা ২০০১-এর শেষে ১২৭২৯ মিলিয়ন টাকা ছিল। ব্যাংকটির খাত ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

সারণি-৪

খাত ভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ঃ	৪১	৬১	৭৩	৮১
	ক) শস্য	-	-	-	-
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৪১	৬১	৭৩	৮১
২।	শিল্প :	৩৪০০	৪১৫৮	৪৫৩৮	৪৬১৫
	ক) বৃহৎ ও মাঝারি	৩৪০০	৪১৫৮	৪৫৩৮	৪৬১৫
	খ) ক্ষুদ্র ও কুটির	-	-	-	-
৩।	পাইকারী/খুচরা বাণিজ্য এবং রেস্তোঁরা/হোটেল	৫১৭৯	৬০৯৮	৬৩৮৩	৬৪১০
৪।	বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা	৪৯৭	৫৩০	৫৪৩	৫৫০
৫।	পরিবহন ও যোগাযোগ	৬২	৭৯	১১০	১৫০
৬।	বিশেষ ঋণ কর্মসূচি ঃ	-	-	-	-
	ক) দারিদ্র বিমোচন	-	-	-	-
	খ) অন্যান্য	-	-	-	-
৭।	অন্যান্য	৭৮৬	১৮০৩	২১১২	২১৯৪
	সর্বমোট	৯৯৬৫	১২৭২৯	১৩৭৫৯	১৪০০০

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড ১৯৮৩ সালের ২৯ জুন হতে আনুষ্ঠানিকভাবে ব্যাংকিং কর্মকান্ড শুরু করে। ২০০২ সালের মার্চ শেষে ব্যাংকের অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১০০০ মিলিয়ন ও ২৩০ মিলিয়ন টাকা এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় ৩৯৩ মিলিয়ন টাকা। ২০০২ সালের মার্চ শেষে ব্যাংকটির মোট শাখার সংখ্যা ৮০টি এবং মোট জনশক্তি সংখ্যা দাঁড়ায় ১৮১০ জনে; যার মধ্যে ১১৩১ জন কর্মকর্তা এবং ৬৭৯ জন কর্মচারী।

ব্যাংক ঋণে প্রতিষ্ঠিত একটি কন্টেইনার হ্যান্ডলিং প্রতিষ্ঠান

২০০১ সালে ব্যাংকের মোট আমানতের পরিমাণ ১৪২৪৬ মিলিয়ন টাকায় দাঁড়ায় । যার মধ্যে তলবি ও মেয়াদি আমানতের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৪২৫৮ মিলিয়ন টাকা ও ৯৯৮৮ মিলিয়ন টাকা। ২০০১ সাল শেষে এ ব্যাংকের মোট আগাম এবং বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১০৯৪২ মিলিয়ন টাকা এবং ১৯৬২ মিলিয়ন টাকা । ২০০১ সালে এ ব্যাংক মোট ১৮৪৪২ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে; যার মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিটেন্সের পরিমাণ যথাক্রমে ৫৩০৯ মিলিয়ন, ১৩১৩৩ মিলিয়ন এবং ৬২৮ মিলিয়ন টাকা । ২০০২ সালের প্রথম তিন মাসে ব্যাংকটি ৪০৮৮ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে । ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়

২০০১ সালে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক কর্তৃক মোট ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১৫৩০২ মিলিয়ন টাকা ও ১৩৯২২ মিলিয়ন টাকা । এ ক্ষেত্রে শিল্প খাতে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৯৪৮ মিলিয়ন এবং ৪৪৯ মিলিয়ন টাকা। ২০০২ সালের প্রথম তিন মাসে এ ব্যাংক মোট ৩৮৮০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ ও ৩৭৩৬ মিলিয়ন টাকা আদায় করে। ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক-এর ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত তথ্য সারণি -২-এ দেয়া হলো।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	১০০০	১০০০	১০০০
২।	পরিশোধিত মূলধন	২৩০	২৩০	২৩০	২৩০
৩।	রিজার্ভ ফান্ড	৩৪৯	৩৪৯	৩৪৯	৩৪৯
৪।	আমানত	১২৩৮৭	১৪২৪৬	১৩২২৭	১৪০০০
	ক) তলবি আমানত	৩৬০৪	৪২৫৮	৩৭৩২	৪০০০
	খ) মেয়াদি আমানত	৮৭৮৩	৯৯৮৮	৯৪৯৫	১০০০০
৫।	ঋণ ও অগ্রিম	৯৪৪৪	১০৯৪২	১১৪৫৩	১২০০০
৬।	বিনিয়োগ	২১৬৩	১৯৬২	১৯৫৬	২০০০
৭।	মোট পরিসম্পদ	১৫৯২০	১৮৩৪৯	১৭২৬১	১৭৫০০
৮।	মোট আয়	২১৩৭	২৫২৪	৬২৯	১৬০০
৯।	মোট ব্যয়	১৮৩১	২০২০	৫৩৯	১৩৭০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	১৯৯৩৩	১৮৪৪২	৪০৮৮	৪৯২৪
	ক) রপ্তানি	৭৩৯৯	৫৩০৯	১৪৬৯	১৬৩৮
	খ) আমদানি	১২৫৩৪	১৩১৩৩	২৬১৯	৩২৮৬
	গ) রেমিটেন্স	৫৬৪	৬২৮	৯১	১৩০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	১৮৪২	১৮১২	১৮১০	১৮১০
	ক) কর্মকর্তা	১১৬৬	১১৩৬	১১৩১	১১২৫
	খ) কর্মচারী	৬৭৬	৬৭৬	৬৭৯	৬৮৫
১২।	বিদেশী প্রতিনিধি ব্যাংক (সংখ্যায়)	১১০	১১০	১১০	১১০
১৩।	শাখা (সংখ্যায়)	৭৯	৭৯	৮০	৮০
	ক) বাংলাদেশে	৭৯	৭৯	৮০	৮০
	খ) বিদেশে	-	-	-	-

শিল্প ঋণ মঞ্জুরী

২০০২ সালের মার্চ পর্যন্ত ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংকে ১০০টি প্রকল্পের আওতায় মোট ৩৭৪২ মিলিয়ন টাকা (ক্রমপুঞ্জিভূত) শিল্প ঋণ মঞ্জুর করে; যার মধ্যে ৩৪৩৭ মিলিয়ন টাকা (৯২%) বৃহৎ ও মাঝারি শিল্পের জন্য এবং ৩০৫ মিলিয়ন টাকা (৮%) ক্ষুদ্র ও কুটির শিল্পের জন্য। ২০০১ সালে এ ব্যাংক ১০টি প্রকল্পের আওতায় মোট ৩৯৫ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করে, যার মধ্যে ৩৫৮ মিলিয়ন টাকা (৯১%) বৃহৎ ও মাঝারি শিল্পের জন্য এবং ৩৭ মিলিয়ন টাকা (৯%) ক্ষুদ্র ও কুটির শিল্পের জন্য। শিল্পের আকার ভিত্তিক ব্যাংকটির ঋণ পরিস্থিতি সারণি-৩-এ দেয়া হলো।

সারণি-২

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ		কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
			মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০০	বিতরণ	২৮২	৬৪	৯৮৪	১০৪৮	১৩৩৫২	১৪৪০
	আদায়	১২৩	১১০	-	১১০	১৩০২০	১৩১৩০
২০০১	বিতরণ	-	১০৭	৮৪১	৯৪৮	১৪৩৫৪	১৫৩০২
	আদায়	-	৪৪৯	-	৪৪৯	১৩৪৭৩	১৩৯২২
৩১ মার্চ ২০০২*	বিতরণ	-	৪৫	২৯৫	৩৪০	৩৫৪০	৩৮৮০
	আদায়	-	১১২	-	১১২	৩৬২৪	৩৭৩৬
৩০ জুন ২০০২**	বিতরণ	-	৮৯	৫৯১	৬৮০	৭৩৪৫	৮০২৫
	আদায়	-	২২৫	-	২২৪	৭১০৩	৭৩২৭

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৩

শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকা)

ঋণ মঞ্জুরী		শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ ডিসেম্বর ২০০১ তারিখে	প্রকল্প সংখ্যা	২৪	৭৩	৯৭
	পরিমাণ	৩৪০১	২৮২	৩৬৮৩
১ জানুয়ারি ২০০১ হতে ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	৩	৭	১০
	পরিমাণ	৩৫৮	৩৭	৩৯৫
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ মার্চ ২০০২ তারিখে	প্রকল্প সংখ্যা	২৫	৭৫	১০০
	পরিমাণ	৩৪৩৭	৩০৫	৩৭৪২
১ জানুয়ারি ২০০২ হতে ৩১ মার্চ ২০০২ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	১	২	৩
	পরিমাণ	৩৬	২৩	৫৯
১ জানুয়ারি ২০০২ হতে ৩০ জুন ২০০২ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	২	৫	৭
	পরিমাণ	৬৬	৩৩	৯৯

* প্রাক্কলিত।

সারণি-৪

খাত ভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ঃ	-	-	-	-
	ক) শস্য	-	-	-	-
	খ) শস্য ব্যতীত অন্যান্য	-	-	-	-
২।	শিল্প :	৩৩২৮	৩৬৮৩	৩৭৪২	৩৮১৫
	ক) বৃহৎ ও মাঝারি	৩০৬৪	৩৪০১	৩৪৩৭	৩৪৯৭
	খ) ক্ষুদ্র ও কুটির	২৬৪	২৮২	৩০৫	৩১৮
৩।	পাইকারী/খুচরা বাণিজ্য এবং রেস্তোরা/হোটেল	৫৫২৯	৬৪৭৪	৭০০৮	৭৪৫৫
৪।	বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা	৪৭৯	৬৪৩	৫৬৩	৫৮০
৫।	পরিবহন ও যোগাযোগ	৪৬	৭২	৬৯	৭২
৬।	বিশেষ ঋণ কর্মসূচি ঃ	-	-	-	-
	ক) দারিদ্র বিমোচন	-	-	-	-
	খ) অন্যান্য	-	-	-	-
৭।	অন্যান্য	৬২	৭০	৭১	৭৮
	সর্বমোট	৯৪৪৪	১০৯৪২	১১৪৫৩	১২০০০

ঋণের স্থিতি

২০০১ সাল শেষে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড-এর মোট ঋণের স্থিতির পরিমাণ দাঁড়ায় ১০৯৪২ মিলিয়ন টাকা। যা ২০০২ সালের মার্চ শেষে বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ১১৪৫৩ মিলিয়ন টাকায় । ব্যাংকটির খাত ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

আরব বাংলাদেশ ব্যাংক লিমিটেড

আরব বাংলাদেশ ব্যাংক লিমিটেড ১৯৮২ সালের ১২ এপ্রিল তারিখে ২০০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন এবং ৮৫ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে আনুষ্ঠানিকভাবে কর্মকান্ড শুরু করে। ২০০১ সালের শেষে ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ৮০০ মিলিয়ন টাকা, পরিশোধিত মূলধনের পরিমাণ ৪১০ মিলিয়ন টাকা এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ ৫৪৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। এ সময়ে ব্যাংকটির ৬৪টি শাখা এবং ১৫৯৭ জন কর্মকর্তা/কর্মচারী ছিল।

২০০১ সালে আরব বাংলাদেশ ব্যাংকের আমানতের পরিমাণ ছিল ১৯৪১০ মিলিয়ন টাকা (তলবি আমানত ৩৬১৬ মিলিয়ন টাকা এবং মেয়াদি আমানত ১৫৭৯৪ মিলিয়ন টাকা)। ২০০২ সালের মার্চ শেষে মোট আমানতের পরিমাণ দাঁড়ায় ১৯৬৪২ মিলিয়ন টাকা। ২০০১ সালে ব্যাংকের ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ১৪৮৬২ মিলিয়ন টাকা, যা মার্চ ২০০২ শেষে বৃদ্ধি পেয়ে

ব্যাংক ঋণে পরিচালিত একটি মৎস্য প্রক্রিয়াকরণ প্রকল্প

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৮০০	৮০০	৮০০	৮০০
২।	পরিশোধিত মূলধন	৪১০	৪১০	৪১০	৪১০
৩।	রিজার্ভ ফান্ড	৪৩০	৫৪৮	৫৪৮	৫৪৮
৪।	আমানত	১৬৫৯৬	১৯৪১০	১৯৬৪২	২০০৭৫
	ক) তলবি আমানত	৩১৩৫	৩৬১৬	৪৭৫৫	৫১৫৮
	খ) মেয়াদি আমানত	১৩৪৬১	১৫৭৯৪	১৪৮৮৭	১৪৯১৭
৫।	ঋণ ও অগ্রিম*	১২৬৮২	১৪৮৬২	১৬৩১	১৬৬৫৫
৬।	বিনিয়োগ	২৪৩০	২৭০৪	২৭৯৭	২৮২৯
৭।	মোট পরিসম্পদ	২৫১৬৮	২৯০৩৪	৩০৯২৭	৩১৭২০
৮।	মোট আয়	১৭৮২	২১৯৯	৫৩৫	১১০৯
৯।	মোট ব্যয়	১৬২৩	১৯৩৬	৪০৩	৮১১
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	২৩১৩৪	২২৩২৫	৬৬৬১	১৩৬০৪
	ক) রপ্তানি	৮৪৩৬	৮২৭৫	২০২১	৪১৫২
	খ) আমদানি	১৩১১৯	১২৪২৮	৪২২৯	৮৬১৩
	গ) রেমিটেন্স	১৫৭৯	১৬২২	৪১১	৮৩৯
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	১৫৫৫	১৫৯৭	১৫৮৬	১৬৫০
	ক) কর্মকর্তা	১০০৭	৯৪৮	৯৩৬	৯৮০
	খ) কর্মচারী	৫৪৮	৬৪৯	৬৫০	৬৭০
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৩১০	৩১০	৩১০	৩১৫
১৩।	শাখা (সংখ্যায়)	৬২	৬৪	৬৪	৬৮
	ক) বাংলাদেশে	৬১	৬৩	৬৩	৬৭
	খ) বিদেশে	১	১	১	১

*=ঋণ ও অগ্রিমের বিপরীতে কোন প্রকার সঞ্চিতি সংস্থান সমন্বয়ের পূর্বে।

১৬৩১০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০০১ সালে ব্যাংকের মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ দাঁড়ায় ২২৩২৫ মিলিয়ন টাকা। যার মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিটেন্সের পরিমাণ যথাক্রমে ৮২৭৫ মিলিয়ন, ১২৪২৮ মিলিয়ন এবং ১৬২২ মিলিয়ন টাকা। ২০০২ সালের প্রথম তিন মাসে ব্যাংকটি ৬৬৬১ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে। ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যসমূহ সারণি-১-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়

আরব বাংলাদেশ ব্যাংক লিমিটেড ২০০১ সালে ১২৫১৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ১০৩৩৩ মিলিয়ন টাকা

সারণি-২

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ		কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
			মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০০	বিতরণ	১০০	৫৬৫	৫৮২০	৬৩৮৫	৩৫০৭	৯৯৯২
	আদায়	৪৩	৬১০	৬১৯৯	৬৮০৯	১৩০৮	৮১৬০
২০০১	বিতরণ	১৭৫	৬২৫	৬৫১৫	৭১৪০	৫১৯৮	১২৫১৩
	আদায়	৯৭	৫৮০	৬৫৫০	৭১৩০	৩১০৬	১০৩৩৩
৩১ মার্চ ২০০২*	বিতরণ	৫৫	৭০	১৫৭৫	১৬৪৫	১৪০০	৩১০০
	আদায়	১০	৮৫	১০৯০	১১৭৫	৬৬৭	১৮৫২
৩০ জুন ২০০২**	বিতরণ	১০৫	১২০	৩২০০	৩৩২০	২৭৫০	৬১৭৫
	আদায়	৮৫	১৬০	৩১১৫	৩২৭৫	২২৯০	৫৬৫০

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৩

শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকা)

ঋণ মঞ্জুরী		শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ ডিসেম্বর ২০০১ তারিখে	প্রকল্প সংখ্যা	৪৮	৮৭	১৩৫
	পরিমাণ	১৯৭৮	৬৯৪	২৬৭২
১ জানুয়ারি ২০০১ হতে ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	৪	১২	১৬
	পরিমাণ	২২৫	৮৮	৩১৩
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ মার্চ ২০০২ তারিখে	প্রকল্প সংখ্যা	৪৯	৯১	১৪০
	পরিমাণ	২০২৩	৭২০	২৭৪৩
১ জানুয়ারি ২০০২ হতে ৩১ মার্চ ২০০২ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	১	৪	৫
	পরিমাণ	৪৫	২৬	৭১
১ জানুয়ারি ২০০২ হতে ৩০ জুন ২০০২ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	৪	১০	১৪
	পরিমাণ	৩০০	৫৫	৩৫৫

* প্রাক্কলিত।

সারণি-৪

খাত ভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ঃ	৩৩২	৪১০	৪৮০	৪৯০
	ক) শস্য	-	-	-	-
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৩৩২	৪১০	৪৮০	৪৯০
২।	শিল্প :	২৪৯৩	২৫০০	২৬৪০	২৬১৫
	ক) বৃহৎ ও মাঝারি	১৮৮৭	১৯২০	২০২০	২০১৫
	খ) ক্ষুদ্র ও কুটির	৬০৬	৫৮০	৬২০	৬০০
৩।	পাইকারী/খুচরা বাণিজ্য এবং রেস্তোঁরা/হোটেল	৪৮০৫	৬২২০	৬৯০০	৬৯২০
৪।	বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা	১২৮০	১২৬০	১২৩০	১২০০
৫।	পরিবহন ও যোগাযোগ	১৬০	১৭৫	১৮০	১৮০
৬।	বিশেষ ঋণ কর্মসূচি ঃ	৬৩৬	৬৭০	৭০০	৭৫০
	ক) দারিদ্র বিমোচন	-	-	-	-
	খ) অন্যান্য	৬৩৬	৬৭০	৭০০	৭৫০
৭।	অন্যান্য	২৯৭৬	৩৬২৭	৪১৮০	৪৫০০
	সর্বমোট	১২৬৮২	১৪৮৬২	১৬৩১০	১৬৬৫৫

ঋণ আদায় করে । এ সময়ে বিতরণকৃত ঋণের মধ্যে ৭১৪০ মিলিয়ন টাকা ছিল শিল্প ঋণ এবং ১৭৫ মিলিয়ন টাকা ছিল কৃষি ঋণ। খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

আরব বাংলাদেশ ব্যাংক শুরু থেকে ২০০২ সালের মার্চ পর্যন্ত ১৪০টি প্রকল্পের আওতায় মোট ২৭৪৩ মিলিয়ন টাকার শিল্প ঋণ মঞ্জুর করে; যার মধ্যে ২০২৩ মিলিয়ন (৭৪%) বৃহৎ ও মাঝারি শিল্পে এবং ৭২০ মিলিয়ন (২৬%) ক্ষুদ্র ও কুটির শিল্পে মঞ্জুর করা হয়েছে। ২০০১ সালে এ ব্যাংক ১৬টি প্রকল্পে ৩১৩ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করে; যার মধ্যে ২২৫ মিলিয়ন টাকা বৃহৎ শিল্পে মঞ্জুর করা হয়েছে । শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী সারণি-৩-এ দেয়া হলো।

আরব বাংলাদেশ ব্যাংকের খাত ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

ইন্টারন্যাশনাল ফাইন্যান্স ইনভেস্টমেন্ট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড

১৯৬৭ সালে সরকারী ও বেসরকারী যৌথ উদ্যোগে ইন্টারন্যাশনাল ফাইন্যান্স ইনভেস্টমেন্ট এন্ড কমার্স লিমিটেড প্রতিষ্ঠিত হয়, যার মোট শেয়ারের শতকরা ৪০ ভাগের মালিক বাংলাদেশ সরকার । ১৯৯৪ সালের কোম্পানী আইন অনুসারে এ আর্থিক প্রতিষ্ঠানটি ১৯৮৩ সালে ইন্টারন্যাশনাল ফাইন্যান্স ইনভেস্টমেন্ট এন্ড কমার্স (আইএফআইসি) ব্যাংক লিমিটেড নামে একটি পরিপূর্ণ ব্যাংক হিসেবে আত্মপ্রকাশ করে। আইএফআইসি ব্যাংক লিমিটেডের অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ ২০০১ সালে দাঁড়িয়েছে যথাক্রমে ৫০০ মিলিয়ন টাকা এবং ৪০৬ মিলিয়ন টাকায়। পরিশোধিত মূলধনের মধ্যে ২৬৮ মিলিয়ন টাকা উদ্যোক্তাগণ ও জনসাধারণ কর্তৃক পরিশোধিত এবং অবশিষ্ট ১৪০ মিলিয়ন টাকা বাংলাদেশ সরকার কর্তৃক পরিশোধিত। ২০০১ সালে ব্যাংকটির শাখার সংখ্যা বিদেশস্থ ২টিসহ ৫৪টিতে দাঁড়ায়। ২০০১ সালে পাকিস্তানে অবস্থিত ২টি শাখার কার্যক্রম

সারণি-২

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ		কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
			মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০০	বিতরণ	১২	৩৪৮	১৪৮৪	১৮৩২	২৩৮২০	২৫৬৬৪
	আদায়	৭	৪৬৬	১২০৮	১৬৭৪	২৩৮৭৫	২৫৫৫৬
২০০১	বিতরণ	২	৪৪৩	১৪০০	১৮৪৩	১৯৭৬২	২১৬০৭
	আদায়	১	২৬০	১৫৭৭	১৮৩৭	১৮৯৫০	২০৭৮৮
৩১ মার্চ ২০০২*	বিতরণ	২	১২০	৩৬০	৪৮০	৪৯২০	৫৪০২
	আদায়	১	৩৪	১৫৮	১৯২	৪৯৫৫	৫১৪৮
৩০ জুন ২০০২**	বিতরণ	৫	২৬০	৭২১	৯৮১	১০৮৩১	১১৮১৭
	আদায়	৪	১১২	৭৩২	৮৪৪	১৫৩০৪	১৬১৫২

* সাময়িক। ** প্রাক্কলিত।

সন্তোষজনক ছিল। এছাড়া ব্যাংকটি ওমান নাগরিকদের যৌথ উদ্যোগে ১৯৮৫ সালে স্থাপন করে ওমান ইন্টারন্যাশনাল এক্সচেঞ্জ কোম্পানী এল এল সি (ওবেক)এবং ১৯৯৪ সালে আইএফআইসি ব্যাংক ও নেপালী নাগরিকদের যৌথ উদ্যোগে কাঠমুন্ডুতে নেপাল-বাংলাদেশ ব্যাংক লিঃ প্রতিষ্ঠিত হয়। নেপালে আইএফআইসি ব্যাংক ও নেপাল বাংলাদেশ ব্যাংকের যৌথ উদ্যোগে একটি লীজিং কোম্পানী (নেপাল বাংলাদেশ ফাইন্যান্স এন্ড লীজিং কোম্পানী লিঃ) প্রতিষ্ঠিত হয়।

২০০১ সালে এ ব্যাংকের মোট আমানত দাঁড়ায় ১৭০৯০ মিলিয়ন টাকা, যেখানে ২০০০-এ পরিমাণ ছিল ১৬৪৫৬ মিলিয়ন টাকা। ২০০১ সালে ব্যাংকটি ৩৬৮৪২ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে, যার মধ্যে

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৫০০	৫০০	৫০০	৫০০
২।	পরিশোধিত মূলধন	৪০৬	৪০৬	৪০৬	৪০৬
৩।	রিজার্ভ ফান্ড	৫৬০	৬২৪	৬২৪	৬২৪
৪।	আমানত	১৬৪৫৬	১৭০৯০	১৬০২২	১৭৮২৬
	ক) তলবি আমানত	৩৮০৮	৪০৬৮	৩৫৭২	৪২৮০
	খ) মেয়াদি আমানত	১২৬৪৮	১৩০২২	১২৪৫০	১৩৫৪৬
৫।	ঋণ ও অগ্রিম	১৬২৩৪	১৭০৫৩	১৭৩২৬	১৮১২০
৬।	বিনিয়োগ	৩৩৭৫	১০৩১	২০৫৯	৩৫০০
৭।	মোট পরিসম্পদ	১৯৩২৪	২৫৮৮৪	২৪৮৩৯	২৬২৮০
৮।	মোট আয়	২১৪৪	২১৭৪	৪৪২	১২৮৮
৯।	মোট ব্যয়	১৬১০	১৬৩৪	৪১৭	৯৬৮
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৩৭৬৫১	৩৬৮৪২	৯১৯৬	২০৪২৩
	ক) রপ্তানি	১৬৬৩৪	১৬৫৩৩	৩৭৭৫	৯১৬৪
	খ) আমদানি	১৭৯৩৯	১৭৪১০	৪৫৯৬	৯৬৫১
	গ) রেমিটেন্স	৩০৭৮	২৮৯৯	৮২৫	১৬০৮
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	১৭০০	১৭৩৭	১৭৪৯	১৭৫৬
	ক) কর্মকর্তা	১১৫১	১১৮৯	১১৯৮	১২০৩
	খ) কর্মচারী	৫৪৯	৫৪৯	৫৫১	৫৫৩
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	২০২	২০২	২০২	২০২
১৩।	শাখা (সংখ্যায়)	৫৪	৫৪	৫৬	৫৮
	ক) বাংলাদেশে	৫২	৫২	৫৪	৫৬
	খ) বিদেশে	২	২	২	২

সারণি-৩

শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকা)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ ডিসেম্বর ২০০১ তারিখে			
প্রকল্প সংখ্যা	৪৬	১৭০	২১৬
পরিমাণ	৩৪৯৯	১৪৮৬	৪৯৮৫
১ জানুয়ারি ২০০১ হতে ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৮	১৬	২৪
পরিমাণ	১১৩৬	২৩৭	১৩৭৩
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ মার্চ ২০০২ তারিখে			
প্রকল্প সংখ্যা	৪৯	১৭৪	২২৩
পরিমাণ	৩৭৭০	১৫০৯	৫২৭৯
১ জানুয়ারি ২০০২ হতে ৩১ মার্চ ২০০২ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৩	৪	৭
পরিমাণ	২৭১	২৩	২৯৪
১ জানুয়ারি ২০০২ হতে ৩০ জুন ২০০২ পর্যন্ত *			
প্রকল্প সংখ্যা	৯	৪	১৩
পরিমাণ	৫৫৮	২৩	৫৮১

* সাময়িক ** প্রাক্কলিত।

রয়েছে রপ্তানি ১৬৫৩৩ মিলিয়ন টাকা, আমদানি ১৭৪১০ মিলিয়ন টাকা এবং রেমিটেন্স ২৮৯৯ মিলিয়ন টাকা। ২০০১ সালে এ ব্যাংকের মোট ঋণের স্থিতি ১৭০৫৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা পূর্ববর্তী বছরের একই সময়ে ১৬২৩৪ মিলিয়ন টাকা ছিল। অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যসমূহ সারণি-১-এ দেয়া হলো।

আইএফআইসি ব্যাংকের ঋণ বিতরণ ও আদায়, শিল্পের আকার ভিত্তিক ঋণ এবং খাত ভিত্তিক ঋণের স্থিতি যথাক্রমে সারণি-২, সারণি-৩ ও সারণি-৪-এ দেয়া হলো।

সারণি-৪

খাত ভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ঃ	৭৪	৭৫	৭৬	৭৭
	ক) শস্য	-	-	-	-
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৭৪	৭৫	৭৬	৭৭
২।	শিল্প :				
	ক) বৃহৎ ও মাঝারি	২৭৭২	২৮২৫	৩০৬১	৩৩৬২
	খ) ক্ষুদ্র ও কুটির	৭৫৫	৭০৯	৭৬১	৭৮৯
৩।	পাইকারী/খুচরা বাণিজ্য এবং রেস্তোরা/হোটেল	৩৮৭৫	৪৫১৪	৪৪৩৫	৪৭৮০
৪।	বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা	১৪৪	২০৫	১৮৪	১৮৯
৫।	পরিবহন ও যোগাযোগ	২০৯	১৫৭	১৪৫	১৭৩
৭।	অন্যান্য	৮৪০৫	৮৫৬৮	৮৬৬৪	৮৭৫০
	সর্বমোট	১৬২৩৪	১৭০০৩	১৭৩২৬	১৮১২০

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড ১৯৮৩ সালের ৩০ মার্চ দেশের প্রথম সুদমুক্ত ব্যাংক হিসেবে কার্যক্রম শুরু করে। এ ব্যাংক দক্ষিণ-পূর্ব এশিয়ারও প্রথম সুদমুক্ত ব্যাংক। এটি যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত একটি ব্যাংকিং কোম্পানী; যার মূলধনের শতকরা ৫৯ ভাগ ইসলামী উন্নয়ন ব্যাংক, কয়েকটি বিদেশী আর্থিক প্রতিষ্ঠান এবং বিদেশী উদ্যোক্তা কর্তৃক বিনিয়োগকৃত। অবশিষ্টাংশ বাংলাদেশী উদ্যোক্তা ও শেয়ার হোল্ডারগণ কর্তৃক বিনিয়োগকৃত। ২০০১ সালে ব্যাংকটির অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১০০০ মিলিয়ন টাকা, ৬৪০ মিলিয়ন টাকা এবং ১৯৯৮ মিলিয়ন টাকা। ২০০২ সালের মার্চ শেষে ব্যাংকটির মোট শাখার সংখ্যা ১২১ টি এবং মোট কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা ৩১০২ জনে দাঁড়ায়, যার মধ্যে

ব্যাংকের অর্থায়নে গড়ে ওঠা একটি গার্মেন্টস শিল্প

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	১০০০	১০০০	১০০০
২।	পরিশোধিত মূলধন	৩২০	৬৪০	৬৪০	৬৪০
৩।	রিজার্ভ ফান্ড	২০৭৫	১৯৯৮	২০০০	২০০০
৪।	আমানত	৩২১১৩	৪১৬৪১	৪৩৯৩৬	৪৫৮২১
	ক) তলবি আমানত	৬০৬৬	৬৮২২	৬৭৩৫	৬৮৭৪
	খ) মেয়াদি আমানত	২৬০৪৭	৩৪৮১৯	৩৭২০১	৩৮৯৪৭
৫।	অগ্রিম ও ঋণ (বিনিয়োগ)	২৭৪৩৭	৩৫২৩৮	৩৫৮১৯	৩৭৮৪৪
৬।	বিনিয়োগ	৩৪	৩৪	৩৪	৩৪
৭।	মোট পরিসম্পদ (কন্ট্রা ব্যতীত)	৩৯৩৬২	৪৯৫৫২	৫২৪৮০	৫২৬৮০
৮।	মোট আয়	৩২০৮	৪২৬০	১০২৯	২৭৪৫
৯।	মোট ব্যয়	২৮৭৮	৩৬৮৪	৭০০	১৫৪৫
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৪৯৮৬০	৫১৮৬৮	১৩৪১১	২৯৫০০
	ক) রপ্তানি	২৫৩২৭	২৫৯০৭	৬০৫৯	১৪০০০
	খ) আমদানি	১৬৮৮৯	১৬০৮২	৩৯৬৩	৯০০০
	গ) রেমিটেন্স	৭৬৪৪	৯৮৭৯	৩৩৮৯	৬৫০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	২৬৮৫	৩০৬০	৩১০২	৩২৯০
	ক) কর্মকর্তা	২১৮৬	২৫৫২	২৫৬৩	২৬৬০
	খ) কর্মচারী	৪৯৯	৫০৮	৫৩৯	৬৩০
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৭৭৫	৮১৫	৮৩০	৮৫০
১৩।	শাখা সংখ্যায় (বাংলাদেশ)	১১৬	১২১	১২১	১২১

২৫৬৩ জন কর্মকর্তা। ব্যাংকের কার্যক্রম ইসলামী শরীয়াহ অনুযায়ী পরিপালন ও বাস্তবায়নের জন্য দেশের প্রখ্যাত আলেম, আইনজীবী, বিশিষ্ট অর্থনীতিবিদ এবং ব্যাংকারদের নিয়ে গঠিত একটি "শরীয়াহ কাউন্সিল" আছে।

২০০১ সালে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ-এর মোট আমানতের পরিমাণ ৪১৬৪১ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা পূর্ববর্তী বছরের তুলনায় ৯৫২৮ মিলিয়ন টাকা বা ৩০% বেশী। ২০০২ সালের প্রথম তিন মাসে ব্যাংকটির আমানত বৃদ্ধি পায় ২২৯৫ মিলিয়ন টাকা। ব্যাংকটির ২০০১ সালের অগ্রিম ও ঋণ (বিনিয়োগ) স্থিতি পূর্ববর্তী বছরের তুলনায় ৭৮০১ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ৩৫২৩৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০১ সালে ব্যাংকটি মোট ৫১৮৬৮ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে। তার মধ্যে আমদানি, রপ্তানি ও রেমিটেন্সের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে

সারণি-২

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ		কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
			মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০০	বিতরণ	২৮	২৩৪০	১৫৬৫৯	১৭৯৯৯	৫১৩৭২	৬৯৩৯৯
	আদায়	২৫	৪৮৫	১৭৮৭৬	১৮৩৬১	৪৮২৩২	৬৬৬১৮
২০০১	বিতরণ	৩৫	২১৮৭	১৪০২১	১৬২০৮	৬২৫৫০	৭৮৭৯৩
	আদায়	৩০	৭৪১	১৩৫৯৫	১৪৩৩৬	৫৮৪৪০	৭২৮০৬
৩১ মার্চ ২০০২*	বিতরণ	১০	৮৮৪	৫৭৯০	৬৬৭৪	১৮৪৯৭	২৫১৮১
	আদায়	৮	১৫২	৪৫২০	৪৬৭২	১৭৮৬৮	২২৫৪৮
৩০ জুন ২০০২**	বিতরণ	২০	২০৩৫	১১৫০	৩১৮৫	৩৬৪৩২	৩৯৬৩৭
	আদায়	১৪	৫০০	৮৬৮৫	৯১৮৫	২৮৬৫৭	৩৭৮৫৬

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৩

শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকা)

ঋণ মঞ্জুরী		শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ ডিসেম্বর ২০০১ তারিখে	প্রকল্প সংখ্যা	৪০	৪৪৭	৪৮৭
	পরিমাণ	১০২৩৩	৯৬২২	১৯৮৫৫
১ জানুয়ারি ২০০১ হতে ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	১৩	৯২	১০৫
	পরিমাণ	৫৯১৯	১৮৩৭	৭৭৫৬
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ মার্চ ২০০২ তারিখে	প্রকল্প সংখ্যা	৪১	৪৪৭	৪৮৮
	পরিমাণ	১০৭২৪	৯৮২৩	২০৫৪৭
১ জানুয়ারি ২০০২ হতে ৩১ মার্চ ২০০২ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	৪	১৯	২৩
	পরিমাণ	৪৯১	২০১	৬৯২
১ জানুয়ারি ২০০২ হতে ৩০ জুন ২০০২ পর্যন্ত *	প্রকল্প সংখ্যা	৮	২৩	৩১
	পরিমাণ	১৭৮৪	৩৪৫	২১২৯

* প্রাক্কলিত।

সারণি-৪

খাত ভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ঃ	১৭	৬৪	৭১	৭৫
	ক) শস্য	১৭	২৮	২৩	১৯
	খ) শস্য ব্যতীত অন্যান্য	-	৩৬	৪৮	৫৬
২।	শিল্প :	৯৮৪৯	১২১৫৯	১২৬৯৭	১৩২৪৯
	ক) বৃহৎ ও মাঝারি	৪৭৭০	৬৩০৮	৬৩৭৯	৬৩৯২
	খ) ক্ষুদ্র ও কুটির	৫০৭৯	৫৮৫১	৬৩১৮	৬৮৫৭
৩।	পাইকারী/খুচরা বাণিজ্য এবং রেস্তোঁরা/হোটেল	১১৬২৬	১৪৭৫৬	১৪৬৫৬	১৫৪৭২
৪।	বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা	২৪২০	২৩৭০	২৫৫২	২৮১৩
৫।	পরিবহন ও যোগাযোগ	৯৯৭	১২৮৫	১৩৭৭	১৪৯৬
৬।	বিশেষ ঋণ কর্মসূচী ঃ	১৩৬২	১০৫৫	১১২৪	১১৭৯
	ক) দারিদ্র বিমোচন	২৭৩	৩৪১	৩৭২	৩৮৬
	খ) অন্যান্য	১০৮৯	৭১৪	৭৫২	৭৯৩
৭।	অন্যান্য	১১৬৬	৩৫৪৯	৩৩৪২	৩৫৬০
	সর্বমোট	২৭৪৩৭	৩৫২৩৮	৩৫৮১৯	৩৭৮৪৪

২৫৯০৭ মিলিয়ন টাকা, ১৬০৮২ মিলিয়ন টাকা ও ৯৮৭৯ মিলিয়ন টাকা। ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

বিনিয়োগ বিতরণ ও আদায়

২০০১ সালে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড মোট ৭৮৭৯৩ মিলিয়ন টাকা বিনিয়োগ বিতরণ ও ৭২৮০৬ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ৬৯৩৯৯ মিলিয়ন ও ৬৬৬১৮ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে বিতরণকৃত বিনিয়োগের মধ্যে কৃষি ও শিল্প খাতে বিতরণ করা হয় যথাক্রমে ৩৫ মিলিয়ন ও ১৬২০৮ মিলিয়ন টাকা এবং উক্ত খাতদ্বয়ে আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৩০ মিলিয়ন ও ১৪৩৩৬ মিলিয়ন টাকা। ব্যাংকটির খাতওয়ারী বিনিয়োগ বিতরণ ও আদায়ের তুলনামূলক চিত্র সারণি-২-এ দেয়া হলো।

শিল্প বিনিয়োগ মঞ্জুরী

২০০১ সালে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড ১০৫টি প্রকল্পের জন্য ৭৭৫৬ মিলিয়ন টাকা শিল্প বিনিয়োগ মঞ্জুর করে। ২০০১ সাল পর্যন্ত ব্যাংকটি সর্বমোট ৪৮৭টি প্রকল্পের জন্য ১৯৮৫৫ মিলিয়ন টাকা শিল্প বিনিয়োগ মঞ্জুর করে। এর মধ্যে বৃহৎ ও মাঝারি আকারের শিল্পের জন্য ১০২৩৩ মিলিয়ন টাকা (৫২%) এবং ক্ষুদ্র ও কুটির শিল্পের জন্য ৯৬২২ মিলিয়ন টাকা (৪৮%) মঞ্জুর করা হয়। ২০০২ সালের প্রথম তিন মাসে ২৩টি প্রকল্পে ৬৯২ মিলিয়ন টাকার শিল্প বিনিয়োগ মঞ্জুর করা হয়। ইসলামী

ব্যাংক বাংলাদেশ লিমিটেড কর্তৃক শিল্পের আকার ভিত্তিক বিনিয়োগ মঞ্জুরীর তুলনামূলক অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

আর্থ-সামাজিক উন্নয়ন ও দারিদ্র বিমোচন কর্মসূচী

দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ও দারিদ্র বিমোচনে ব্যাংকের কর্মসূচী ২০০১ সালেও অব্যাহত থাকে। এ লক্ষ্যে ব্যাংকটি পল্লী এলাকার গরীব ও সম্বলহীন মানুষের জন্য সর্বোচ্চ ২৫,০০০/- টাকা এবং প্রান্তিক ও ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য সর্বোচ্চ ১০০,০০০/- টাকা বিনিয়োগ প্রদানের ব্যবস্থা করেছে। পুরাতন ও ভাল গ্রাহকের ক্ষেত্রে আলোচ্য কর্মসূচীর আওতায় ৩০,০০০/- টাকা পর্যন্ত বিনা জামানতেও বিনিয়োগ প্রদানের ব্যবস্থা রয়েছে। তাছাড়া স্বল্প শিক্ষিত বেকার ও কৃষি কর্মে নিয়োজিত ব্যক্তিবর্গকে কৃষি উৎপাদনে সহায়তা প্রদানের জন্য ব্যাংক কৃষি সরঞ্জাম বিনিয়োগ প্রকল্পের আওতায় পাওয়ার টিলার, পাওয়ার পাম্প, শ্যালো টিউবওয়েল ও প্রেসার মেশিন ক্রয়ের জন্য সর্বোচ্চ ৭৫০০০/- টাকা বিনিয়োগ প্রদান করে থাকে। ইতোমধ্যে ক্ষুদ্র শিল্প উদ্যোক্তাদের জন্য "মাইক্রো ইন্ডাস্ট্রিজ ইনভেস্টমেন্ট স্কীম" নামে একটি প্রকল্প চালু হয়েছে; যার আওতায় ক্ষুদ্র উদ্যোক্তাদের দেশীয় প্রযুক্তিতে শিল্প স্থাপনের জন্য সর্বোচ্চ ১০.০ লক্ষ টাকা বিনিয়োগ প্রদানের ব্যবস্থা রয়েছে । এছাড়া দেশের ছিন্নমূল ও অর্থনৈতিকভাবে সুবিধা বঞ্চিত হকারদের জন্য হকার বিনিয়োগ প্রকল্প নামে একটি বিনিয়োগ প্রকল্প বাস্তবায়নের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। বিশেষ বিনিয়োগ কর্মসূচীসহ ব্যাংকটির খাতভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

আল বারাকা ব্যাংক বাংলাদেশ লিমিটেড

আল বারাকা ব্যাংক বাংলাদেশ লিমিটেড একটি ইসলামী শরিয়াহ ভিত্তিক ব্যাংক, যা ১৯৮৭ সালের ২০শে মে হতে তফসিলী ব্যাংক রূপে বাংলাদেশে কার্যক্রম শুরু করে। সৌদি আরবের দাল্লাহ আল বারাকা গ্রুপ, ইসলামী উন্নয়ন ব্যাংক, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং বাংলাদেশী বিনিয়োগকারীদের উদ্যোগে ব্যাংকটি প্রতিষ্ঠিত হয়। ২০০১ সালে ব্যাংকটির অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৬০০ মিলিয়ন টাকা ও ২৬০ মিলিয়ন টাকা। এ সময়ে ব্যাংকটির রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় ৮০ মিলিয়ন টাকা। আল বারাকা ব্যাংক সারা দেশে ৩৪টি শাখার মাধ্যমে সুদবিহীন ব্যাংকিং সেবা প্রদান করে আসছে। ২০০২ সালের মার্চ শেষে ব্যাংকের মোট জনশক্তির পরিমাণ দাঁড়ায় ৬৩৩ জন; যার মধ্যে ৪৭৩ জন কর্মকর্তা এবং ১৬০ জন কর্মচারী।

ব্যাংক ঋণে পরিচালিত একটি অটোমোবাইলস ফ্যাক্টরি

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৬০০	৬০০	৬০০	৬০০
২।	পরিশোধিত মূলধন	২৬০	২৬০	২৬০	২৬০
৩।	রিজার্ভ ফান্ড	৬০	৮০	৮০	৮০
৪।	আমানত	১০৭৩৬	১৪২৬৩	১২৭৭৮	১৪৬৯৫
	ক) তলবি আমানত	১৬৬৯	২২৪০	১৬৪৩	২০৫৭
	খ) মেয়াদি আমানত	৯০৬৭	১২০২৩	১১১৩৫	১২৬৩৮
৫।	অগ্রিম ও ঋণ (বিনিয়োগ)	৮৭৬০	৯৭১৬	৯১৮৭	১০৭৫৪
৬।	বিনিয়োগ	-	-	-	-
৭।	মোট পরিসম্পদ	১১৩০৩	১৪৭৯৮	১৪২৯৪	১৬১১১
৮।	মোট আয়	১০৪১	১২৬৫	১৯৫	৪৮৮
৯।	মোট ব্যয়	৯৬৫	১১৬৬	৩৪২	৬৮৫
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৭৯৬৫	৮৫৮০	১৮২৩	৪০১৯
	ক) রপ্তানি	১৯৬৮	২৭৭১	৫৭৭	১৪৫০
	খ) আমদানি	৪৮৬৯	৪৫১৮	১০০৮	২০৪০
	গ) রেমিটেন্স	১১২৮	১২৯১	২৩৮	৫২৯
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৬৩৭	৬৩৮	৬৩৩	৬৪৬
	ক) কর্মকর্তা	৪৭২	৪৭৬	৪৭৩	৪৮৩
	খ) কর্মচারী	১৬৫	১৬২	১৬০	১৬৩
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)				
১৩।	শাখা সংখ্যায় (বাংলাদেশ)	৩৪	৩৪	৩৪	৩৪

২০০১ সালে আল বারাকা ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর মোট আমানত ২০০০ সালের তুলনায় ৩৫২৭ মিলিয়ন টাকা (৩৩%) বৃদ্ধি পেয়ে ১৪২৬৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। তবে ২০০২ সালের প্রথম ৩ মাসে ব্যাংকটির আমানত ১৪৮৫ মিলিয়ন টাকা হ্রাস পেয়ে ১২৭৭৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ব্যাংকটির মোট ঋণ ও অগ্রিম ২০০১ সালে ৯৫৬ মিলিয়ন টাকা (১০.৯১%) বৃদ্ধি পেয়ে ৯৭১৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০১ সালে ব্যাংকটি মোট ৮৫৮০ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে, পূর্ববর্তী বছরে যার পরিমাণ ছিল ৭৯৬৫ মিলিয়ন টাকা। ২০০১ সালে পরিচালিত বৈদেশিক মুদ্রা ব্যবসায়ের মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিটেন্সের পরিমাণ ছিল যথাক্রমে ২৭৭১ মিলিয়ন টাকা, ৪৫১৮ মিলিয়ন টাকা ও ১২৯১ মিলিয়ন টাকা। ২০০২ সালের মার্চ শেষে উক্ত ব্যাংকের বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ ১৮২৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। আল বারাকা ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

সারণি-২

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ		কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
			মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০০	বিতরণ	৩	১২৭	১৫৬৩	১৬৯০	৮৪৩৯	১০১৩২
	আদায়	৪	৮০	১৩৪৭	১৪২৭	৮০৪৯	৯৪৮০
২০০১	বিতরণ	৪	১৩৮	১৯৫০	২০৮৮	১০৩৭৮	১২৪৭০
	আদায়	৪	৩৫১	১৫৫৭	১৯০৮	১০০৭২	১১৯৮৪
৩১ মার্চ ২০০২*	বিতরণ	-	১১	৪৯৫	৫০৬	২৬৬৯	৩১৭৫
	আদায়	-	১৫	৩৮৭	৪০২	২৫৮৫	২৯৮৭
৩০ জুন ২০০২**	বিতরণ	৭	১০০	১২০০	১৩০০	৬৬৭০	৭৯৭৭
	আদায়	৬	২৪৭	১০৫০	১২৯৭	৬৫৫০	৭৯৫৩

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৩

শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকা)

ঋণ মঞ্জুরী		শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ ডিসেম্বর ২০০১ তারিখে	প্রকল্প সংখ্যা	১৮৮	-	১৮৮
	পরিমাণ	৪৭৮৭	-	৪৭৮৭
১ জানুয়ারি ২০০১ হতে ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	৫৭	-	৫৭
	পরিমাণ	১২১৫	-	১২১৫
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ মার্চ ২০০২ তারিখে	প্রকল্প সংখ্যা	১৯৫	-	১৯৫
	পরিমাণ	৪৬৫৪	-	৪৬৫৪
১ জানুয়ারি ২০০২ হতে ৩১ মার্চ ২০০২ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	১৯	-	১৯
	পরিমাণ	২৭৭	-	২৭৭
১ জানুয়ারি ২০০২ হতে ৩০ জুন ২০০২ পর্যন্ত *	প্রকল্প সংখ্যা	৩৯	-	৩৯
	পরিমাণ	৫৭৫	-	৫৭৫

* প্রাক্কলিত।

সারণি-৪

খাত ভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ঃ	৭	৭	৭	৭
	ক) শস্য	৭	৭	৭	৭
	খ) শস্য ব্যতীত অন্যান্য	-	-	-	-
২।	শিল্প :	৪৪৫৯	৪৭৮৭	৪৬৫৪	৫২৫০
	ক) বৃহৎ ও মাঝারি	৪৪৫৯	৪৭৮৭	৪৬৫৪	৫২৫০
	খ) ক্ষুদ্র ও কুটির	-	-	-	-
৩।	পাইকারী/খুচরা বাণিজ্য এবং রেস্তোঁরা/হোটেল	২২৪৩	২৬৩৫	২৬৪০	৩৩৫০
৪।	বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা	৫৯৩	৭১৭	৭৩২	৯৫০
৫।	পরিবহন ও যোগাযোগ	৩৪৪	৪৯৫	৪৯৩	৬৪০
৬।	অন্যান্য	১১১৪	১০৭৫	৬৬১	৫৫৭
	সর্বমোট	৮৭৬০	৯৭১৬	৯১৮৭	১০৭৫৪

ঋণ বিতরণ ও আদায়

২০০১ সালে আল বারাকা ব্যাংক বাংলাদেশ লিমিটেড মোট ১২৪৭০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ ও ১১৯৮৪ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ১০১৩২ মিলিয়ন টাকা ও ৯৪৮০ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে বিতরণকৃত ঋণের মধ্যে শিল্প খাতে বিতরণ করা হয় ২০৮৮ মিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরে যার পরিমাণ ছিল ১৬৯০ মিলিয়ন টাকা। শিল্প খাতে আলোচ্য বছরে আদায়ের পরিমাণ দাঁড়ায় ১৯০৮ মিলিয়ন টাকা। এছাড়া, কৃষি খাতে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৪ মিলিয়ন টাকা ও ৪ মিলিয়ন টাকা এবং অন্যান্য খাতে বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১০৩৭৮ মিলিয়ন ও ১০০৭২ মিলিয়ন টাকা। ২০০২ সালের মার্চ শেষে উক্ত ব্যাংকের ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৩১৭৫ মিলিয়ন টাকা ও ২৯৮৭ মিলিয়ন টাকা। ব্যাংকটির খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের তুলনামূলক অবস্থা সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

২০০১ সালে আল বারাকা ব্যাংক বাংলাদেশ লিমিটেড মোট ৫৭টি শিল্প প্রকল্পের জন্য ১২১৫ মিলিয়ন টাকা মঞ্জুর করে। এর পুরোটাই মঞ্জুর করা হয় বৃহৎ ও মাঝারি শিল্প প্রকল্পের জন্য। ২০০২ সালের মার্চ পর্যন্ত ১৯৫টি প্রকল্পের জন্য শিল্প ঋণের মোট পুঞ্জীভূত মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় ৪৬৫৪ মিলিয়ন টাকা। ব্যাংকটি কর্তৃক শিল্পের আকার ভিত্তিক মঞ্জুরীকৃত ঋণের অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

খাত ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪ এ দেয়া হলো।

ব্যাংক অব ক্রেডিট এন্ড কমার্স ইন্টারন্যাশনাল

ইস্টার্ণ ব্যাংক লিমিটেড

(ওভারসীজ) লিমিটেড (পুনর্গঠন) স্কীম, ১৯৯২-এর বাস্তবায়নকল্পে এবং উক্ত স্কীম অনুযায়ী সংশোধিত/সমন্বিত বাংলাদেশস্থ পূর্বতন বিসিসিআই(ও) এর সমস্ত হ্রাসকৃত/সমন্বিত সম্পদ, দায় ও ক্ষতি নিয়ে ১৯৯২ সালের আগষ্ট মাসে ইস্টার্ণ ব্যাংক লিমিটেড প্রতিষ্ঠিত হয়। ২০০১ সালে ব্যাংকটির অনুমোদিত মূলধন, পরিশোধিত মূলধন ও রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১০০০ মিলিয়ন, ৭২০ মিলিয়ন ও ১১৯৭ মিলিয়ন টাকা। ২০০২ সালের মার্চ শেষে ব্যাংকটির মোট শাখার সংখ্যা ও মোট জনশক্তির পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ২২টি ও ৪৯৯ জনে। মোট জনশক্তির মধ্যে ৪২৯ জন কর্মকর্তা এবং ৭০ জন কর্মচারী।

২০০১ সাল শেষে ইস্টার্ণ ব্যাংক লিমিটেড-এর মোট আমানত পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৭.২৯ ভাগ বৃদ্ধি পেয়ে ১৩২৭৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০২ সালের মার্চ শেষে এ ব্যাংকের মোট আমানতের পরিমাণ দাঁড়ায় ১২৭৪৮ মিলিয়ন টাকা। ২০০১ সাল শেষে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ৯৯৪৬ মিলিয়ন টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ২২.১৭ ভাগ বেশী। ২০০২ সালের মার্চ শেষে উক্ত ঋণ ও অগ্রিমের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ১০৪০৮ মিলিয়ন টাকা। ২০০১ সালে ইস্টার্ণ ব্যাংক লিমিটেড-এর মোট বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ১২৫৭ মিলিয়ন টাকা। উক্ত সময় শেষে ব্যাংকটি মোট ১৭২৭২ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা

রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্পে ব্যাংকের অর্থায়ন

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	১০০০	১০০০	১০০০
২।	পরিশোধিত মূলধন	৬০০	৭২০	৭২০	৭২০
৩।	রিজার্ভ ফান্ড	১১০০	১১৯৭	১১৯৭	১১৯৭
৪।	আমানত	১২৩৭৫	১৩২৭৭	১২৭৪৮	১৪০৮৪
	ক) তলবি আমানত	২৪৬০	১৯৩৬	১৭৮৬	২২০০
	খ) মেয়াদি আমানত	৯৯১৫	১১৩৪১	১০৯৬২	১১৮৮৪
৫।	ঋণ ও অগ্রিম	৮১৪১	৯৯৪৬	১০৪০৮	১১৭৮৮
৬।	বিনিয়োগ	১৮১২	১২৫৭	১১১৪	১২০০
৭।	মোট পরিসম্পদ	১৬৮৮০	১৮২৮৪	১৭৩২৬	১৮০৫০
৮।	মোট আয়	১৯১৬	২০২৩	৫৩৫	১১৯৩
৯।	মোট ব্যয়	১২৪২	১৩১৯	৩৬৯	৭৫৯
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	২০০৮৯	১৭২৭২	৩২৫৭	৯৯৫৭
	ক) রপ্তানি	৭২৮১	৫৪৩২	৯০৩	৩৪৪০
	খ) আমদানি	১২৫৩৩	১১৪১৫	২২৬৪	৬৩৭৫
	গ) রেমিটেন্স	২৭৫	৪২৫	৯০	১৪২
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৬৫২	৪৯২	৪৯৯	৫০৫
	ক) কর্মকর্তা	৫০৯	৪২২	৪২৯	৪৩৫
	খ) কর্মচারী	১৪৩	৭০	৭০	৭০
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৪৫	৪৭	৪৯	৫৭
১৩।	শাখা (সংখ্যায়)	২১	২২	২২	২২
	ক) বাংলাদেশে	২১	২২	২২	২২
	খ) বিদেশে	-	-	-	-

করে। এর মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিটেন্স-এর পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৫৪৩২ মিলিয়ন, ১১৪১৫ মিলিয়ন ও ৪২৫ মিলিয়ন টাকা। ২০০২ সালের প্রথম ৩ মাসে এই ব্যাংক কর্তৃক মোট ৩২৫৭ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিটেন্স-এর পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৯০৩ মিলিয়ন, ২২৬৪ মিলিয়ন ও ৯০ মিলিয়ন টাকা। ইস্টার্ণ ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যসমূহ সারণি-১-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়

২০০১ সালে ইস্টার্ণ ব্যাংক লিমিটেড মোট ১০৫৯৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ৮২২১ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে এ ব্যাংক কর্তৃক মোট ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ১৪৬৬৪ মিলিয়ন ও ১৪১৫৬ মিলিয়ন টাকা। ২০০১ সালের বিতরণকৃত মোট ঋণের মধ্যে শিল্প ঋণের পরিমাণ ছিল ৪০৭৩ মিলিয়ন টাকা এবং অন্যান্য ঋণের পরিমাণ ছিল

সারণি-২

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ		শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০০	বিতরণ	৪৫০	২৭৭৭	৩২২৭	১১৪৩৭	১৪৬৬৪
	আদায়	২০০	৩১২৯	৩৩২৯	১০৮২৭	১৪১৫৬
২০০১	বিতরণ	৮৪২	৩২৩১	৪০৭৩	৬৫২৪	১০৫৯৭
	আদায়	৩৪৮	২৭২৪	৩০৭২	৫১৪৯	৮২২১
৩১ মার্চ ২০০২*	বিতরণ	১১১	৭১১	৮২২	২৩৬৩	৩১৮৫
	আদায়	৬৩	৬২৫	৬৮৮	১৫৭২	২২৬০
৩০ জুন ২০০২**	বিতরণ	৬০৫	১২৫৮	১৮৬৩	২৮৬৮	৪৭৩১
	আদায়	১৭৯	৮৯৬	১০৭৫	২০০৮	৩০৮৩

*সামযিক। ** প্রাক্কলিত।*

সারণি-৩

শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকা)

ঋণ মঞ্জুরী		শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ ডিসেম্বর ২০০১ তারিখে	প্রকল্প সংখ্যা	১২৫	১০	১৩৫
	পরিমাণ	৯৬৬৮	৫৩	৯৭২১
১ জানুয়ারি ২০০১ হতে ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	২৭	-	২৭
	পরিমাণ	১৭৭৮	-	১৭৭৮
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ মার্চ ২০০২ তারিখে	প্রকল্প সংখ্যা	১৩৩	৯	১৪২
	পরিমাণ	৯৯০২	৫০	৯৯৫২
১ জানুয়ারি ২০০২ হতে ৩১ মার্চ ২০০২ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	৮	-	৮
	পরিমাণ	৩৮৪	-	৩৮৪
১ জানুয়ারি ২০০২ হতে ৩০ জুন ২০০২ পর্যন্ত*	প্রকল্প সংখ্যা	১৭	৭	২৪
	পরিমাণ	১১৩৪	৩৫	১১৬৯

** প্রাক্কলিত।*

৬৫২৪ মিলিয়ন টাকা। উক্ত সময়ে এ ব্যাংক শিল্প খাত থেকে ৩০৭২ মিলিয়ন টাকা এবং অন্যান্য খাত থেকে ৫১৪৯ মিলিয়ন টাকা আদায় করে। আলোচ্য বছরে ব্যাংকটি কৃষি খাতে কোন ঋণ বিতরণ করেনি। ২০০১ সালের প্রথম ৩ মাসে ব্যাংকটির মোট ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৩১৮৫ মিলিয়ন ও ২২৬০ মিলিয়ন টাকা। ইস্টার্ণ ব্যাংক লিমিটেড-এর খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায় সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

২০০১ সালে ইস্টার্ণ ব্যাংক লিমিটেড ২৭টি বৃহৎ ও মাঝারি শিল্প ইউনিটকে মোট ১৭৭৮ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করে। ২০০২ সালের মার্চ শেষে ১৩৩টি বৃহৎ ও মাঝারি শিল্প ইউনিটের জন্য ক্রমপুঞ্জিভূত মোট ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় ৯৯০২ মিলিয়ন টাকা। ইস্টার্ণ ব্যাংক লিমিটেড-এর শিল্পের আকার ভিত্তিক ঋণের পরিস্থিতি সারণি-৩-এ দেয়া হলো।

ঋণের স্থিতি

২০০১ সালে ইস্টার্ণ ব্যাংক লিমিটেড-এর মোট ৯৯৪৬ মিলিয়ন টাকার ঋণের স্থিতির মধ্যে শিল্প খাতে ৫০০৯ মিলিয়ন, পাইকারী/খুচরা ব্যবসা এবং রেস্তোঁরা/হোটেল খাতে ২৯৯৭ মিলিয়ন, বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা খাতে ৫৫৫ মিলিয়ন এবং অন্যান্য খাতে ১৩৮৫ মিলিয়ন টাকা ঋণের স্থিতি বিদ্যমান। ২০০২ সালের মার্চ শেষে উক্ত ব্যাংকের মোট ১০৪০৮ মিলিয়ন টাকার ঋণের স্থিতির মধ্যে শিল্প খাতে ৫৫৮৭ মিলিয়ন, পাইকারী/খুচরা ব্যবসা এবং রেস্তোঁরা/হোটেল খাতে ৩০৫৬ মিলিয়ন, বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা খাতে ৪৬৪ মিলিয়ন এবং অন্যান্য খাতে ১৩০১ মিলিয়ন টাকা দাঁড়ায়। ইস্টার্ণ ব্যাংক লিমিটেড-এর খাত ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

সারণি-৪

খাত ভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ঃ	-	-	-	-
	ক) শস্য	-	-	-	-
	খ) শস্য ব্যতীত অন্যান্য	-	-	-	-
২।	শিল্প :	৩৪২২	৫০০৯	৫৫৮৭	৬০৯৩
	ক) বৃহৎ ও মাঝারি	৩৩৮০	৪৯৫০	৫৫৩৫	৬০২৭
	খ) ক্ষুদ্র ও কুটির	৪২	৫৯	৫২	৬৬
৩।	পাইকারী/খুচরা বাণিজ্য এবং রেস্তোঁরা/হোটেল	২৪৮৬	২৯৯৭	৩০৫৬	৩৫০২
৪।	বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা	৫৪০	৫৫৫	৪৬৪	৪৮৯
৫।	পরিবহন ও যোগাযোগ	১১	-	-	-
৬।	বিশেষ ঋণ কর্মসূচি ঃ	-	-	-	-
	ক) দারিদ্র বিমোচন	-	-	-	-
	খ) অন্যান্য	-	-	-	-
৭।	অন্যান্য	১৬৮২	১৩৮৫	১৩০১	১৭০৪
	সর্বমোট	৮১৪১	৯৯৪৬	১০৪০৮	১১৭৮৮

ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড

ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড ৭৫০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন এবং ১৯৫ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে ১৯৯৩ সালের ১৭ মে কার্যক্রম শুরু করে। ২০০২ সালের মার্চ শেষে ব্যাংকটির অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৭৫০ মিলিয়ন ও ৪২৯ মিলিয়ন টাকা। ২০০২ সালের মার্চ শেষে ব্যাংকটির রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় ৩৬৯ মিলিয়ন টাকা। ২০০২ সালের মার্চ শেষে ব্যাংকটির মোট শাখা ও জনশক্তির সংখ্যা দাঁড়ায় যথাক্রমে ৩০টি ও ৭৭৭ জনে। মোট জনশক্তির মধ্যে ৫৯৩ জন কর্মকর্তা এবং ১৮৪ জন কর্মচারী।

ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিঃ শেয়ারড ATM নেটওয়ার্কের সহায়তায় ঢাকা নগরীর বিভিন্ন স্থানে ব্যাংকের গ্রাহকগণকে দিবা-রাত্রি নগদ উত্তোলন ও বিল প্রদানের সুবিধা দিয়ে আসছে এবং পর্যায়ক্রমে ঢাকা নগরীসহ দেশের অন্যান্য শহরেও এর নেটওয়ার্ক সম্প্রসারণ করার পরিকল্পনা হাতে নিয়েছে। সম্প্রতি Master Credit Card-এর সদস্য পদ লাভ করার মাধ্যমে গ্রাহকদের সম্ভাব্য সর্বোত্তম সেবা প্রদানের জন্য একটি নতুন দিগন্তের উম্মোচন করেছে। ব্যাংক কর্তৃক ইতোপূর্বে গৃহীত পদক্ষেপসমূহের মধ্যে MoneyGram, SWIFT-এর সদস্য পদ গ্রহণ এবং Dealing Room Operation-এর সহায়তায় অত্যন্ত দক্ষতার সাথে উন্নততর গ্রাহক সেবা প্রদান করে আসছে। তাছাড়া, চলতি বছরে ব্যাংকটি

ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি তেল উৎপাদনকারী প্রতিষ্ঠান

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৭৫০	৭৫০	৭৫০	৭৫০
২।	পরিশোধিত মূলধন	৩৯০	৪২৯	৪২৯	৪২৯
৩।	রিজার্ভ ফান্ড	১৮৭	৩৬৯	৩৬৯	৩৬৯
৪।	আমানত	১০৪৬২	১২৬৩১	১২৭৭২	১৩৪০২
	ক) তলবি আমানত	২৩১২	২৩৬৪	২৩৭৫	২৫৫০
	খ) মেয়াদি আমানত	৮১৫০	১০২৬৭	১০৩৯৭	১০৮৫২
৫।	ঋণ ও অগ্রিম	৭৯৬৫	১০৭৮৯	১১০৬৬	১১৭০১
৬।	বিনিয়োগ	১৭২২	১৭৫৭	১৮০৭	১৮৫০
৭।	মোট পরিসম্পদ	১৮৯০৩	২১২৪৭	২১২৫৪	২১৬০৪
৮।	মোট আয়	১৩৭৫	১৭৮০	৪৯৫	১০৩২
৯।	মোট ব্যয়	৯৪৫	১২১২	৩৮২	৭৮০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	১৭৯৪৫	১৮৫৭৬	৪৬১১	৯২৪৫
	ক) রপ্তানি	৪২১৪	৪৫০৫	১১১০	২৩০৫
	খ) আমদানি	১৩৫৩৪	১৩৭৫৪	৩৪৩০	৬৮০০
	গ) রেমিটেন্স	১৯৭	৩১৮	৭১	১৪০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৬৯১	৭৫৯	৭৭৭	৮০০
	ক) কর্মকর্তা	৫২৩	৫৭৬	৫৯৩	৬০০
	খ) কর্মচারী	১৬৮	১৮৩	১৮৪	২০০
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	২৫০	২৬৫	২৭২	২৮১
১৩।	শাখা (সংখ্যায়)	২৭	২৯	৩০	৩২
	ক) বাংলাদেশে	২৭	২৯	৩০	৩২
	খ) বিদেশে	-	-	-	-

অনলাইন ব্যাংকিং চালু করার পদক্ষেপ গ্রহণ করেছে। ফলে গ্রাহকগণ এক শাখা থেকে অন্য শাখায় সহজে ও দ্রুততার সাথে টাকা আদান প্রদান করতে পারবে। সর্বস্তরের জনসাধারণকে সঞ্চয়ে আগ্রহী করে তোলার লক্ষ্যে ব্যাংকটি বিশেষ আমানত প্রকল্প, বিশেষ সঞ্চয়ী প্রকল্প, ইসলামী ব্যাংকিং প্রকল্প ইত্যাদি নামে নতুন প্রকল্প সেবা প্রবর্তন করেছে। অধিকন্তু, মধ্যবিত্ত চাকুরীজীবীদের জীবনযাত্রার মান উন্নয়নের প্রতি লক্ষ্য রেখে কনজ্যুমার ফাইন্যান্সিং এবং লীজ ফাইন্যান্সিং-এর মাধ্যমে ঋণ সুবিধা গ্রাহকের কাছে পৌঁছে দেয়ার পদক্ষেপ নিয়েছে।

২০০১ সালের শেষে ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেডের মোট আমানত ১২৬৩১ মিলিয়ন টাকায় দাঁড়ায়। যার মধ্যে তলবি আমানত ২৩৬৪ মিলিয়ন টাকা এবং মেয়াদি আমানত ১০২৬৭ মিলিয়ন টাকা। ২০০১ সালে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের পরিমাণ ১০৭৮৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। আলোচ্য বছরে ব্যাংকটির মোট বিনিয়োগের পরিমাণ ১৭৫৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০২ সালের মার্চ শেষে বিনিয়োগের পরিমাণ ১৮০৭

সারণি-২

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০০						
বিতরণ	২১	৩৬১	৯৪৫৪	৯৮১৫	৫৯৯৮	১৫৮৩৪
আদায়	০.৪০	৭৬	২৪৫৪	২৫৩০	২৩৭৬	৪৯০৬
২০০১						
বিতরণ	৫৪	৯০৩	৯৮৮৭	১০৭৯০	৭৩০৯	১৮১৫৩
আদায়	১৭	৩৯৭	৫৪৩৮	৫৮৩৫	৫৯৫৭	১১৮০৯
৩১ মার্চ ২০০২*						
বিতরণ	৪	১০	১০০০	১০১০	১২০০	২২১৪
আদায়	১৭	১৯	৫০০	৫১৯	৭০০	১২৩৬
কর্মসংস্থান ব্যাংক দেশের বেকার যুবক ও যুব-মহিলাদের আত্মকর্মসংস্থানে ঋণ সহায়তা দিয়ে তাদের স্বাবলম্বী করে তোলা এবং দারিদ্র বিমোচন করে জীবনমান উন্নত করার লক্ষ্যে ২২ সেপ্টেম্বর ১৯৯৮ তারিখে আত্মপ্রকাশ করে। কর্মসংস্থান ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ৩০০০ মিলিয়ন টাকা এবং প্রারম্ভিক পরিশোধিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা, যার মধ্যে শতকরা ৭৫ ভাগ বাংলাদেশ সরকার এবং শতকরা ২৫ ভাগ রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক তফসিলী ব্যাংক, বীমা কোম্পানি ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত হবে। ৩১ মার্চ ২০০২ তারিখে ব্যাংকের পরিশোধিত মূলধন ছিল ৯৮৫ মিলিয়ন টাকা। দেশের অন্যান্য রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের সাথে কর্মসংস্থান ব্যাংকের মূল পার্থক্য হচ্ছে ঃ কর্মসংস্থান ব্যাংক সরকারের সামাজিক ও অর্থনৈতিক লক্ষ্য বাস্তবায়ন করছে। এ ব্যাংক আমানত সংগ্রহ করে না; শুধু বেকারদের আত্মকর্ম সংস্থানের লক্ষ্যে সরকার প্রদত্ত মূলধন দ্বারা সহজ শর্তে/

ব্যাংক ঋণে পরিচালিত একটি মৎস্য প্রকল্প

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৩০০০	৩০০০	৩০০০	৩০০০
২।	পরিশোধিত মূলধন	৯৭৫	৯৮৫	৯৮৫	১১৫০
৩।	রিজার্ভ ফান্ড	৩১	৭৩	৭৩	১১০
৪।	ঋণ ও অগ্রিম	৫৮	৩২৭	৪৫০	৫০০
৫।	বিনিয়োগ	-	-	-	-
৬।	মোট পরিসম্পদ	১০৭৮	১১৬১	১১৭২	১২২০
৭।	মোট আয়	৯৬	১১৬	৪৮	৯৬
৮।	মোট ব্যয়	৩১	৫৪	৩৬	৭০
৯।	মোট জনশক্তি (সংখ্যায়)	১৮২	৩৯৫	৫৪০	৭৭৩
	ক) কর্মকর্তা	৬৫	১৪৯	১৫২	২৩১
	খ) কর্মচারী	১১৭	২৪৬*	৩৮৮**	৫৪২***
১০।	শাখা (সংখ্যায়)	৩২	৭১	৮৪	১০৪

** অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন অনুযায়ী বেসরকারী সংস্থার মাধ্যমে চুক্তি ভিত্তিক ১০১ জন এবং অস্থায়ীভিত্তিতে ১৩ জন কর্মচারী নিয়োগ করা হয়েছে।*

*** অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন অনুযায়ী বেসরকারী সংস্থার মাধ্যমে চুক্তি ভিত্তিক ১১৪ জন এবং অস্থায়ীভিত্তিতে ১৯ জন কর্মচারী নিয়োগ করা হয়েছে।*

**** অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন অনুযায়ী বেসরকারি সংস্থার মাধ্যমে চুক্তি ভিত্তিক ১২৮ জন এবং অস্থায়ীভিত্তিতে ৬৪ জন কর্মচারী নিয়োজিত থাকবে।*

সহজ পদ্ধতিতে ঋণ দিয়ে দেশের বেকারত্ব দূর করার চেষ্টা করছে। সরকার কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী ২০০০-২০০১ অর্থ বছর শেষে ব্যাংকটির ঢাকায় একটি প্রধান কার্যালয় ও বৃহত্তর জেলা সদরে ৫৫টি ও উপজেলা সদরে ১৬টি সহ মোট ৭১টি শাখার জন্য ৩৯৫ জন লোকবল রয়েছে। তন্মধ্যে ১৪৯ জন কর্মকর্তা এবং ২৪৬ জন কর্মচারী রয়েছে। কর্মচারীদের মধ্যে ১০১ জনকে বেসরকারী সংস্থার মাধ্যমে চুক্তি ভিত্তিক নিয়োগ দেয়া হয়েছে।

কর্মসংস্থান ব্যাংক কোন সহায়ক জামানত ছাড়াই ৫০ হাজার টাকা পর্যন্ত ঋণ দিয়ে থাকে। প্রকল্পের আকার ও ধরনের ভিত্তিতে ব্যক্তির ক্ষেত্রে সর্বোচ্চ ০.৫০ মিলিয়ন টাকা এবং গ্রুপের ক্ষেত্রে সর্বোচ্চ ২.৫ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়। কর্মসংস্থান ব্যাংক ঋণের সুদের হার (কেবল সরল সুদ) শতকরা বার্ষিক ১৪ টাকা। সময়মত ঋণ পরিশোধকারীকে ৩% সুদ রেয়াত সুবিধা দেয়া হয়।

কর্মসংস্থান ব্যাংক ২০০০-২০০১ অর্থ বছরে ১১২৯৮ জন বেকারের মধ্যে ৩২৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে। চলতি ২০০১-২০০২ অর্থ বছরের মার্চ পর্যন্ত ৪৫০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে। এতে ৭১১৭ জন বেকার যুবক ও

সারণি-২

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ		কৃষি	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
			মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
১৯৯৯-২০০০	বিতরণ	-	-	-	-	৫৮	৫৮
	আদায়	-	-	-	-	১০	১০
২০০০-২০০১	বিতরণ	-	-	-	-	৩৩৭	৩৩৭
	আদায়	-	-	-	-	৭৯	৭৯
৩১ মার্চ ২০০২*	বিতরণ	-	-	-	-	৩৯৬	৩৯৬
	আদায়	-	-	-	-	১৩৫	১৩৫
৩০ জুন ২০০২**	বিতরণ	-	-	-	-	৩৯৬	৩৯৬
	আদায়	-	-	-	-	২৯৭	২৯৭

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৩

শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকা)

ঋণ মঞ্জুরী		শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ ডিসেম্বর ২০০১ তারিখে	প্রকল্প সংখ্যা	-	২৭৮০	২৭৮০
	পরিমাণ	-	৬০	৬০
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	-	১৫০৯	১৫০৯
	পরিমাণ	-	৩৭	৩৭
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ মার্চ ২০০২* তারিখে	প্রকল্প সংখ্যা	-	৩০৩৫	৩০৩৫
	পরিমাণ	-	৬৬	৬৬
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০২* পর্যন্ত	প্রকল্প সংখ্যা	-	২৫৫	২৫৫
	পরিমাণ	-	৬	৬
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০২** পর্যন্ত	প্রকল্প সংখ্যা	-	৬০০	৬০০
	পরিমাণ	-	১৪	১৪

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৩

খাত ভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ঃ	৪	২৩	২৯	৩২
	ক) শস্য	-	-	-	-
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৪	২৩	২৯	৩২
২।	শিল্প :	১৬	২৬	২৫	৩৫
	ক) বৃহৎ ও মাঝারি	-	-	-	-
	খ) ক্ষুদ্র ও কুটির	১৬	২৬	২৫	৩৫
৩।	পাইকারী/খুচরা বাণিজ্য এবং রেস্তোঁরা/হোটেল	-	-	-	-
৪।	বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা	-	-	-	-
৫।	পরিবহন ও যোগাযোগ	১	৩	৪	৫
৬।	বিশেষ ঋণ কর্মসূচি ঃ	-	-	-	-
৭।	অন্যান্য	৩৭	২৭৫	৩৯২	৪২৮
	সর্বমোট	৫৮	৩২৭	৪৫০	৫০০

যুব মহিলার আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

কর্মসংস্থান ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

কর্মসংস্থান ব্যাংকের খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

কর্মসংস্থান ব্যাংকের শিল্পের আকার ভিত্তিক ঋণ পরিস্থিতি সারণি-৩-এ দেয়া হলো।

কর্মসংস্থান ব্যাংকের খাত ভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ১ অক্টোবর ১'৯৭৬ সালে 'দ্যা ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ' অর্ডিন্যান্স ১৯৭৬ (নং ৪০, ১৯৭৬)-এর বলে প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে উক্ত অধ্যাদেশ সংশোধন করে 'The Investment Corporation of Bangladesh (Amendment) Act, 2000'' বিল মহান জাতীয় সংসদে পাশ হয়। দেশে দ্রুত শিল্পায়ন এবং সুসংহত ও সক্রিয় পুঁজি বাজার, বিশেষ করে সিকিউরিটিজ বাজার উন্নয়নে কর্পোরেশনের প্রতিষ্ঠা সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের মধ্যে একটি অন্যতম গুরুত্বপূর্ণ পদক্ষেপ। পাবলিক লিমিটেড কোম্পানীহিসেবে গঠিত শিল্প প্রতিষ্ঠানসমূহের মূলধন স্বল্পতা পূরণে প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদানের লক্ষ্যে কর্পোরেশন প্রতিষ্ঠিত হয়। প্রান্তিক সঞ্চয়ের হার ও বিনিয়োগ বৃদ্ধির জাতীয় নীতিমালার আলোকে স্বনির্ভর অর্থনীতি গড়ে তোলার লক্ষ্যে আইসিবি'র ভূমিকা অপরিহার্য ও সুদূরপ্রসারী।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	১০০০	১০০০	১০০০
২।	পরিশোধিত মূলধন	৪৬৬	৪৬৬	৪৬৬	৫০০
৩।	রিজার্ভ ফান্ড	৪২৫	৪৬৫	৪৬৫	৫০৫
৪।	আমানত	১৮৯৯	২০৩৮	৩১৭২	৩৫৪৫
৫।	ঋণ ও অগ্রিম	২৩৩৪	২৭৩৯	২৭৬৪	২৭৩১
৬।	বিনিয়োগ	৩৯৬৪	২৮৩৩	৩০৮৯	২৯৮৯
৭।	মোট পরিসম্পদ	৬৭৮৫	১১৮৭৮	১৪১৯৩	১৪৯৬৫
৮।	মোট আয়	৪৮৫	৭৩৫	৬০৭	৮০৯
৯।	মোট ব্যয়	৪২৬	৬৫৩	৫৪৫	৭২৬
১০।	মোট জনশক্তি (সংখ্যায়)	৩৯৪	৩৯০	৩৭৯	৩৮১
১১।	শাখা (সংখ্যায়)	৭	৭	৭	৭

সারণি-২

তুলনামূলক অঙ্গীকারের চিত্র

(মিলিয়ন টাকায়)

আর্থিক সহায়তার প্রকৃতি	১৯৯৯-২০০০	২০০০-২০০০১	জুলাই ২০০১ হতে মার্চ ২০০২ পর্যন্ত (প্রকৃত)	এপ্রিল-জুন ২০০২ (প্রাক্কলিত)	২০০১-২০০২ (প্রাক্কলিত)
সরাসরি শেয়ার অবলেখন	৪৩	৮৫	১৪	৪৫	৫৯
শেয়ারের প্রি-আইপিও প্লেসমেন্ট	৪০	২৫২	২৮	১৫	৪৩
প্রেফারেন্স শেয়ার ক্রয়	-	৯৮	-	২৫	২৫
সরাসরি ইকুইটিতে অংশগ্রহণ	-	৫	-	-	-
সমষ্টি	৮৩	২৩৯	৪১	৮৫	১২৬
ডিবেঞ্চার ইস্যুর ট্রাস্টি	২০	-	-	১৬০	১৬০

উদ্দেশ্যসমূহ

কর্পোরেশনের কার্যক্রমের মুখ্য উদ্দেশ্যসমূহ হলো ঃ

১. বিনিয়োগের ক্ষেত্রে উৎসাহ প্রদান ও বিনিয়োগ সম্প্রসারণ করা;
২. পুঁজি বাজার উন্নয়নে সাহায্য করা;
৩. সঞ্চয় সংগ্রহ করা ও তা অর্থকারী কাজে লাগানো;
৪. ব্যবসা বিস্তারের জন্য সাবসিডিয়ারি কোম্পানী গঠন ও ব্যবসায়িক কার্যক্রম উন্নয়ন এবং
৫. উপরোক্ত কার্যক্রমসমূহে সর্বাত্মক সাহায্য প্রদান করা।

সারণি-১-এ ১৯৯৯-২০০০, ২০০০-২০০১ এবং ২০০১-২০০২ (প্রাক্কলি) অর্থবছরের অগ্রগতির প্রদান বৈশিষ্ট্য প্রদর্শিত হলো ঃ

ব্যবসা সংক্রান্ত নীতি

* শিল্প, বাণিজ্য, আমানতকারী, বিনিয়োগকারী এবং সাধারণ জনগণের স্বার্থের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক বাণিজ্যিক ভিত্তিতে কার্যক্রম পরিচালনা;
* অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্ভাব্যতা যাচাই করে আর্থিক সহায়তা প্রদান;
* প্রকল্পে ইক্যুইটি তহবিল সরবরাহ এবং অবলেখনের ঝুঁকি হ্রাস করার নিমিত্তে মার্চেন্ট ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠানের সমন্বয়ে কনসোর্টিয়াম বৈঠক;
* উদ্যোক্তা সৃষ্টি এবং তাঁদের উৎসাহ প্রদান;
* বিনিয়োগ বৈচিত্রকরণ;
* সিকিউরিটিজে বিনিয়োগের জন্য ক্ষুদ্র ও মাঝারি সঞ্চয়কারীদের উদ্বুদ্ধকরণ;
* চাকুরীর সুযোগ সৃষ্টি করা; এবং
* তথ্য প্রযুক্তি খাতে বিনিয়োগ উদ্বুদ্ধ করা ।

কার্যক্রম

দেশের দ্রুত শিল্পায়ন এবং সুসংহত ও সক্রিয় পুঁজি বাজার গঠন ও সমুন্নত করার লক্ষ্যে আইসিবি নিম্নলিখিত কার্যক্রম পরিচালনা করে আসছে ঃ

* পাবলিক ইস্যু অবলেখন করা;
* নিগমবদ্ধ প্রতিষ্ঠানের ঋণপত্র ও বণ্ড ক্রয় করা;
* ইউনিটের বিপরীতে অগ্রিম প্রদান;
* লীজ সহায়তা প্রদান;
* তথ্য প্রযুক্তি খাতে দক্ষ জনবল সৃষ্টির লক্ষ্যে কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা এবং
* স্টক ও শেয়ারে নিম্নলিখিতভাবে লেনদেন করাঃ
  ক) আইপিও-র মাধ্যমে এবং প্লেসমেন্টের মাধ্যমে সরাসরি সিকিউরিটিজ ক্রয় করা;
  খ) বিনিয়োগ হিসাব খোলার ব্যবস্থা ও পরিচালনা;
  গ) মিউচুয়াল ফান্ড ও ইউনিট ফান্ড ব্যবস্থাপনা ও পরিচালনা করা;
  ঘ) স্টক এক্সচেঞ্জ কার্যক্রমে অংশগ্রহণ করা এবং
  ঙ) সরকারি ও অন্যান্য সংস্থা হতে শেয়ার সরাসরি ক্রয় করা।

* বিনিয়োগকারী ও শেয়ার ইস্যুকারীদের সিকিউরিটিজ মূল্যায়নসহ বিনিয়োগ সম্পর্কিত পরামর্শ প্রদান করা;
* সরকারের পুঁজি প্রত্যাহার কার্যক্রমে অংশগ্রহণ করা;
* যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত প্রকল্পে অংশগ্রহণ করা;
* কোম্পানি কর্তৃক ডিবেঞ্চার ইস্যুর ক্ষেত্রে ট্রাস্টির দায়িত্ব পালন করা ও
* ইস্যু ম্যানেজারের দায়িত্ব পালন করা।

মূলধন কাঠামো

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)-এর অনুমোদিত মূলধনের পরিমাণ ১০০০ মিলিয়ন টাকা। বর্তমানে পরিশোধিত মূলধনের পরিমাণ ৪৬৬ মিলিয়ন টাকা, যা প্রতিটি ১০০ টাকা মূল্যমানের ৪৬,৬০,৪১৮টি সাধারণ শেয়ারে বিভক্ত। আইসিবির শেয়ার বাংলাদেশ সরকার (২৯%), বাংলাদেশ ব্যাংক (১৩%), রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক (২১%), উন্নয়ন অর্থলগ্নী প্রতিষ্ঠান (১৫%), বীমা কোম্পানী (১৩%), পুঁজি প্রত্যাহৃত ব্যক্তি মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (৬%), বেসরকারী বাণিজ্যিক ব্যাংক (১%), বৈদেশিক ব্যাংক(১%) এবং সাধারণ জনগণ (১%) ধারণ করছে।

২০০১-২০০২ অর্থবছরে আইসিবি'র ক্ষেত্রভিত্তিক কার্যক্রমের বিস্তারিত বিবরণ নিম্নে দেয়া হলোঃ

আর্থিক সহায়তা কার্যক্রম

অবলেখন ও আর্থিক সহায়তার অঙ্গীকার

২০০১-২০০২ অর্থ বছরের ৩১ মার্চ পর্যন্ত কর্পোরেশন ৪টি প্রকল্পে (১টি প্রকল্পে অতিরিক্তসহ) ৪১ মিলিয়ন টাকার সরাসরি শেয়ার অবলেখন/ডিবেঞ্চার অবলেখন/সরাসরি বিনিয়োগ সহায়তার অঙ্গীকার করেছে এবং বছরের অবশিষ্ট সময়ে আরো ২টি প্রকল্পে ৮৫ মিলিয়ন টাকার আর্থিক সহায়তার অঙ্গীকারের সম্ভাবনা সাপেক্ষে উক্ত অর্থ বছরে কর্পোরেশন সর্বমোট ৬টি প্রকল্পে (১টি প্রকল্পে অতিরিক্তসহ) মোট ১২৬ মিলিয়ন টাকার আর্থিক সহায়তার অঙ্গীকার করবে বলে আশা করা যাচ্ছে। ফলে প্রতিষ্ঠার পর থেকে ৩০ জুন ২০০২ পর্যন্ত আইসিবি মোট ৩৬৮টি প্রকল্পে ২৭৯০ মিলিয়ন টাকার সহায়তার অঙ্গীকার করবে। এছাড়াও আগামী ৩ মাসে কর্পোরেশন একটি প্রকল্পে ১৬০ মিলিয়ন টাকার ডিবেঞ্চার ইস্যুর ট্রাস্টি হিসেবে দায়িত্ব পালন করবে বলে আশা করা যাচ্ছে। ফলে প্রতিষ্ঠার পর হতে ৩০ জুন ২০০২ পর্যন্ত কর্পোরেশন মোট ১৩টি কোম্পানীর ৬০২ মিলিয়ন টাকার ডিবেঞ্চার ইস্যুর ট্রাস্টি হিসেবে কাজ করতে সম্মত হয়েছে।

১৯৯৯-২০০০, ২০০০-২০০১ এবং ২০০১-২০০২ অর্থ বছরে কর্পোরেশনের আর্থিক সহায়তা কার্যক্রমের একটি তুলনামূলক চিত্র সারণি-২-এ দেয়া হলোঃ

তুলনামূলক অঙ্গীকারের চিত্র

প্রকল্পে আর্থিক সহায়তা প্রদানের ক্ষেত্রে আইসিবি কৌশলগত পরিবর্তন এনেছে। ব্রীজ ঋণ প্রদান শুধু অগ্রাধিকার ক্ষেত্রে সীমাবদ্ধ রেখে সরাসরি অবলেখন সহায়তা, ডিবেঞ্চারে সরাসরি বিনিয়োগ এবং ইকুইটি পার্টিসিপেশনে অধিকতর জোর দিয়েছে। ২০০১-২০০২ অর্থ বছরের প্রথম নয় মাসে ডিবেঞ্চার ইস্যুর জন্য কোনো আবেদন না পাওয়ায় এবং আর্থিকভাবে লাভজনক প্রকল্পসমূহ কর্তৃক আর্থিক সহায়তার আবেদন হ্রাস পাওয়ায় চলতি অর্থ বছরে পূর্ববর্তী অর্থ বছরের তুলনায় আর্থিক সহায়তার অঙ্গীকারের পরিমাণ হ্রাস পাবে বলে অনুমান করা হয়েছে।

প্রকল্পে আর্থিক সহায়তা প্রদান/ঋণ বিতরণ

২০০১-২০০২ অর্থ বছরের ৩১ মার্চ পর্যন্ত কর্পোরেশন ৪টি প্রকল্পে (পূর্বে প্রতিশ্রুত ১টি সহ) ইকুইটি পার্টিসিপেশন, প্রেফারেন্স শেয়ার ক্রয় ও ব্রিজিং ঋণ খাতে মোট ৭৩.৫০ মিলিয়ন টাকার ঋণ বিতরণ করেছে এবং বছরের অবশিষ্ট সময়ে একই প্রকল্পে ২০ মিলিয়ন টাকার ঋণ বিতরণ করা হলে উক্ত বছরে সর্বমোট ৪টি প্রকল্পে মোট ঋণ বিতরণের পরিমাণ দাঁড়াবে ৯৩.৫০ মিলিয়ন টাকা। শুরু থেকে ৩১ মার্চ ২০০২ পর্যন্ত কর্পোরেশন সর্বমোট ৩১৫টি প্রকল্পে ১৩৬৬.৭০ মিলিয়ন টাকার ঋণ বিতরণ করেছে।

প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি

২০০১-২০০২ অর্থ বছরের ৩১ মার্চ পর্যন্ত আইসিবি'র আর্থিক সহায়তাপ্রাপ্ত মোট ৩৬২টি প্রকল্পের মধ্যে ৩১১টি প্রকল্প বাণিজ্যিক উৎপাদন শুরু করেছে।

ইউনিটের বিপরীতে অগ্রিম

১২ অক্টোবর ১৯৯৮ তারিখ হতে আইসিবি ইউনিট সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম প্রদান কার্যক্রম শুরু

করেছে। ২০০১-২০০২ অর্থ বছরের ৩১ মার্চ পর্যন্ত ইউনিটের বিপরীতে ১৮ মিলিয়ন টাকা অগ্রিম প্রদান করা হয়েছে। উল্লেখিত সময়ে সুদ বাবদ ১.৯০ মিলিয়ন টাকা আয় হয়েছে এবং পরবর্তী ৩ মাসে আরো ০.৫০ মিলিয়ন টাকা আয়ের প্রেক্ষিতে ২০০১-২০০২ অর্থ বছরে মোট ২.৪০ মিলিয়ন টাকা সুদ বাবদ আয় হবে বলে আশা করা যায়।

লীজিং সহায়তা

কর্পোরেশনের ব্যবসায়িক কার্যক্রমকে গতিশীল ও বহুমুখী করার পদক্ষেপ হিসেবে কর্পোরেশন ১৯৯৮-৯৯ অর্থ বছর হতে লীজিং ব্যবসা শুরু করেছে। ২০০১-২০০২ অর্থ বছরের ৩১ মার্চ পর্যন্ত ৫টি (২টি অতিরিক্তসহ) প্রকল্পে ৪৩ মিলিয়ন টাকার লীজিং সহায়তা মঞ্জুর করা হয়েছে। আগামী তিন মাসে আরো ৪টি প্রকল্পে ২০ মিলিয়ন টাকা মঞ্জুরী প্রদানের আশাবাদের প্রেক্ষিতে ২০০১-২০০২ অর্থ বছরে মোট ৯টি প্রকল্পে (২টি অতিরিক্তসহ) ৬৩ মিলিয়ন টাকার লীজিং সহায়তা মঞ্জুর করা যাবে বলে অনুমান করা হয়েছে। ২০০০-২০০১ অর্থ বছরে ৫টি প্রকল্পে ৪৪ মিলিয়ন টাকার লীজিং সহায়তা প্রদান করা হয়েছিল।

প্রকল্প ঋণ আদায়

২০০১-২০০২ অর্থ বছরের ৩১ মার্চ পর্যন্ত কর্পোরেশন ৫৪.১০ মিলিয়ন টাকার প্রকল্প ঋণ আদায় করেছে, যার মধ্যে আসল ১৩.৯০ মিলিয়ন টাকা, সুদ ১৬.২০ মিলিয়ন টাকা এবং অনিশ্চিত হিসাবে রক্ষিত ২৪ মিলিয়ন টাকা এপ্রিল-জুন ২০০২ সময়ে আরো ১৪.৪০ মিলিয়ন টাকা ঋণ আদায়ের আশাবাদের প্রেক্ষিতে উক্ত অর্থ বছরে মোট ঋণ আদায়ের পরিমাণ ৬৮.৫০ মিলিয়ন টাকা হবে বলে ধারণা করা হচ্ছে। উল্লেখ্য, ২০০০-২০০১ অর্থ বছরে কর্পোরেশনের ঋণ আদায়ের পরিমাণ ছিল ৬৭.৬০ মিলিয়ন টাকা।

লভ্যাংশ ও ডিবেঞ্চারের সুদ আদায়

২০০১-২০০২ অর্থ বছরের ৩১ মার্চ পর্যন্ত কর্পোরেশন ৩৪৯.৮৪ মিলিয়ন টাকা লভ্যাংশ এবং ৯২.২৬ মিলিয়ন টাকা ডিবেঞ্চারের সুদ অর্থাৎ লভ্যাংশ ও ডিবেঞ্চারের সুদ বাবদ মোট ৪৪২.১০ মিলিয়ন টাকা আদায় করেছে। চলতি অর্থ বছরে লভ্যাংশ ও ডিবেঞ্চারের সুদ আদায়ের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে। আইসিবি'র ঋণ ও লভ্যাংশ আদায়ের গতি ত্বরান্বিত করার জন্য ইতোমধ্যে গঠিত টাস্কফোর্সসমূহ বিভিন্ন ধরনের ব্যবস্থা গ্রহণ করেছে। এছাড়া ঋণ আদায়ের জন্য সকল কর্মকর্তাকে সর্বাত্মক প্রচেষ্টায় নিয়োজিত করা হয়েছে। কর্পোরেশন কর্তৃক গ্রহীত কার্যক্রমের ফলে চলতি অর্থ বছরের প্রথম ৯ মাসে বিগত অর্থ বছরের প্রথম ৯ মাসের তুলনায় ঋণ আদায় বৃদ্ধি পেয়েছে।

১৯৯৯-২০০০, ২০০০-২০০১ এবং ২০০১-২০০২ অর্থ বছরের লভ্যাংশ ও ডিবেঞ্চারের সুদ আদায়ের তুলনামূলক চিত্র সারণি-৩-এ দেয়া হলো।

বকেয়া/মেয়াদোত্তীর্ণ বকেয়া

চলতি অর্থ বছরসহ পূর্ববর্তী দুই অর্থ বছরের বকেয়া/ মেয়াদোত্তীর্ণ বকেয়ার বিবরণ নিম্নে সারণিতে দেয়া হলোঃ

আইনগত ব্যবস্থা গ্রহণ

২০০১-২০০২ অর্থ বছরের ৩১ মার্চ পর্যন্ত ৩টি কোম্পানীর বিরুদ্ধে ২৯৫.৯৬ মিলিয়ন টাকা আদায়ের নিমিত্তে মামলা দায়ের করা হয়েছে। এপ্রিল-জুন ২০০২ সময়ে আরো ২টি

সারণি-৩

(মিলিয়ন টাকা)

বিবরণ	১৯৯৯-২০০০	২০০০-২০০১ মার্চ ২০০২ পর্যন্ত (প্রকৃত)	জুলাই ২০০১ হতে (প্রাক্কলিত)	এপ্রিল-জুন ২০০২ (প্রাক্কলিত)	২০০১-২০০২
১	২	৩	৪	৫	৬=৪+৫
লভ্যাংশ ও ডিবেঞ্চারের সুদ	৬১.৪০	৯৭.৭০	৪৪২.১০	১০০.০	৫৪২.১০

সারণি-৪

বকেয়া/ মেয়াদোত্তীর্ণ বকেয়ার পরিমাণ

ক্রমিক নং	বিবরণ	৩০ জুন ২০০০	৩০ জুন ২০০১	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	মেয়াদোত্তীর্ণ বকেয়া	৪৪৯১.১০	৪৭৯৫.৮২	৪৮৯৬.৩৯
২।	অনুত্তীর্ণ ব্রীজং ঋণ	২৮০.১০	১৩৮.২৮	১২৮.৩৯
৩।	অনুত্তীর্ণ ডিবেঞ্চার ঋণ	৩.৬০	০.৪০	১.৮৩
৪।	অনুত্তীর্ণ শেয়ার পুনঃক্রয় ঋণ	০.৩০	০.২০	০.৪২
	মোট ঃ	৪৭৭৫.১০	৪৯৩৪.৭০	৫০২৭.০৩

কোম্পানীর বিরুদ্ধে ৩৬.০০ মিলিয়ন টাকা আদায়ের জন্য মামলা দায়ের করা হবে। ফলে ২০০১-২০০২ অর্থ বছরে সর্বমোট ৩৩১.৯৬ মিলিয়ন টাকা আদায়ের উদ্দেশ্যে দায়েরকৃত মোট মামলার সংখ্যা ৫টিতে দাঁড়াবে বলে ধারণা করা হচ্ছে। শুরু থেকে ৩১ মার্চ ২০০২ পর্যন্ত মোট দায়েরকৃত মোকদ্দমার সংখ্যা এবং দাবীকৃত অংকের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১৩৪টি এবং ২২৬৪.৮০ মিলিয়ন টাকা। ২০০১-২০০২ অর্থ বছরে এ পর্যন্ত ৩টি কোম্পানীর বিরুদ্ধে ৪৪.৬০ মিলিয়ন টাকার ডিক্রি পাওয়া গিয়েছে। ফলে ৩১ মার্চ ২০০২ পর্যন্ত ডিক্রিপ্রাপ্ত প্রকল্পের সংখ্যা এবং দাবীকৃত অর্থের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৮৭টি ও ১২৮২.১০ মিলিয়ন টাকা। ২০০১-২০০২ অর্থ বছরের ৩১ মার্চ ২০০২ পর্যন্ত কর্পোরেশন ৫টি কোম্পানীর বিরুদ্ধে ১৭৭.৬০ মিলিয়ন টাকা আদায়ের লক্ষ্যে এক্সিকিউশন

সারণি-৫

ইস্যুকৃত মিউচুয়াল ফান্ডসমূহের বিরণ

ফান্ডসমূহ	ফান্ডের পরিমাণ (মিলিয়ন টাকায়)	৩১ মার্চ ২০০২ তারিখে পত্রকোষের বাজার মূল্য (মিলিয়ন টাকায়) (টাকায়)	১০০ টাকা মূল্যের প্রতিটি সার্টিফিকেটের ডিএসই-এ উদ্ধৃত বাজার মূল্য (৩১ মার্চ ২০০২ তারিখে (টাকায়)	২০০০-২০০১ অর্থ বছরে ঘোষিত লভ্যাংশ সার্টিফিকেট প্রতি
প্রথম আইসিবি মিউচুয়াল ফান্ড	৫	৬৩	১৫০০	১৭০
দ্বিতীয় আইসিবি মিউচুয়াল ফান্ড	৫	২৩	৪০১	৪০
তৃতীয় আইসিবি মিউচুয়াল ফান্ড	১০	২৩	৪১৫	৪৫
চতুর্থ আইসিবি মিউচুয়াল ফান্ড	১০	৩৪	৩৫৬	৩৮
পঞ্চম আইসিবি মিউচুয়াল ফান্ড	১৫	২৭	২১০	২৩
ষষ্ঠ আইসিবি মিউচুয়াল ফান্ড৫০	৪৯	১৬৩	১৭	
সপ্তম আইসিবি মিউচুয়াল ফান্ড	৩০	৪৬	১৪৩	১৪
অষ্টম আইসিবি মিউচুয়াল ফান্ড	৫০	৬০	১৪৪	১৩
মোট ঃ	১৭৫	৩২৬	-	-

সারণি-৬

ইউনিট ফান্ড কার্যক্রমের তুলনামূলক বিবরণ

বিবরণ	১৯৯৯-২০০০ হতে মার্চ ২০০২	২০০০-২০০১ ২০০২ (প্রাক্কলিত)	জুলাই ২০০১ (প্রাক্কলিত)	এপ্রিল-জুন	২০০১-২০০২
১	২	৩	৪	৫	(৪+৫)=৬
মোট বিক্রয়	৩০৩.৩০	৩০১.৩০	২৩৮.৫৪	১৩৪.০০	৩৭২.৫৪
পুনঃক্রয়	৮০৯.৯০	৪১৯.৮০	২৯০.৭৭	১৬২.০০	৪৫২.৭৭
নীট বিক্রয়	-৫০৬.৬০	-১১৮.৫০	-৫২.২৩	-২৮.০০	-৮০.২৩
ইউনিট প্রতি লভ্যাংশ (টাকা)	১২	১২	-	-	-

মোকদ্দমা দায়ের করেছে।

মার্চেন্ডাইজিং কার্যক্রম

মিউচুয়াল ফান্ড

১৯৮০ সালে প্রথম আইসিবি মিউচুয়াল ফান্ড বাজারে ছাড়ার পর হতে কর্পোরেশন ৩১ মার্চ ২০০১ পর্যন্ত ১৭৫ মিলিয়ন টাকা মূল্যমানের ৮টি মিউচুয়াল ফান্ড বাজারজাত করেছে। ২০০১-২০০২ অর্থবছরে তালিকাভুক্ত কোম্পানিসমূহ কর্তৃক ঘোষিত লভ্যাংশের ক্ষেত্রে প্রথম আইসিবি'র মিউচুয়াল ফান্ড ১৭০ শতাংশ লভ্যাংশ প্রদান করে শীর্ষে অবস্থান করছে। ৩১ মার্চ ২০০২ তারিখে মিউচুয়াল ফান্ডের সার্টিফিকেট হোল্ডারদের সংখ্যা ছিল ৩৫,৫০০ জন।

আইসিবি মিউচুয়াল ফান্ডের বিনিয়োগ পত্র কোষ

২০০১-২০০২ অর্থ বছরের ৩১ মার্চ পর্যন্ত আইসিবি মিউচুয়াল ফান্ডের বিনিয়োগ পত্রকোষে বিনিয়োগের পরিমাণ ১৩.০৯ মিলিয়ন টাকা এবং উক্ত সময় পর্যন্ত ৫৫.৬৭ মিলিয়ন টাকার সিকিউরিটিজ বিক্রয়ের মাধ্যমে ২৪.৭০ মিলিয়ন টাকা মূলধনী মুনাফা অর্জিত হয়েছে। এপ্রিল-জুন,২০০২ সময়ে আরো ৩৬.৯১ মিলিয়ন টাকা সিকিউরিটিজে বিনিয়োগ এবং ৬৪.৩৩ মিলিয়ন টাকার সিকিউরিটিজ বিক্রয়ের মাধ্যমে ১৫.৩০ মিলিয়ন টাকা মূলধনী মুনাফা অর্জনের আশাবাদের প্রেক্ষিতে উক্ত অর্থ বছরে সিকিউরিটিজে বিনিয়োগের পরিমাণ ৫০.০০ মিলিয়ন টাকা এবং সিকিউরিটিজ বিক্রয়ের পরিমাণ ১২০.০০ মিলিয়ন টাকা এবং মূলধনী মুনাফার পরিমাণ ৪০.০০ মিলিয়ন টাকা অর্জিত হবে বলে ধারণা করা হচ্ছে।

নিম্নের সারণিতে ইস্যাকৃত ৮টি মিউচুয়াল ফান্ড-এর পরিমাণ, ফান্ডের পত্রকোষের বাজার মূল্য, ১০০০ টাকা সমমূল্যের প্রতিটি সার্টিফিকেটের বাজার মূল্য ও ২০০০-২০০১ অর্থ বছরে সার্টিফিকেট প্রতি ঘোষিত লভ্যাংশ দেখানো হলো ঃ

আইসিবি ইউনিট ফান্ড

১৯৮১ সালে এ স্কীম চালু হওয়ার পর থেকে ৩১ মার্চ ২০০২ পর্যন্ত মোট ৯১৯২.০০ মিলিয়ন টাকার ইউনিট বিক্রয় হয়েছে। ২০০১-২০০২ অর্থ বছরের প্রথম নয় মাসে ইউনিট সার্টিফিকেটের বিক্রয়ের পরিমাণ দাঁড়ায় ২৩৮.৫৪ মিলিয়ন টাকার ২২,২৪,৪৭২টি ইউনিট। এপ্রিল-জুন ২০০২ সময়ে মোট ১৩৪.০০ মিলিয়ন টাকার ১২,০০,০০০টি ইউনিট বিক্রয়ের আশাবাদের প্রেক্ষিতে ২০০১-২০০২ অর্থ বছরে মোট বিক্রয়লব্ধ টাকা ও ইউনিটের সংখ্যা যথাক্রমে ৩৭২.৫৪ মিলিয়ন টাকায় ও ৩৪,২৪,৪৭২টিতে দাঁড়াবে বলে আশা করা যাচ্ছে। নিম্নের সারণিতে ইউনিট ফান্ড কার্যক্রমের একটি তুলনামূলক চিত্র দেখানো হলো ঃ

৩১ মার্চ ২০০২ তারিখ পর্যন্ত ইউনিট ফান্ডের পত্রকোষে ২৫৪টি সিকিউরিটিজে মোট ৪২৬২.৪১ মিলিয়ন টাকা বিনিয়োগ করা হয়েছে।

আইসিবি ইউনিট ফান্ডের বিনিয়োগ পত্রকোষ

২০০১-২০০২ অর্থ বছরের ৩১ মার্চ পর্যন্ত আইসিবি ইউনিট ফান্ড পত্রকোষে বিনিয়োগের পরিমাণ ২৩২.০৬

মিলিয়ন টাকা এবং উক্ত সময় পর্যন্ত ৩০৭.৮৪ মিলিয়ন টাকার সিকিউরিটিজ বিক্রয়ের মাধ্যমে ৮৯.৪৩ মিলিয়ন টাকা মূলধনী মুনাফা অর্জিত হয়েছে। এপ্রিল-জুন ২০০২ সময়ে আরো ৪৬৭.৯৪ মিলিয়ন টাকা সিকিউরিটিজে বিনিয়োগ এবং ৬৯২.১৬ মিলিয়ন টাকার সিকিউরিটিজ বিক্রয়ের মাধ্যমে ১৫০.৬৬ মিলিয়ন টাকা মূলধনী মুনাফা অর্জনের আশাবাদের প্রেক্ষিতে উক্ত অর্থ বছরে সিকিউরিটিজে বিনিয়োগের পরিমাণ ৭০০.০০ মিলিয়ন টাকা এবং সিকিউরিটিজ বিক্রয়ের পরিমাণ ১০০০.০০ মিলিয়ন টাকা এবং মূলধনী মুনাফার পরিমাণ ২৪০.০৯ মিলিয়ন টাকা অর্জিত হবে বলে ধারণা করা হচ্ছে।

ইনভেস্টরস স্কীম

আইসিবি ১৯৭৭ সালের জুন মাস থেকে ইনভেস্টরস স্কীম চালু করে। এ স্কীমের অধীনে ২০০১-২০০২ অর্থ বছরের ৩১ মার্চ পর্যন্ত ১৬৮.৩৮ মিলিয়ন টাকার আমানতসহ ৫৯৫টি হিসাব খোলা হয়েছে এবং ৫৪১টি হিসাব বন্ধ হয়েছে। উক্ত সময়ে বিনিয়োগ হিসাবসমূহে ঋণ অনুমোদন করা হয়েছে ২০৭.৬০ মিলিয়ন টাকা এবং সিকিউরিটিজে বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ৪০৮.৫৯ মিলিয়ন টাকায়। এছাড়া ২০০১-২০০২ অর্থ বছরে ৩১ মার্চ পর্যন্ত ৩০৩.০৭ মিরিয়ন টাকা মার্জিন ঋণ আদায় করা হয়েছে। আলোচ্য অর্থ বছরের এপ্রিল-জুন সময়ে ৬৬.২০ মিলিয়ন টাকার আমানতসহ আরো ৫৫টি বিনিয়োগ হিসাব খোলা, ৬৭.৩৬ মিলিয়ন টাকার ঋণ অনুমোদন এবং ১১৩.৩১ মিলিয়ন টাকা বিনিয়োগের আশা করা হচ্ছে। ফলে উক্ত অর্থ বছরে মোট ২৩১.৫৮ মিলিয়ন টাকার আমানতসহ ১১৫০টি হিসাব খোলা, ২৭৪.৯৬ মিলিয়ন টাকার ঋণ অনুমোদন এবং ৫২১.৯১ মিলিয়ন টাকা বিনিয়োগ হবে বলে আমা করা যাচ্ছে। এছাড়া ২০০১-২০০২ অর্থ বছরের অবশিষ্ট সময়ে আরও ৯০.৩০ মিলিয়ন টাকা মার্জিন ঋণ আদায়ের মাধ্যমে চলতি অর্থ বছরে মোট ৩৯৩.৩৭ মিলিয়ন টাকা মার্জিন ঋণ আদায়ের সম্ভাবনা রয়েছে। ইনভেস্টরস স্কীম কার্যক্রমের একটি তুলনামূলক বিবরণ সারণি-৭-এ দেয়া হলোঃ

পাবলিক ইস্যু

২০০১-২০০২ অর্থ বছরের ৩১ মার্চ পর্যন্ত আইসিবি'র আর্থিক সহায়তাপ্রাপ্ত ২টি কোম্পানী ৫০ মিলিয়ন টাকার শেয়ার পাবলিক স্যু করেছে, যার বিপরীতে ৫২.৮০ মিলিয়ন টাকার চাঁদা গ্রহণ করা হয়েছে। এপ্রিল-জুন ২০০২ সময়ে ২টি কোম্পানীর ৬৫.৫০ মিলিয়ন টাকার শেয়ার বাজারে ছাড়ার সম্ভাবনা রয়েছে। ফলে ২০০১-২০০২ অর্থ বছরে মোট ৪টি কোম্পানী ৯৫.৫০ মিলিয়ন টাকার পাবলিকইস্যু করবে বলে আশা করা যায়। প্রতিষ্ঠার

সারণি-৭

ইনভেস্টরস স্কীম কার্যক্রমের তুলনামূলক বিবরণ

(মিলিয়ন টাকায়)

বিবরণ	১৯৯৯-২০০০	২০০০-২০০১ মার্চ ২০০২ পর্যন্ত (প্রকৃত)	জুলাই ২০০১ হতে (প্রাক্কলিত)	এপ্রিল-জুন ২০০২ (প্রাক্কলিত)	২০০১-২০০২
১	২	৩	৪	৫	(৪+৫)=৬
১। হিসাব খোলার সংখ্যা	২৩৬	৭৫৯	৫৯৫	৫৫৫	১১৫০
২। হিসাব বন্ধের সংখ্যা	২০০২	১৫৩৫	৫৪১	৩৫২	৮৯৩
৩। ক্রমপুঞ্জিভূত নীট চালু হিসাবের সংখ্যা	৫২৮০৭	৫২০৩১	৫২০৮৫	৫২২৮৮	৫২২৮৮
৪। আমানত গ্রহণ	৫৪	১৩৪	১৬৫	৬৬	২৩২
৫। ঋণ অনুমোদন	৬৫	৪৪৬	২০৮	৬৭	২৭৫
৬। বিনিয়োগ	৯২	৪৬৬	৪০৯	১১৩	৫২২
৭। মার্জিন ঋণ আদায়	২০১	৪৭২	৩০৩	৯০	৩৯৩

সারণি-৮

আইসিবি'র সহায়তাপ্রাপ্ত কোম্পানীসমূহ কর্তৃক শেয়ার বাজারজাতকরণ

(মিলিয়ন টাকায়)

বিবরণ	১৯৯৯-২০০০	২০০০-২০০১	জুলাই ২০০১ হতে মার্চ ২০০২ পর্যন্ত (প্রকৃত)	এপ্রিল-জুন ২০০২ (প্রাক্কলিত)	২০০১-২০০২ (প্রাক্কলিত)
১	২	৩	৪	৫	(৪+৫)=৬
শেয়ার ঃ					
কোম্পানীর সংখ্যা	৩	২	২	২	৪
টাকার পরিমাণ	৪৮	৬০	৩০	৬৬	৯৬
মোট চাঁদার পরিমাণ	১৯৯	৩৯	৫৩	৭৫	১২৮
ডিবেঞ্চার ঃ					
কোম্পানীর সংখ্যা	১	-	-	-	-
টাকার পরিমাণ	১৫	-	-	-	-
মোট চাঁদার পরিমাণ	১৮	-	-	-	-

পর হতে ৩১ মার্চ ২০০২ তারিখ পর্যন্ত আইসবি'র আর্থিক সহায়তা প্রাপ্ত ৯২টি কোম্পানীর ১৯০০.৮৮ মিলিয়ন টাকার শেয়ার বাজারে ছেড়েছে, যা দেশের মূলধন বাজারে সিকিউরিটি সরবরাহে প্রভূত অবদান রেখেছে।

আইসবি'র সহায়তাপ্রাপ্ত কোম্পানীসমূহ কর্তৃক শেয়ার বাজারজাতকরণের বিবরণ সারণি-৮-এ দেওয়া হলোঃ

সিকিউরিটিজ লেনদেন

২০০১-২০০২ অর্থ বছরের ৩১ মার্চ পর্যন্ত ঢাকা স্টক এক্সচেঞ্জে ২৮৫০৭.৪০ মিলিয়ন টাকার সিকিউরিটিজ লেনদেন হয়েছে, যার মধ্যে আইসিবি'র লেনদেনের পরিমাণ ছিল ১১৭৩.১০ মিলিয়ন টাকা। এপ্রিল-জুন ২০০২ সময়ে আরো ১৫০০ মিলিয়ন টাকার সিকিউরিটিজ লেনদেন হওয়ার সম্ভাবনা সাপেক্ষে উক্ত অর্থ বছরে মোট লেনদেনের পরিমাণ ২৬৭৩.১০ মিলিয়ন টাকায় দাঁড়াবে বলে ধারণা করা হচ্ছে। প্রসংগত উল্লেখ্য যে বর্তমান নেটিং পদ্ধতিতে মোট লৈনদেনে আইসবি'র অংশগ্রহণ তুলনামূলকভাবে কম হলেও প্রকৃত লেনদেন অর্থাৎ সেটেলমেন্ট ভ্যালু অনুযায়ী আইসবি'র অংশগ্রহণ উল্লেখযোগ্য।

বিনিয়োজিত মূলধন

নিম্নের সারণিতে ১৯৯৯-২০০০, ২০০০-২০০১, ২০০১-

সারণি-৯

মূলধন কাঠামো

(মিলিয়ন টাকায়)

বিবরণ	১৯৯৯-২০০০	২০০০-২০০১	২০০১-২০০২ (মার্চ পর্যন্ত)
পরিশোধিত মূলধন	৪৬৬	৪৬৬	৪৬৬
রিজার্ভ ফান্ড	৪২৫	৪৬৫	৪৬৫
দীর্ঘমেয়াদি সরকারী ঋণ	২	৫৩	৫৩
ডিবেঞ্চার ঋণ	১১৫২	১০৩৫	১০২৯
অন্যান্য	৩১২	৩৬৭	৩২৬
মোট	২৩৫৬	২৩৮৬	২৩৩৯

২০০২ (মার্চ পর্যন্ত)কর্পোরেশনের বিনিয়োজিত মূলধন কাঠামোর বিবরণ প্রদত্ত হলো ঃ

কম্পিউটারায়ন

আইসিবি কম্পিউটার সেটআপ-এর সাহায্যে অধিকাংশ ব্যবসায়িক কর্মকান্ড কম্পিউটারাইজেশনের আওতাভুক্ত করেছে। আইসিবি প্রধান প্রধান কার্যক্রম এবং ব্যবস্থাপনা কার্যক্রমের সহায়ক বেশ কিছু সফটওয়্যার উন্নয়ন করেছে। বর্তমান কম্পিউটারইজেশনে ব্যবহৃত সফটওয়্যারসমূহ হচ্ছে মার্চেন্ডাইজিং অপারেশন ম্যানেজমেন্ট, ইউনিট সেলস্ রি-পারচেজ ম্যানেজমেন্ট, মিউচুয়াল ফান্ড স্কীপ এন্ড ওনারশীপ ম্যানেজমেন্ট, প্রজেক্ট ইনফরমেশন ম্যানেজমেন্ট, সফটওয়্যার ফর আইপিও ম্যানেজমেন্ট, সফটওয়্যার পর পিআইএমএস, সফটওয়্যার ফর ফিন্যান্সিয়াল ফিজিবিলিটি এ্যানালাইসিস ফর প্রজেক্টস, সফটওয়্যার ফর স্টক এক্সচেঞ্জ ইনডেক্স পাবলিকেশন, সফটওয়্যার ফর কর্পোরেট একাউন্টিং এন্ড আদার রিলেটেড ইনফরমেশন সিস্টেমস।

২০০০-২০০১ অর্থ বছরে কর্পোরেশন চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ-এর সাথে screen based অন লাইন ট্রেডিং সিস্টেম চালু করেছে। ঢাকা স্টক এক্সচেঞ্জ-এর সাথেও screen based অন লাইন ট্রেডিং সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। কর্পোরেশনের শাখাসমূহকে পর্যায়ক্রমে ওয়াইড এরিয়া নেটওয়ার্কের (WAN) আওতায় আনার পরিকল্পনা রয়েছে। এছাড়া কর্পোরেশনের গতানুগতিক কার্যক্রমের বাইরে বাণিজ্যিক ভিত্তিতে দেশে ও বিদেশের প্রয়োজনে সফটওয়্যার উন্নয়ন ও বাজারজাতকরণ/ডাটা এন্ট্রি ইত্যাদি কর্মসূচী গ্রহণ করার পরিকল্পনা রয়েছে এবং শেয়ার ম্যানেজমেন্ট (Share Management), ফান্ড ম্যানেজমেন্ট (Fund Management), ট্রেডিং সিস্টেম (Trading System), পোর্টফোলিও ম্যানেজমেন্ট (Portfolio Management) জাতীয় সফটওয়্যারসমূহ মার্চেন্ট ব্যাংকসমূহের চাহিদা অনুযায়ী সরবরাহের পরিকল্পনা রয়েছে।

২০০১-২০০২ অর্থ বছরে কর্পোরেশনের কম্পিউটারায়নের ক্ষেত্রে অগ্রগতি নিম্নে দেয়া হলো।

১. কর্পোরেশনের জন্য স্বল্প ব্যয়ে একটি দ্রুত এবং কার্যকর যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে বর্তমান তথ্য-প্রযুক্তি যুগে ওয়েব সাইট উন্নয়ন ও স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অতি শীঘ্রই এ ওয়েব সাইটটি সকলের জন্য উন্মুক্ত করা হবে।

২. সিকিউরিটিজ লেন দেন সংক্রান্ত দৈনন্দিন কার্যাবলী সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার লক্ষ্যে একটি মারচেন্ডাইজিং সফটওয়্যার উন্নয়ন করা হয়েছে। উক্ত কাজকে আরো গতিশীল ও কার্যকর করার জন্য টেলিফোনের মাধ্যমে শেয়ার কেনা-বেচা করা, হিসাব সম্পর্কিত তথ্য গ্রহণ, পোর্টফোলিও সম্পর্কিত তথ্য গ্রহণ ইত্যাদির জন্য TTIS (Telephonic Transaction and Inquiry system) ক্রয় ও সংস্থাপন প্রক্রিয়াধীন রয়েছে।

৩. কর্পোরেশনের প্রধান কার্যালয়ে যে সকল সফটওয়্যার ব্যবহার করা হচ্ছে সেগুলো যাতে বিভিন্ন শাখাসমূহ অনুরূপভাবে ব্যবহৃত হতে পারে সে লক্ষ্যে প্রত্যেক শাখায় নতুন কিছু কম্পিউটার সরবরাহ করা হয়েছে এবং সেগুলোতে সকল কাজ সম্পাদনের জন্য প্রধান কার্যালয়ে স্থাপিত সফটওয়্যারসমূহ শাখা কার্যালয়ের কম্পিউটারে স্থাপন ও কর্মকর্তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। শাখায় বিদ্যমান কম্পিটারসমূহকে LAN (Local Area Network)-এর আওতাভুক্ত করা হচ্ছে যাতে File Sharing করা সম্ভব হয় ও কাজের গতি দ্রুততর হয়।

৪. প্রধান কার্যালয় এবং শাখাসমূহের মধ্যে দ্রুত যোগাযোগ এবং সহজে ডাটা আদান প্রদানের জন্য সকল শাখায়ই মেইল ব্যবহারের লক্ষ্যে ইন্টারনেট সংযোগ নেয়া হচ্ছে।

৫. আইসিবিতে বর্তমানে কর্মরত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের কারিগরী দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে Visual Basic Programming বিষয়ক একটি প্রশিক্ষণ কোর্স শুরু হতে যাচ্ছে। এর পাশাপাশি কম্পিউটার হার্ডওয়্যার-এর Trouble Shooting Ges Electronices বিষয়ক প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হয়েছে।

আইসিবি পুনর্গঠন

এশিয়ান উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ সরকার-এর উদ্যোগে সূচিত Capital Market Development Programme (CMDP)-এর অধীনে আইসিবির চলমান পুনর্গঠন

কার্যক্রমের আওতায় তিনটি সাবসিডিয়ারী কোম্পানী যথা- আইসিডিবি ক্যাপিট্যাল ম্যানেজমেন্ট লিঃ, আইসিবি এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ এবং আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানী লিঃ যথাক্রমে মারচেন্ট ব্যাংকিং, মিউচুয়াল ফান্ড পরিচালনা এবং সিকিউরিটি লেনদেন কার্যক্রমের জন্য গঠিত হয়েছে। কোম্পানিসমূহ কোম্পানি আইন ১৯৯৪-এর আওতায় ৫ ডিসেম্বর ২০০০ তারিখে রেজিস্টার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস-এ নিবন্ধিত হয়েছে। কার্যক্রম শুরু করার সনদও একই দিন পাওয়া গেছে।

আইসিবি অধ্যাদেশের সংশ্লিষ্ট ধারা অনুযায়ী কর্পোরেশন কোম্পানিসমূহের সকল অথবা অধিকাংশ শেয়ার ধারণ করবে এবং তাদের ব্যবসায়িক উদ্দেশ্য পর্যবেক্ষণ, তদারকি এবং কার্যফল নিয়ন্ত্রণ করবে। সাবসিডিয়ারী কোম্পানিসমূহ তাদের স্ব-স্ব মেমোরেন্ডাম এবং আর্টিকেল অব এসোসিয়েশন, কোম্পানি আইন ১৯৯৪ এবং অন্যান্য প্রযোজ্য প্রাসংগিক আইন দ্বারা পরিচালিত হবে। আইসিবি অধ্যাদেশ অনুযায়ী তিনটি কোম্পানিই সরকারী গেজেট নোটিফেকেশনের মাধ্যমে তাদের কার্যক্রম শুরু করবে। CDMP-এর অধীনে এডিবি কর্তৃক সুপারিশকৃত এবং সংশোধিত আইসিবি অধ্যাদেশের বিধান অনুযায়ী সাবসিডিয়ারী কোম্পানিসমূহ চালু হওয়ার পর আইসিবি কর্তৃক পরিচালিত ব্যবসায়িক কার্যক্রমসমূহ সম্প্রসারিত না করে বিদ্যমান ব্যবসাসমূহ পরিচালনা অব্যাহত রাখবে এবং নতুন ব্যবসা স্ব-স্ব সাবসিডিয়ারী কোম্পানি কর্তৃক সম্পাদিত হবে। আইসিবি'র অধীনে উক্ত তিনটি সাবসিডিয়ারী কোম্পানি গঠনের মাধ্যমে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার মৌলিক এবং কৌশলগত পরিবর্তনের মাধ্যমে দেশের পুঁজি বাজার শক্তিশালী হবে বলে আশা করা যাচ্ছে।

সাউথ এশিয়ান ডেভেলপমেন্ট ফান্ড (SADF)

সার্ক দেশসমূহে আঞ্চলিক প্রকল্প স্থাপনের সম্ভাব্যতা যাচাইকরণের জন্য প্রকল্প চিহ্নিতকরণসহ প্রকল্প উন্নয়নের লক্ষ্যে ১৯৯১ সালে সার্ক ফান্ড ফর রিজিওনাল প্রজেক্টস (SADF) গঠিত হয়। সার্কভুক্ত সদস্য দেশসমূহ এ তহবিলে ৫.০০ মিলিয়ন মার্কিন ডলার যোগান দিয়েছে। পরবর্তীতে সার্ক অঞ্চল উন্নয়নের লক্ষ্যে আন্তর্জাতিক তহবিল সহচালন/যোগান-এর উদ্দেশ্যে সার্ক-ফান্ড ফর রিজিওনাল প্রজেক্ট (SFRP) এবং সার্ক রিজিওনাল ফান্ড (SRF) সমন্বয়ে সাউথ এশিয়ান ডেভেলপমেন্ট ফান্ড (SADF) প্রতিষ্ঠা করা হয়। SADF হলো তিন প্রকোষ্ঠ বিশিষ্ট একটি ফান্ড। এগুলো হচ্ছে ঃ (১) প্রকল্প সনাক্তকরণ ও উন্নয়ন প্রকল্প (২) প্রাতিষ্ঠানিক ও মানব সম্পদ উন্নয়ন প্রকল্প (৩) সামাজিক ও অবকাঠামোগত উন্নয়ন প্রকল্প।

SADF একটি গভর্নিং বোর্ড দ্বারা পরিচালিত হচ্ছে। গভর্নিং বোর্ড সার্কভুক্ত দেশর নির্দিষ্ট আর্থিক প্রতিষ্ঠানের নির্বাহী প্রধান এবং প্রত্যেক দেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত। Nodal DFI হিসেবে আইসিবি SADF-এর গভর্নিং বোর্ড-এ প্রতিনিধিত্ব করছে। এ পর্যন্ত ফান্ডের গভর্নিং বোর্ডের ৬টি সভা অনুষ্ঠিত হয়েছে। বর্তমান চেয়ারম্যান নেপাল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশনের প্রধান নির্বাহী এবং সচিবালয়ও সেখানে অবস্থিত।

সাউথ এশিয়া রিজিওনাল ফান্ড (SARF)

সার্কভুক্ত দেশসমূহে বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে ১৯৯৭ সালে কমনওয়েলথ সম্মেলনে সাউথ এশিয়া রিজিওনাল ফান্ড নামে ২০০ মিলিয়ন মার্কিন ডলারের একটি উন্নয়ন তহবিল গঠনের ঘোষণা দেয়া হয়। পরবর্তীতে কমনওয়েলথ ডেভেলপমেন্ট কর্পোরেশনের (CDC) উদ্যোগে এ ফান্ড গঠিত হয় এবং মরিশাসে নিবন্ধিত হয়। এ ছাড়াও CDC-এ ফান্ডে ৫০ মিলিয়ন মার্কিন ডলার মূলধন হিসাবে বিনিয়োগ করেছে। সার্কভুক্ত দেশসমূহে বেসরকারী খাতের প্রকল্পে ইকুইটিতে এবং ইকুইটি সংশ্লিষ্ট খাতে দীর্ঘ মেয়াদি বিনিয়োগ করা এ তহবিলের উদ্দেশ্য। আইসিবি ইউনিট ফান্ড হতে সাউথ এশিয়া রিজিওনাল ফান্ড ১ মিলিয়ন মার্কিন ডলার সমানভাবে সাধারণ 'এ' শ্রেণীভুক্ত কোম্পানির শেয়ারে এবং ৮% অগ্রাধিকার শেয়ারে বিনিয়োগের জন্য অনুমোদন দিয়েছে। এ পর্যন্ত ৫ দফায় ৭২৮০০০ মার্কিন ডলার পরিশোধ করা হয়েছে, যার বিপরীতে ৭২৮ টি সাধারণ শেয়ার এবং ৭২৮টি ৮% অগ্রাধিকার শেয়ার আইসিবি ইউনিট ফান্ডের অনুকূলে ইস্যু হয়েছে। SARF-এ পর্যন্ত ১০টি আধুনিক প্রযুক্তি নির্ভর প্রকল্পে অর্থ বিনিয়োগ করেছে, যার মধ্যে বাংলাদেশের একটি সেলুলার ফোন কোম্পানি, গ্রামীণ ফোন লিঃ অন্তর্ভূক্ত যা বর্তমানে লাভজনক অবস্থানে রয়েছে।

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন

দেশের গৃহায়ন সমস্যা সমাধানের লক্ষ্যে আবাসিক বাড়ী নির্মাণ, সংস্কার এবং নির্মিত বাড়ীর রি-মডেলিং বা কাঠামোগত পরিবর্তনের জন্য ঋণ সুবিধা প্রদানের উদ্দেশ্যে ১৯৭৩ সালে জারীকৃত রাষ্ট্রপতির ৭ নম্বর আদেশ বলে ১৯৫২ সালে প্রতিষ্ঠিত হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন-কে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন হিসেবে পুনর্গঠিত করা হয়। কর্পোরেশনের ঋণ সুবিধা বর্তমানে উপজেলা সদর পর্যন্ত সম্প্রসারণ করা হয়েছে। কর্পোরেশনের অনুমোদিত ও পরিশোধিত মূলধন যথাক্রমে ১১০০ মিলিয়ন ও ৯৭৩ মিলিয়ন টাকা। বাংলাদেশ ব্যাংক, রাষ্ট্রায়ত্ত ও বেসরকারী বাণিজ্যিক ব্যাংক এবং বীমা কর্পোরেশনের নিকট সরকার কর্তৃক গ্যারান্টিযুক্ত ঋণ পত্র বিক্রয়ের মাধ্যমে কর্পোরেশন চলতি মূলধন সংগ্রহ করে থাকে। ৩০ জুন ২০০১ পর্যন্ত ডিবেঞ্চার বিক্রয়লব্ধ তহবিলের মোট স্থিতির পরিমাণ ছিল ১৬১৩২.৫০ (সাময়িক) মিলিয়ন টাকা। বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ও সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত পরিচালনা পর্ষদ দ্বারা কর্পোরেশন পরিচালিত হয়ে থাকে। সদর দফতর ছাড়াও বর্তমানে ঢাকায় ৪টি এবং চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট ও বরিশাল বিভাগীয় সদরে একটি করে মোট ৯টি জোনাল অফিস এবং বিভিন্ন জেলা সদরে কর্পোরেশনের ১৩টি আঞ্চলিক অফিস ও ৬টি ক্যাম্প অফিস চালু আছে।

কর্পোরেশনের ঋণের প্রকারভেদ

কর্পোরেশন থেকে বর্তমানে নিম্নোক্ত ছয় প্রকার ঋণ প্রদান করা হয়ে থাকে ঃ

১। সাধারণ ঋণ ঃ একক বা স্বামী ও স্ত্রীর যৌথ নামে,

২। গ্রুপ ঋণ ঃ একাধিক ব্যক্তির মালিকানাধীন প্লটে ফ্ল্যাট ভিত্তিক,

৩। ফ্ল্যাট/এ্যাপার্টমেন্ট ঋণ ঃ নির্মাণাধীন ফ্ল্যাট/ এ্যাপার্টমেন্ট ক্রয়ের জন্য,

৪। সমন্বিত ঋণ ঃ গ্রহীতার পূর্বের ঋণ সম্পূর্ণ সমন্বয়পূর্বক নকশা মোতাবেক বাড়ীর বাকী অংশের কাজ সম্পন্ন,

৫। মধ্যবিত্ত ও নিম্নবিত্তদের স্বল্প আয়তনের বাড়ী নির্মাণের জন্য,

৬। সেমিপাকা বাড়ী নির্মাণের জন্য।

২০০০-২০০১ অর্থ বছর শেষে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন-এর ঋণ ও অগ্রিমের স্থিতি দাঁড়ায় ২৮১৮২ মিলিয়ন টাকা, যা ৩১ মার্চ ২০০২ শেষে ২৮২২৫ মিলিয়ন টাকায় দাঁড়ায়। কর্পোরেশন চলতি অর্থ বছরের মার্চ ২০০২ পর্যন্ত ৯৩৭ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করে এবং ৮৬৯ মিলিয়ন টাকা বিতরণ করে।

কর্পোরেশনের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের ঋণ মঞ্জুরী, বিতরণ, আদায় এবং বকেয়া (Overdue) ঋণের স্থিতি সংক্রান্ত পরিসংখ্যান সারণি-২-এ দেয়া হলো।

উন্নয়ন কর্মকান্ড

ঋণ গ্রহীতাদের সহায়তাকল্পে এইচবিএফসি যে সমস্ত কল্যাণমূখী উন্নয়ন কার্যক্রম গ্রহণ করেছে তার সংক্ষিপ্ত বর্ণনা নিম্নে দেয়া হলো ঃ

১। ঋণের আবেদনকারীদের পরামর্শ ও উন্নত সেবা

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	১৯৯৯-২০০০	২০০০-২০০১	৩১ মার্চ ২০০২ মার্চ পর্যন্ত (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১১০০	১১০০	১১০০	১১০০
২।	পরিশোধিত মূলধন	৯৭৩	৯৭৩	৯৭৩	৯৭৩
৩।	রিজার্ভ ফান্ড	৬৯৩৩	৭৫৭৭	৭৯৮৯	৮১২৮
৪।	আমানত	২৩১২	১৮৮৫	১৩৪৩	১১৫০
৫।	ঋণ মঞ্জুরী	১২৪২	১২৯৩	৯৩৭	১৩০০
৬।	ঋণ বিতরণ	১২৭৫	১১০৫	৮৬৯	১২০০
৭।	ঋণ আদায়	২৩৩০	২৩৩৭	১৬৭০	২৪০০
৮।	মোট আয়	১৫৪৮	১৫৫৩	১১৯৩	১৫৯২
৯।	মোট ব্যয়	১৫৪৮	১৫৫৩	১১৯৩	১৫৯২
১০	নীট মুনাফা*	০	০	০	০
১১।	প্রদেয় কর	২৭৮	২৫০	১০০	২০০
১২।	ঋণ ও অগ্রিম	২৭২৩৭	২৮১৮২	২৮২২৫	২৮৩৫০
১৩।	মোট পরিসম্পদ	৩০২৭০	৩১৮৬১	৩১৯৩৯	৩২০৭৮
১৪।	শুরু থেকে ক্রমপুঞ্জিভূত				
	ক) ঋণ বিতরণ				
	খ) ঋণ আদায়				
১৫।	মোট জনশক্তি (সংখ্যায়)	৬১৬	৬০৫	৫৮৫	৫৭৯
	ক) কর্মকর্তা	৩০৪	৩০২	২৯১	২৮৯
	খ) কর্মচারী	৩১২	৩০৩	২৯৪	২৯০
১৬।	অফিস (সংখ্যায়)	২৮	২৮	২৮	২৮
	জোনাল	৯	৯	৯	৯
	রিজিওনাল	১৩	১৩	১৩	১৩
	ক্যাম্প	৬	৬	৬	৬

**= করপূর্ব মুনাফা কু-ঋণ সঞ্চিতির সাথে সমন্বয়ের পরে নীট মুনাফা প্রদর্শন করা হয়েছে। উল্লেখ্য, ১৯৯৯-২০০০ অর্থ বছর থেকে ঋণ শ্রেণী বিন্যাসকরণ চালু হয়েছে।*

দানের লক্ষ্যে সদর দফতরসহ প্রতিটি জোনাল অফিসে "কাউন্সেলিং কাউন্টার" খোলা হয়েছে;

২। নিয়মিত ঋণ পরিশোধকারীদের বছরান্তে চার্জকৃত সুদের উপর শতকরা ১৫ ভাগ ইনসেনটিভ প্রদানের রীতি চালু রয়েছে;

৩। ঋণ আদায়ের হার বৃদ্ধির লক্ষ্যে কর্পোরেশনের সদর দফতরে টাস্কফোর্স গঠন করা হয়েছে এবং এ ফোর্সের সদস্যবৃন্দ ব্যক্তিগত যোগাযোগ, মনিটরিং ও ফলোআপ ব্যবস্থার মাধ্যমে আদায়ের হার বৃদ্ধিতে সচেষ্ট থাকবে;

সারণি-২

বছর ভিত্তিক ঋণ মঞ্জুরী, বিতরণ, আদায়, বকেয়া ঋণের স্থিতির পরিমাণ

(মিলিয়ন টাকায়)

অর্থ বছর	ঋণ মঞ্জুরী	বিতরণ	আদায়	মোট বকেয়া স্থিতি
১৯৯৯-২০০০	১২৪২	১২৭৫	২৩৩০	৩৩৪৯
২০০০-২০০১	১২৯৩	১১০৫	২৩৩৭	৩৪১৫
২০০১-২০০২* (মার্চ ২০০২ পর্যন্ত)	৯৩৭	৮৬৯	১৬৭০	৩৬৭০
২০০১-২০০২**	১৩০০	১২০০	২৪০০	৩৭৫৫

* সাময়িক। ** প্রাক্কলিত।"

৪। রিবেট আকারে ইনসেনটিভ প্রদান করা সত্ত্বেও যে সকল ঋণ গ্রহীতা ঋণ পরিশোধে উদ্বুদ্ধ হয় না তাদেরকে পর্যায়ক্রমে তাগিদপত্র, শো-কজ, লিগ্যাল নোটিশ ও সর্বশেষ ব্যবস্থা হিসেবে ঋণ আদায়ের নিমিত্তে মামলা দায়ের করা হচ্ছে;

৫। কিস্তি রিশিডিউলের মাধ্যমে ঋণের বকেয়া নিয়মিত করার সুযোগ প্রদান করা হয়েছে;

৬। মাসের ১৫ তারিখের মধ্যে কিস্তি পরিশোধ করা হলে ঐ মাসের আসলের কিস্তির উপর সুদ চার্জ করা হয় না যা ইনসেনটিভ হিসেবে গণ্য করা যায়;

৭। মাসিক কিস্তি প্রতি মাসে পরিশোধ না করেও ডিসেম্বর মাসে পূর্ববর্তী ছয় মাসের (ডিসেম্বর মাসসহ) এবং জুন মাসে পূর্ববর্তী ছয় মাসের (জুন মাসসহ) কিস্তি পরিশোধ করা হলেও ইনসেনটিভ প্রদান করা হয়;

৮। মেয়াদোত্তীর্ণ বকেয়া ঋণ পরিশোধ উৎসাহিত করার লক্ষ্যে নানা পদ্ধতিতে পুনঃতফসীল (রিশিডিউল) করে ঋণের কিস্তি পুনর্নির্ধারণ করে ঋণ হিসাব হালনাগাদ করে দেয়া হয়;

৯। যে সমস্ত খেলাপী ঋণ গ্রহীতা ইতোপূর্বে ঋণ পুনঃতফসীল সুবিধা গ্রহণ করেননি তাঁরা মেয়াদোত্তীর্ণ (ওভারডিউ) ঋণের ১০% এবং মামলাধীন ঋণের ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ ঋণের ১৫% জমা দিয়ে ঋণ পুনঃতফসীল সুবিধা গ্রহণ করতে পারে;

১০। যে সমস্ত খেলাপী ঋণ গ্রহীতা ইতোপূর্বে ঋণ পুনঃতফসীল সুবিধা গ্রহণ করেছেন, তারা ২৪ কিস্তির জন্য ৪ কিস্তি, পরবর্তী ১২ কিস্তির জন্য ঢাকা ও চট্টগ্রামের ক্ষেত্রে ২ কিস্তি এবং অন্যান্য এলাকার ক্ষেত্রে ১ কিস্তি করে জমা দিয়ে পুনরায় ঋণ পুনঃতফসীল সুবিধা গ্রহণ করতে পারেন।

সুদের হার ও কিস্তি পরিশোধের মেয়াদ

ঢাকা ও চট্টগ্রাম মহানগরী এলাকায় ১৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণের বার্ষিক সুদের হার ১৩% এবং ১৫ লক্ষ টাকার উর্ধ্বে ঋণের বার্ষিক সুদের হার ১৫%। দেশের অন্যান্য এলাকায় সিলিং নির্বিশেষে ঋণের সুদের হার ১০%। এ সুদ সরল সুদ বিধায় কোন অবস্থাতেই সুদের উপর সুদ আরোপ করা হয় না। কর্পোরেশনের ঋণের কিস্তি পরিশোধের মেয়াদ ১৫ বছর। তবে মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্তদের জন্য স্বল্প আয়তনের ফ্ল্যাট ঋণ স্কীমের মেয়াদ ২০ বছর। এলাকাভেদে ঋণের সিলিং বর্তমানে সর্বনিম্ন ২.৭০ লক্ষ টাকা হতে সর্বোচ্চ ২৫ লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে।

সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড (সাবিনকো)

বাংলাদেশ এবং সৌদি আরবের মধ্যে বিদ্যমান ভ্রাতৃত্ববোধের নিদর্শন স্বরূপ এবং বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের গতিকে যৌথ প্রচেষ্টায় আরো ত্বরান্বিত করার উদ্দেশ্যে সৌদি আরব এবং বাংলাদেশ সরকারের অর্থমন্ত্রী পর্যায়ে ১৫ মে ১৯৮৩ সালে এক প্রোটোকল স্বাক্ষরের মাধ্যমে সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড (সাবিনকো) স্থাপনের সূচনা হয়। এ চুক্তি মোতাবেক এবং কোম্পানী আইন ১৯১৩ অনুযায়ী একটি প্রাইভেট লিমিটেড কোম্পানী হিসেবে ২৪ জুন ১৯৮৪ সালে সাবিনকো আত্মপ্রকাশ করে ঢাকায় প্রধান কার্যালয় স্থাপন করে । ১৯৮৬ সালে এর কার্যক্রম শুরু হয়।

সাবিনকো'র মূল উদ্দেশ্য হচ্ছে বাণিজ্যিক ভিত্তিতে শিল্প এবং কৃষি ভিত্তিক শিল্পে বিনিয়োগ করে এগুলো পরিচালিত করা এবং দেশে বিদেশে পণ্য দ্রব্য ও সেবার বিপণন করা। এছাড়া সাবিনকো বিদ্যমান শিল্প কারখানাগুলোর অভ্যন্ত

সাবিনকো'র অর্থায়নে পরিচালিত একটি টেক্সটাইল মিল

ক্ষীণ সুষমকরণ, আধুনিকীকরণ, যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সম্প্রসারণ কল্পে শিল্প ঋণের যোগান দিয়ে থাকে। সাবিনকো নিজের তত্ত্বাবধানে অথবা সহযোগী প্রতিষ্ঠান স্থাপন করে বিশেষ কোন প্রকল্প পরিচালনায়ও সহায়তা প্রদান করতে পারে।

সাবিনকো'র অনুমোদিত মূলধনের পরিমাণ ৬০ মিলিয়ন মার্কিন ডলার। এ যাবত সৌদি এবং বাংলাদেশ সরকার সমভাবে ৬০ মিলিয়ন মার্কিন ডলার পরিশোধ করেছে। বর্তমানে ছয় জন সদস্য নিয়ে কোম্পানীর বোর্ড গঠিত, তন্মধ্যে বোর্ডের চেয়ারম্যান এবং দুজন সদস্য সৌদি সরকার কর্তৃক এবং ডেপুটি চেয়ারম্যান ও অপর দুজন সদস্য বাংলাদেশ সরকার কর্তৃক মনোনীত।

বিনিয়োগ নীতিমালা

বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত শিল্প বিনিয়োগ নীতিমালার আওতায় কৃষিভিত্তিক শিল্পসহ বিবিধ শিল্প স্থাপন, সম্প্রসারণ/উন্নয়ন কার্যক্রমে সাবিনকো আর্থিক সহায়তা প্রদান করে থাকে। সাবিনকো বাণিজ্যিকভাবে লাভজনক বিনিয়োগ প্রস্তাবনা বিবেচনা করে থাকে। তবে নিম্নে উল্লেখিত প্রকল্পসমূহকে অগ্রাধিকার দেয়া হয়ে থাকেঃ

ক) যেসব প্রকল্প স্থানীয় কাঁচামাল ব্যবহার করে থাকে এবং যাদের উৎপাদিত পণ্যের রপ্তানি বাজার বিদ্যমান;

খ) যেসব প্রকল্প মূলতঃ স্থানীয় কাঁচামাল ব্যবহার করে থাকে এবং স্থানীয় বাজারে অপরিহার্য চাহিদা পূরণ করে;

গ) যেসব প্রকল্প আমদানিকৃত কাঁচামাল ব্যবহার করে কিন্তু উৎপাদিত পণ্যের রপ্তানি বিদ্যমান এবং

ঘ) যেসব প্রকল্প আমদানিকৃত কাঁচামাল ব্যবহার করা অপরিহার্য অথচ আমদানি বিকল্প পণ্য হিসেবে স্থানীয় চাহিদা পূরণ করে।

উপরোল্লিখিত ক্ষেত্রে যে সমস্ত প্রকল্প শ্রমনিবিড় এবং অগ্র-পশ্চাৎ সম্পর্ক সমৃদ্ধবহুল, সেসব প্রকল্পসমূহকে অর্থায়নের ক্ষেত্রে সাবিনকো সর্বাধিক প্রাধান্য দিয়ে থাকে।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন (মিলিয়ন মার্কিন ডলারে)	৬০	৬০	৬০	৬০
২।	পরিশোধিত মূলধন (মিলিয়ন মার্কিন ডলারে)	৬০	৬০	৬০	৬০
৩।	রিজার্ভ ফান্ড	১০৭৪	১২০৫	-	-
৪।	আমানত	-	-	-	-
	ক) তলবি আমানত	-	-	-	-
	খ) মেয়াদি আমানত	-	-	-	-
৫।	ঋণ ও অগ্রিম	২২৩০	২০৯৪	২১৫০	-
৬।	বিনিয়োগ	১০০৮	৯২৫	-	-
৭।	মোট পরিসম্পদ	৪২৫৩	৪৪২৯	-	-
৮।	মোট আয়	১৯৪	২৭২	-	-
৯।	মোট ব্যয়	৫৯	৫৬	-	-
১০।	মোট জনশক্তি (সংখ্যায়)	৪৫	৪২	-	-
	ক) কর্মকর্তা	১৫	১৪	-	-
	খ) কর্মচারী	৩০	২৮	-	-
১১।	শাখা (সংখ্যায়) দেশে	১	১	১	-

সারণি-২

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ		কৃষি	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
			মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০০							
	বিতরণ	২	১৪০	-	১৪০	১	১৪২
	আদায়	২০০৩০	২৪১	-	২৪১	-	২৭১
২০০১							
	বিতরণ	১২	৮১	-	৮১	-	৯৩
	আদায়	২৭	৪২৪	-	৪২৪	-	৪৫১
৩১ মার্চ ২০০২*							
	বিতরণ	৩	১০	-	১০	-	১৩
	আদায়	-	৪৪	-	৪৪	-	৪৪
৩০ জুন ২০০২**							
	বিতরণ	-	-	-	-	-	-
	আদায়	-	-	-	-	-	-

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৩

শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকা)

ঋণ মঞ্জুরী		শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ ডিসেম্বর ২০০১ তারিখে				
	প্রকল্প সংখ্যা	৪৬	-	৪৬
	পরিমাণ	৩৪৮৩	-	৩৪৮৩
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত				
	প্রকল্প সংখ্যা	১	-	১
	পরিমাণ	১০	-	১০
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ মার্চ ২০০২ তারিখে				
	প্রকল্প সংখ্যা	৪৬	-	৪৬
	পরিমাণ	৩৪৮৩	-	৩৪৮৩
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০২ পর্যন্ত				
	প্রকল্প সংখ্যা	-	-	-
	পরিমাণ	-	-	-
১ জানুয়ারি হতে ৩১ জুন ২০০২* পর্যন্ত				
	প্রকল্প সংখ্যা -	-	-	
	পরিমাণ -	-	-	

* প্রাক্কলিত।

সারণি-৪

খাত ভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ঃ	২৩৪	২৪০	২৪৩	-
	ক) শস্য	-	-	-	-
	খ) শস্য ব্যতীত অন্যান্য	২৩৪	২৪০	২৪৩	-
২।	শিল্প :	১৯৯৬	১৮৫৪	১৯০৭	-
	ক) বৃহৎ ও মাঝারি	১৯৯৬	১৮৫৪	১৯০৭	-
	খ) ক্ষুদ্র ও কুটির	-	-	-	-
৩।	পাইকারী/খুচরা বাণিজ্য এবং রেস্তোরা/হোটেল	-	-	-	-
৪।	বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা	৫৪০	৫৫৫	৪৬৪	৪৮৯
৫।	পরিবহন ও যোগাযোগ	-	-	-	-
৬।	বিশেষ ঋণ কর্মসূচি ঃ	-	-	-	-
	ক) দারিদ্র বিমোচন	-	-	-	-
	খ) অন্যান্য	-	-	-	-
৭।	অন্যান্য	-	-	-	-
	সর্বমোট	২২৩০	২০০৯৪	২১৫০	-

অর্থায়ন পদ্ধতি

ক) মেয়াদি ঋণ প্রদান (মধ্যম/দীর্ঘ মেয়াদি) দেশীয় এবং বৈদেশিক মুদ্রা।
খ) সরাসরি মূলধন বিনিয়োগ।
গ) শেয়ার এবং ডিবেঞ্চারে পাবলিক ইস্যু অবলেখন (Underwriting)।
ঘ) প্রাইভেট ফান্ড প্লেসমেন্ট সিন্ডিকেশন-এর ব্যবস্থাকরণ এবং এ রকম প্লেসমেন্ট-এ অংশগ্রহণ।
ঙ) মূলধন বাজারে লেনদেন।
চ) বিনিয়োগ তহবিল গঠন ও তার তদারকিকরণ।

ঋণের অনুমোদন এবং বিতরণ

সাবিনকো শুরু থেকে ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত বিভিন্ন শিল্প স্থাপনের জন্য মোট ৪৬টি প্রকল্পে বিভিন্ন ধরনের আর্থিক সহায়তা প্রদান করেছে। অর্থায়িত ৪৬টি প্রকল্পে সাবিনকো ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত ১১টি শিল্প উপ-খাতে দেশী ও বিদেশী মুদ্রায় সর্বমোট ৩৪৮৩ মিলিয়ন টাকা মঞ্জুর করেছে। এ মঞ্জুরীকৃত ঋণের ২৩% বস্ত্র খাতে, ১৮% রসায়ন, ঔষধ এবং সহযোগী খাতে এবং ১২% মৎস্য/চিংড়ী চাষে মঞ্জুর করা হয়েছে। আর্থিক সহায়তা প্রদানকারী অন্যান্য খাত হলোঃ কাঁচ/সিরামিক, সিমেন্ট, চামড়াজাত দ্রব্য, মৎস্য চাষ সহায়ক প্রকল্প, প্রকৌশল, দুগ্ধ/ফল, খেলনা/তাবু/ব্যাগ এবং কাগজ।

সাবিনকো'র অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়

২০০১ সালে সাবিনকো ৯৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ৪৫১ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ১৪২ মিলিয়ন টাকা এবং ২৭১ মিলিয়ন টাকা। সাবিনকো'র ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

সাবিনকো'র শিল্প প্রকল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরীর অবস্থা এবং খাত ভিত্তিক ঋণের স্থিতি যথাক্রমে সারণি ৩ ও ৪-এ দেয়া হলো।

ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট লীজিং কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড (আইডিএলসি)

দেশের উৎপাদনশীল খাত এবং শিল্পোন্নয়নে সহায়তা প্রদানের লক্ষ্যে "কোম্পানী এ্যাক্ট, ১৯১৩"-এর আওতায় ২৩ মে ১৯৮৫ সালে একটি পাবলিক লিমিটেড কোম্পানী হিসেবে আইডিএলসি (IDLC) প্রতিষ্ঠিত হয়। এ কোম্পানীটি বিশ্ব ব্যাংকের সহযোগী প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন (IFC) সহ ৫টি বিদেশী এবং ৩টি দেশী আর্থিক প্রতিষ্ঠানের (ব্যাংক ও বীমা কোম্পানী) উদ্যোগে প্রতিষ্ঠিত হয়েছে। ১৯৯৩ সালে আইডিএলসি জনসাধারণের জন্যে শেয়ার ইস্যু করে। ২০০১ সালে কোম্পানীর অনুমোদিত মূলধন, পরিশোধিত মূলধন ও রিজার্ভ ফান্ড যথাক্রমে ১০০০ মিলিয়ন, ১৫০ মিলিয়ন এবং ৩১৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ৫ টি বিদেশী আর্থিক প্রতিষ্ঠান কোম্পানীটির ৪৫ শতাংশ এবং জনসাধারণসহ ১৪টি স্থানীয় আর্থিক প্রতিষ্ঠান কোম্পানীটির ৫৫ শতাংশ শেয়ারের মালিক। কোম্পানী ১৯৯০ সালে চট্টগ্রামে একটি শাখা প্রতিষ্ঠার মাধ্যমে

কোম্পানীর আর্থিক সহায়তায় প্রতিষ্ঠিত একটি ইস্পাত কারখানা

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)	৩০ জুন ২০০২ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	১০০০	১০০০	১০০০
২।	পরিশোধিত মূলধন	১৫০	১৫০	১৫০	১৫০
৩।	রিজার্ভ ফান্ড	২২৭	৩১৩	৩৩৩	৩৫২
৪।	আমানত	৩৮৬	৭২৮	৭৯৯	৮৩০
	ক) তলবি আমানত	-	-	-	-
	খ) মেয়াদি আমানত	৩৮৬	৭২৮	৭৯৯	৮৩০
৫।	ঋণ ও অগ্রিম লীজ ফাইন্যান্স ও ডাইরেক্ট ফাইন্যান্স)	৩৫৯৯	৪২৯৪	৪২৮৮	৪৫৬৫
৬।	বিনিয়োগ	১	৬২	৬০	৭৫
৭।	মোট পরিসম্পদ	৩৮৯১	৪৫৫৯	৪৪৯৪	৪৭৪২
৮।	মোট আয়	১১৩৮	১৪৫৮	৩৭৩	৮০৬
৯।	মোট ব্যয়	৯৯৩	১২৮১	৩৩৪	৭১৫
১০।	মোট জনশক্তি (সংখ্যায়)	৬৯	৭০	৬৯	৭০
	ক) কর্মকর্তা	৩৭	৩৫	৩৫	৩৬
	খ) কর্মচারী	৩২	৩৫	৩৪	৩৪
১১।	শাখা (সংখ্যায়)	১	১	১	১
	ক) বাংলাদেশে	১	১	১	১
	খ) বিদেশে	-	-	-	-

ব্যবসাকে আরো সম্প্রসারণ করে।

আইডিএলসি গত ১৭ বছর ধরে লীজিংকে অর্থায়নের একটি বিকল্প ধারা হিসেবে প্রতিষ্ঠা করার পাশাপাশি দেশের শিল্পায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হয়েছে। উন্নত এবং দ্রুত গ্রাহক সেবার পাশাপাশি উৎপাদনশীল ও চিকিৎসা যন্ত্রপাতিসহ সব ধরনের খাতে ফিন্যান্সিয়াল লীজ প্রদান করে থাকে। এশিয়ার বৃহত্তম কোম্পানীগুলোর মধ্যে অন্যতম কোরিয়া ডেভেলপমেন্ট লীজিং কর্পোরেশন আইডিএলসি-কে লীজিং বিষয়ে সব ধরনের কারিগরী সহযোগিতা দিয়ে আসছে।

আইডিএলসি একটি বহুমুখী আর্থিক প্রতিষ্ঠান হিসেবে নিজেকে প্রতিষ্ঠা করার জন্য সদা সচেষ্ট, ফলশ্রুতিতে ১৯৯৭ সালে কোম্পানী গৃহায়ন ঋণ ও স্বল্প মেয়াদি ঋণসমূহ চালু করেছে। স্বল্প মেয়াদি ঋণের আওতায় গ্রাহকরা তাদের চাহিদা অনুযায়ী বিভিন্ন ধরনের স্বল্প মেয়াদি আর্থিক সহায়তা যেমন ঃ ইন্টার কর্পোরেট ডিপোজিট (ICD), বিল/ইনভয়েস ডিসকাউন্টিং ইত্যাদি সেবা পেয়ে থাকে। গৃহায়ন ঋণ প্রকল্পের আওতায় আইডিএলসি গ্রাহকদের নতুন ফ্ল্যাট ক্রয়, নিজস্ব বাড়ী মেরামত/বর্ধিতকরণ, ব্যবসা প্রতিষ্ঠান অথবা পেশাজীবীদের জন্য অফিস চেম্বার/শো-রুম ক্রয়, বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মচারীদের আবাসন প্রকল্প এবং রিয়েল এস্টেট ব্যবসায়ীদের নতুন এ্যাপার্টমেন্ট তৈরী করার জন্য ঋণ সুবিধা প্রদান করে থাকে।

জানুয়ারি ১৯৯৮ সালে সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন

সারণি-২

খাত ভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ					(গৃহে অর্থায়ন)	সর্বমোট
		লীজ ফাইন্যান্সিং	মেয়াদি ঋণ	চলতি মূলধন	ব্রীজ ফাইন্যান্স	মোট		
২০০০								
বিতরণ	-	১১৯১	১০	১২৬০	১০৬	২৫৬৭	১৫৮	২৭২৫
আদায়	-	১০৩৪	২	৯৪৪	৮৭	২০৬৭	৬১	২১২৮
২০০১								
বিতরণ	-	১৩৮৯	০	১৭৮০	৪৩	৩২১৩	২০৯	৩৪২২
আদায়	-	১১৬১	৩	১৫৯৩	৩	২৭৬০	৬৪	২৮২৪
৩১ মার্চ ২০০২*								
বিতরণ	-	২২৯	০	৪৭১	০	৭০০	৩১	৭৩১
আদায়	-	৩০৬	২	৫০১	১৬	৮২৪	২৪	৮৪৯
৩০ জুন ২০০২**								
বিতরণ	-	৫৫৯	১০	৯৯৬	২০	১৫৮৫	১৩৪	১৭১৯
আদায়	-	৪৬৪	২	৯১৬	৪৪	১৪২৬	৩৭	১৪৬৩

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৩

শিল্পের আকার ভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকা)

ঋণ মঞ্জুরী		শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ ডিসেম্বর ২০০১ তারিখে	প্রকল্প সংখ্যা	১৭৫৭	৭৩৯	২৪৯৬
	পরিমাণ	৯৪৩৭	২৮০২	১২২৩৮
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০১ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	১৭৯	৮১	২৬০
	পরিমাণ	২৩৬৯	৮৪৪	৩২১২
ক্রমপুঞ্জিভূতঃ ৩১ মার্চ ২০০২ তারিখে	প্রকল্প সংখ্যা	১৮০২	৭৬৬	২৫৬৮
	পরিমাণ	৯৯১৬	৩০২২	১২৯৩৮
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০২ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	৪৫	২৭	৭২
	পরিমাণ	৪৭৯	২২০	৭০০
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০২** পর্যন্ত	প্রকল্প সংখ্যা	-	-	-
	পরিমাণ	১০২৬	৫৫৯	১৫৮৫

* প্রাক্কলিত।

সারণি-৪

খাত ভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০০	২০০১	৩১ মার্চ ২০০২ (সাময়িক)
১।	কৃষি ও মৎস্য ঃ	-	১৩	১৩
	ক) শস্য	-	১৩	১৩
	খ) অন্যান্য	-	-	-
২।	শিল্প ঃ	২৫৩৩	২৫৪২	২৬২০
	ক) বৃহৎ ও মাঝারি	২০৭৭	২২৩৭	২০৯৬
	খ) ক্ষুদ্র ও কুটির	৪৫৬	৩০৫	৫২৪
৩।	পাইকারী/খুচরা বাণিজ্য এবং রেস্তোরা/হোটেল	৫	৩	৬
৪।	বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা	৪৯৭	৩৮৭	৩৯৯
৫।	পরিবহন ও যোগাযোগ	৩৪৩	৬৭৫	৬৮১
৬।	বিশেষ ঋণ কর্মসূচি ঃ	-	-	-
	ক) দারিদ্র বিমোচন	-	-	-
	খ) অন্যান্য	-	-	-
৭।	অন্যান্য	২২১	৬৭৪	৫৬৭
	সর্বমোট	৩৫৯৯	৪২৯৪	৪২৮৮

কর্তৃক মার্চেন্ট ব্যাংক হিসেবে লাইসেন্স প্রাপ্ত হয়ে আইডিএলসি ১৯৯৯ সালের গোড়া থেকেই আনুষ্ঠানিকভাবে আন্ডার রাইটিং, ইস্যু ম্যানেজমেন্ট, প্রাইভেট প্লেসমেন্ট অব স্টকস, লোন/লীজ সিন্ডিকেশন সার্ভিসের ব্যবস্থাকরণসহ অন্যান্য আনুষঙ্গিক সেবাসমূহ প্রদান করছে।

আইডিএলসি'র ঋণ ও অগ্রিমের এবং মোট পরিসম্পদের পরিমাণ ২০০১ সাল শেষে যথাক্রমে ৪২৯৪ মিলিয়ন টাকা ও ৪৫৫৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। একই সময়ে কোম্পানীর মোট জনশক্তি ছিল ৭০ জন।

আইডিএলসি-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়

২০০১ সালে আইডিএলসি লীজ অর্থায়ন, চলতি মূলধন, ব্রীজ ফাইনান্স ও গৃহ অর্থায়নের অধীনে যথাক্রমে ১৩৮৯ মিলিয়ন টাকা, ১৭৮০ মিলিয়ন টাকা, ৪৩ মিলিয়ন টাকা এবং ২০৯ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে এবং উক্ত খাতসমূহে যথাক্রমে ১১৬১ মিলিয়ন টাকা, ১৫৯৩ মিলিয়ন টাকা, ৩ মিলিয়ন টাকা ও ৬৪ মিলিয়ন টাকা আদায় করেছে।

কোম্পানীটির ঋণ বিতরণ ও আদায় সম্পর্কিত বিবরণী সারণি-২-এ দেয়া হলো।

জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লিমিটেড

আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ অনুযায়ী যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লিমিটেড এপ্রিল ১৯৯৬ সাল হতে বাংলাদেশে তাদের কার্যক্রম শুরু করে। প্রতিষ্ঠিত দেশী ও বিদেশী উদ্যোক্তা এবং আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠানের যৌথ উদ্যোগে এটি প্রতিষ্ঠিত হয়েছে। ২৪ আগস্ট ১৯৯৯ সালে কোম্পানীটি সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন অব বাংলাদেশ হতে মার্চেন্ট ব্যাংকার হিসেবে অনুমোদনপ্রাপ্ত হয়। কোম্পানীটির অফিস ঢাকায় অবস্থিত এবং মার্চ ২০০২ পর্যন্ত এতে কর্মরত লোকের সংখ্যা ৩০ জনে দাঁড়ায়। মার্চ

সারণি-১

